করোনার এ সংকটেও প্রথম আলো উত্তর আমেরিকা আছে আপনাদের পাশে। সবাই সুস্থ ও নিরাপদ থাকুন। সংক্রমণরোধে নিয়মকানুন মেনে চলুন।

প্রথম আলো

Prothom Alo North America

11 November 2021, Thursday, 5th Year, Issue 243, 40 Pages

নিউইয়র্কে বিউটি দাসের সফল কনসার্ট
পৃষ্ঠা: ২৪

১১ নভেম্বর ২০২১, ২৭ কার্তিক ১৪২৮, ৬ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার, বর্ষ ৫, সংখ্যা ২৪৩, পৃষ্ঠা: ৪০

বাইডেনের গণতন্ত্র শীর্ষ সম্মেলনে বাংলাদেশ নেই

ইব্রাহীম চৌধুরী

তুরস্ক, আজারবাইজানের মতো দেশের সাথে বাংলাদেশেরও নাম নেই মার্কিন প্রেসিডেন্ট জো বাইডেন আহুত গণতন্ত্র শীর্ষ সম্মেলনে। আগামী ৯ ও ১০ ডিসেম্বর প্রেসিডেন্ট বাইডেন 'গণতন্ত্র শীর্ষ সম্মেলন' আহ্বান করেছেন। ভার্চুয়াল এ সম্মেলনে ১০০টিরও বেশি দেশকে আমন্ত্রণ জানানো হয়েছে। এ তালিকায় ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীসহ মালদ্বীপ, নেপাল ও পাকিস্তান আমন্ত্রণ পেয়েছে। তিনটি বিষয়কে সমনে রেখে গণতন্ত্র বিষয়ক শীর্ষ সম্মেলন আহ্বান করা হয়েছে। এ বিষয়গুলো হচ্ছে, কর্তৃত্ববাদের বিরুদ্ধে অবস্থান সংহত করা, দুর্নীতির বিরুদ্ধে লড়াই করা এবং মানবাধিকারের প্রতি সম্মান বৃদ্ধি।

মার্কিন সংবাদমাধ্যম পিলিটিকো প্রথম

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

জো বাইডেন

গণতন্ত্রমনা এ দেশের তালিকায় বাংলাদেশ কেন আমন্ত্রণ পায়নি, এ নিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস বা ঢাকার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কাছে কোন তথ্য নেই।

নিউইয়র্ক সিটিতে পর্যটকেরা আবার আসতে শুরু করেছেন। তাঁদের স্বাগত জানাতে করা হয়েছে নানা আয়োজন। ম্যানহাটনের ৪০ এবং ৪২ এভিনিউর পাশ ঘিরে ব্রায়ান্ট পার্কে বসানো হয়েছে উৎসব মৌসুমের অস্থায়ী দোকানপাট। মহামারি পেরুনো নিউইয়র্ক এই ছুটির মৌসুমে আবার জমে উঠবে, এমন প্রত্যাশা সবার চোখে-মুখে। ছবি : সৈয়দ মাসুদুল কবির

সুরেন্দ্র কুমার সিনহা

এসকে সিনহার ১১ বছরের কারাদণ্ড

উত্তর আমেরিকা ডেস্ক

মানি লন্ডারিং ও অর্থ আত্মসাৎ মামলায় বাংলাদেশের সাবেক প্রধান বিচারপতি সুরেন্দ্র কুমার সিনহাকে (এসকে সিনহা) ১১ বছরের কারাদণ্ড দিয়েছেন দেশটির আদালত। তাঁকে মানি লন্ডারিংয়ে সাত বছর আর অর্থ আত্মসাতের মামলায় চার বছরের কারাদণ্ড দেয়া হয়েছে। ৯ নভেম্বর ঢাকার বিশেষ জজ আদালত-৪-এর বিচারক শেখ নাজমুল আলম এ আদেশ দেন।

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

এ দফাও কী ঘুরে দাঁড়াতে পারবেন প্রেসিডেন্ট বাইডেন?

রহমান মাহবুব

প্রেসিডেন্ট জো বাইডেনের জন্য রাজনীতি কখনো উর্ধ্বমূখী সরলরেখা অনুসরণ করেনি। ক্ষমতাগ্রহণের প্রথম বছরেই বিপত্তিতে পড়লেও তাঁর সমর্থকেরা মনে কেন ঠিকই তিনি উতরে যাবেন। আরেকবার ঘুরে দাঁড়াবেন এবং আমেরিকার রাজনীতিতে ডেমোক্র্যাট দলের জন্য ভবিষ্যৎ যতটা কঠিন মনে হচ্ছে, ততটা নাও হতে পারে বলে তাঁরা মনে করছেন।

গত ২ নভেম্বর নির্বাচনের ফলাফল প্রেসিডেন্ট জো বাইডেনের পক্ষে যায়নি। ভার্জিনিয়াসহ নিউজার্সির গভর্নর নির্বাচনে ফলাফল অনেকটাই মুষড়ে পড়ার মতো অবস্থার সৃষ্টি করেছিল। কিছু একটা দ্রুত করার তাগিদ থেকেই হয়ত এক দশমিক দুই ট্রিলিয়ন ডলারের পরিকাঠামো আইন কংগ্রেসে পাস করা সম্ভব হয়েছে।

ডেমোক্র্যাট দলের কিছু অতি উদারপন্থীদের বেঁকে বসার পরও

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

নিউইয়র্ক সিটি

বাংলাদেশী ১২০ ট্রাফিক এজেন্ট নতুন কাজে যোগ দিয়েছেন

উত্তর আমেরিকা অফিস

নিউইয়র্ক সিটির ট্রাফিক বিভাগে বাংলাদেশীদের অন্তর্ভূক্তি বেড়েই চলেছে। সম্প্রতি অনুষ্ঠিত নবাগত ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্টদের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে ১৮১ জনের মধ্যে ১২০ ট্রাফিক

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

ভোট নিয়ে নয়ন-আলী প্যানেলের সংশয়, উদ্বেগ নেই রব-রুহুলের

বাংলাদেশ সোসাইটির নির্বাচন

মনজুরুল হক

আগামী ১৪ নভেম্বর আমেরিকায় বাংলাদেশ সোসাইটির নির্বাচন। নানা জটিলতার কারণে তিন বছর পর নির্বাচন অনুষ্ঠিত হচ্ছে। প্রতিদ্বন্দ্বী দুই প্যানেল নয়ন-আলী পরিষদ এবং রব-রুহুল পরিষদ নির্বাচনে জয় পেতে প্রচারণা ও নানা কার্যক্রম চালাচ্ছে। তবে নির্বাচনকে ঘিরে দুই প্যানেলের মধ্যে উত্তেজনাও বিরাজ করছে। উভয় প্যানেলই জয়ের ব্যাপারে আশাবাদী হলেও নয়ন-আলী পরিষদ সুষ্ঠু নির্বাচন নিয়ে শঙ্কায় আছে। অপর প্যানেলের বিরুদ্ধে জামায়াত সংশ্লিষ্টতার অভিযোগও তুলেছে নয়ন-আলী পরিষদ। তবে সব শঙ্কা ও অভিযোগ উড়িয়ে দিয়েছে রব-রুহুল পরিষদ।

মনোনয়নপত্র বাতিল হওয়ার কারণে

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ৪

নিউইয়র্কে হোম কেয়ার প্রতিষ্ঠানে পরিবর্তন আসছে

আবদুস শহীদ

নিউইয়র্কে স্বাস্থ্যসেবা খাতে পরিচিত প্রতিষ্ঠান ইন্টেগ্রা এন্থেম নামের প্রতিষ্ঠানের সাথে একীভূত হয়ে যাচ্ছে। স্বাস্থ্যসেবা খাতের অন্যতম প্রতিষ্ঠান এন্থেম ১০ নভেম্বর বুধবার এ তথ্য জানিয়েছে। নতুন ব্যবস্থাপনায় আসার নিউইয়র্ক সিটির স্বাস্থ্যসেবা গ্রহীতা এবং

এরপর পৃষ্ঠা ৩১ কলাম ১

Queens Social Adult Day Care Center Inc

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক

কুইন্স সোসাল এডাল্ট ডে-কেয়ার সেন্টার ইন্‌ক একটি ডে-কেয়ার সার্ভিস সেন্টার। আমরা লিঙ্গ, জাতি অথবা ধর্ম বৈষম্যহীনভাবে সবধরণের গ্রাহক সেবা প্রদান করি। আমরা দুরারোগে অসুস্থ্য এবং প্রতিবন্ধী গ্রাহকদের, প্রবীণ ব্যক্তিদের নিরাপদ এবং উপযুক্ত ডে-কেয়ার সার্ভিস প্রদান করে থাকি। আমরা নিশ্চিত করি যেন গ্রহক মানসম্পন্ন সেবা আমাদের সেন্টার থেকে পেতে পারেন যাতে করে তাকে কোন নার্সিং হোমে যেতে না হয়। মেট্রোপলিটন এলাকায় আমাদের অভিজ্ঞ কর্মীরা সর্বাত্মক ডে-কেয়ার সেবা প্রদান করে থাকেন।

ব্যক্তিগত পরিচর্যা

আমাদের প্রাথমিক লক্ষ্য গ্রাহককে সাহায্য করা। আমরা গ্রাহকের ব্যক্তিগত চাহিদা সম্পর্কে পরিপূর্ণ পরিচর্যার পরিকল্পনা তৈরী করি। পরিচর্যা পরিকল্পনাসমূহ হচ্ছেঃ

- নাস্তা ও দুপুরের খাবার পরিবেশন (হালাল)
- ফিল্ডট্রিপস্ (পিকআপ এন্ড ড্রপস্)
- ডায়াবেটিক প্রতিরোধক কার্যক্রম
- নিম্নলিখিত সেবাসমূহে আবেদনে সহায়তা (মেডিকেইড, মেডিকেয়ার, ফুড স্ট্যাম্প, এসএসআই, উইক, অক্ষমতা আয়, চাইল্ড সাপোর্ট, নগদ সহায়তা, ভাড়া, এইচইএপি)
- চুলকাটা ও প্রসাধনী সহায়তা
- ওজু ও নামাজের ব্যবস্থা
- টেলিভিশন, ইন্টারনেট ও কম্পিউটার
- ইংরেজী ও কম্পিউটার ক্লাস
- সংগীত চর্চা ও শোনার ব্যবস্থা

শিক্ষা কার্যক্রম
- কম্পিউটার ও প্রযুক্তি দক্ষতা প্রশিক্ষণ
- গ্রন্থাগার

শারিরীক স্বাস্থ্য কার্যক্রম
- ইয়োগা, তাইচি, ব্যয়াম ও জিমের ব্যবস্থা
- ফিজিক্যাল থেরাপী

মানসিক স্বাস্থ্য পরামর্শ
- রিলাক্সেশন স্কিল ট্রেনিং
- পরামর্শ এবং সহায়তা গ্রুপ
- মানসিক স্ট্রেস ম্যানেজমেন্ট

বিনোদনমূলক কার্যক্রম
- পিকনিক
- যাদুঘর ভ্রমণ
- সমূদ্র সৈকতে পার্টি
- নৌ-ভ্রমণ ও মৎস শিকার

আধ্যাত্মিক কার্যক্রম
- শান্ত সময়
- ধ্যান

অবসর কার্যক্রম
- কেরাম বোর্ড
- লুডু
- দাবা
- ধাঁধা
- অধ্যায়ন

We speak Spanish, Urdu, Hindi & Arabic

আমরা নিজস্ব ট্রান্সপোর্টে ফ্রি পিকআপ এবং ড্রপস্ করে থাকি

আমরা ৭ দিনই খোলা
সকাল ৯টা থেকে রাত ৯টা

For details information please contact

ENGINEER MAHFUZUL HAQUE

MS in Telecom (Pace University, NY), US Coast Guard Licensed Captain

148-41 Hillside Ave, Jamaica, NY 11435

718-647-4444, 646-591-6782 | info@qsadcc.com | www.qsadcc.com

ACE INSTITUTE OF TECHNOLOGY
এইস্ ইন্‌স্টিটিউট অফ টেকনোলজি

২০১৯ সাল বাঙালীদের জন্য দারুন সুখবর!
Where it's all about excellence in education
নিউইয়র্ক স্টেট শিক্ষা অধিদপ্তর কর্তৃক লাইসেন্সপ্রাপ্ত
Licensed by New York State Department of Education.
কাউন্সিল অব অকুপেশনাল এডুকেশন (সিওই) কর্তৃক এক্রেডিয়েশনপ্রাপ্ত

BECOME A
MEDICAL ASSISTANT
• EKG Technician & Phlebotomy Technician
• Medical Insurance, Billing & Records

Diagnostic Medical Sonographer



BECOME A
COMPUTER NETWORK ADMINISTRATOR
• PC Technician (A+ Cert.)
• Networking Concepts (N+ Cert.)
• Network Security (Security+ Cert.)
• Computer Networking (MCITP/MCTS)

Web & Graphic Design

সুবিধাজনক ক্লাশসূচি
প্রভাতী ক্লাশ
সকাল ৯টা থেকে দুপুর ২টা
সন্ধ্যাকালীন ক্লাশ
বিকাল ৬টা থেকে রাত ৯টা

সাপ্তাহিক ছুটির দিনেও ক্লাশের সুযোগ রয়েছে।
আনুষাঙ্গিক সুবিধা সমূহ
Financial Aid available for select program to those who qualify.

বিস্তারিত জানতে ভিজিট করুন:
www.acecareer.edu | info@acecareer.edu

যোগাযোগ: MANHATTAN 212-695-9700, QUEENS 718-575-3223

40-38. 75th Street, Elmhurst, NY 11373

Gehi & Associates
ATTORNEYS AT LAW
www.gehilaw.com

Grand Opening
আমরা এখন Jackson Height

ফ্রি কনসালটেশন

74-09 37th Ave, Suite 205, Jackson Heights, NY 11372 — TEL: 718-263-5999
104-05 Liberty Ave, Ozone Park, NY-11417 — TEL: 718-577-0711
173-29, Jamaica Ave, Jamaica, NY-11432 — TEL 718-764-6911

*ইমিগ্রেশন *ব্যাংক্র্যাপসি *ক্রেডিট কার্ড মেটার *ডিভোর্স *সিটিজেনশিপ *চাইল্ড কাস্টডি
*চাইল্ড সাপোর্ট অর্ডার অব প্রোটেকশন *সব ধরনের ভিসা ও ফিয়ানসি ভিসা প্রসেসিং

Naresh Gehi, Esq.

WE ARE OPEN 7 DAYS a week

➤ Do you want apply for a green card?
➤ Are you being deported?
➤ Are you having credit card problems?
➤ Are you unable to pay your debts?
➤ Has your bank account been sealed?
➤ Are you getting harrassed by creditors?

আমরা বাংলায় কথা বলি

IF YOU ANSWERED YES, WE CAN HELP YOU TO RESOLVE YOUR DEBT, IMMIGRATION, BANKRUPTCY AND CREDIT CARD MATTERS.

ON MANY OCCASIONS, OUR CLIENTS DEBTS WERE CLEARED WITHOUT PAYING ANYTING TO THEIR CREDITORS, PRIOR RESULTS DO NOT GUARANRTEE FUTURE OUTVCOME

CALL: 718-263-5999

Raja Kumar

*তুলনামূলকভাবে কম ফি *সন্ধ্যা এবং সাপ্তাহান্তে এপয়েন্টমেন্টের সুযোগ

নিউইয়র্কে দিওয়ালির অনুষ্ঠান

দিওয়ালিতে স্কুল ছুটি ঘোষণার সম্ভাবনা উজ্জ্বল

রহমান মাহবুব

বহু ধর্ম বর্ণের নিউইয়র্কে দিওয়ালি উৎসব উপলক্ষে স্কুল ছুটি ঘোষণার দাবি জোরালো হয়ে উঠেছে। সিটিতে বসবাসরত অন্য ধর্মাবলম্বীদের প্রধান প্রধান উৎসবে শিক্ষা প্রতিষ্ঠান ছুটি ভোগ করলেও দিওয়ালি উৎসবের জন্য এখনো ছুটি ঘোষণা করা হয়নি। দিওয়ালিকে ফেডারেল ছুটি ঘোষণা করার জন্য একটি আইন প্রস্তাব মার্কিন প্রতিনিধি পরিষদে উপস্থাপন করা হয়েছে। নিউইয়র্ক সিটিতে আগামী বছর দিওয়ালি উপলক্ষে শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি ঘোষণার প্রতিশ্রুতি দিয়েছেন নবনির্বাচিত মেয়র এরিক অ্যাডামস।

নিউইয়র্ক সিটিতে এর মধ্যেই শিক্ষা প্রতিষ্টানে ছুটি রয়েছে চীনা বর্ষের। এশিয়ান লুনার ইয়ার নামে দিবসটি এখানে পালিত হয়ে থাকে। খৃষ্টধর্ম অনুসারীদের জন্য আগে থেকেই চালু থাকা ক্রিসমাসের ছুটির সাথে যোগ করা হয়েছে জুইশ ধর্মাবলম্বীদের রশ হাশানাহ এবং ইয়াম কিপুর। বর্তমান মেয়র বিল ডি ব্লাজিও ক্ষমতা গ্রহণের পর মুসলমানদের দুই ঈদের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি অনুমোদন করেছেন। সাড়ে তিন লাখের বেশি হিন্দু ধর্মাবলম্বী নিউইয়র্ক সিটিতে বসবাস করছেন।

দিওয়ালি উৎসব বাংলাদেশ, ভারত ছাড়াও ক্যারিবিয়ান অঞ্চল থেকে আসা হিন্দু ধর্মাবলম্বীরা একটি বার্ষিক গুরুত্বপূর্ণ উৎসব হিসেবে পালন করে থাকেন। উৎসবের দিনে আলোকসজ্জা হয়, বাতি প্রজ্বলন করে অশুভকে পরাজিত করে আলোর বার্তা দিয়ে উৎসবটি ধর্মীয় ও সামাজিকভাবে পশ্চিমা সংস্কৃতিতেও গুরুত্বের সাথে পালিত হয়ে থাকে। নিউইয়র্ক সিটির টাইম স্কয়ারে গত বেশ কয়েক বছর থেকে দিওয়ালি উৎসব পালিত হয় ব্যাপক আয়োজনের মধ্য দিয়ে। 'দিওয়ালি এট টাইম স্কয়ার' উৎসবের অন্যতম উদ্যোক্তা নীতা বাসিন বলেছেন ,দিওয়ালি উৎসব হিন্দু, বৌদ্ধ, শিখ এবং জৈন ধর্মালম্বীরা সারা বিশ্বে পালন করে থাকেন। নিউইয়র্ক সিটিতে এ দিবসটি উদযাপনের জন্য শিক্ষা প্রতিষ্ঠান ছুটি ঘোষণা করা হলে সন্তানদের নিয়ে পরিবারগুলো উৎসবটি পালন করতে পারবে বলে তিনি মনে করেন। স্কুল খোলা থাকায় উৎসবে সন্তানরা যোগ দিতে না পারায় বিপত্তি দেখা দেয় বলে তিনি বলেন।

দীর্ঘদিন থেকে এ নিয়ে দাবি জানানো হচ্ছে। স্কুল ছুটি রাখার জন্য ক্যালেন্ডার নানা উৎসবের ছুটিতে ভরে উঠেছে বলে দাবিটি ঝুলিয়ে রাখা হয়েছে দীর্ঘদিন থেকে। নির্বাচনী প্রচারণার সময় সদ্য নির্বাচিত মেয়র এরিক অ্যাডামস প্রতিশ্রুতি দিয়েছেন, জানুয়ারিতে ক্ষমতা গ্রহণের পর তিনি দিওয়ালিকে স্কুল ছুটির তালিকায় নিয়ে আসবেন। আশা করা হচ্ছে, এরিক অ্যাডামস তাঁর কথা রক্ষা করে আগামী বছর থেকেই নিউইয়র্কে দিওয়ালি উৎসবের জন্য শিক্ষাপ্রতিষ্ঠানে ছুটি পাওয়া যাবে। নিউইয়র্ক থেকে নির্বাচিত মার্কিন প্রতিনিধি পরিষদের সদস্য ক্যারোলাইন মেলোনি গত সপ্তাহেই দিওয়ালিকে ফেডারেল ছুটি ঘোষণার জন্য কংগ্রেসে একটি আইন প্রস্তাব উপস্থাপন করেছেন। মার্কিন কংগ্রেসে এ বিলের বহু সমর্থন রয়েছে এবং বিলটি পাশ হওয়ার ব্যাপারে ভাইস প্রেসিডেন্ট কমলা হ্যারিসও গুরুত্বপূর্ণ ভূমিকা রাখতে পারবেন বলে আশা করা হচ্ছে। নিউইয়র্ক রাজ্যসভায় দুই বছর আগে সিনেটর কেভিন থমাস রাজ্যজুড়ে স্কুলে দিওয়ালি উৎসবকে ছুটি ঘোষণার আইন প্রস্তাব উপস্থাপন করেছিলেন। রাজ্য সিনেটের স্কুল কমিটি প্রস্তাবটি আটকে দেয়ায় এ নিয়ে আর কোন অগ্রগতি হয়নি।

নিউইয়র্ক রাজ্য আইনসভার প্রতিনিধি, কুইন্স থেকে নির্বাচিত জেনিফার রাজকুমার বলেছেন, দিওয়ালি উৎসবের জন্য স্কুল ছুটির দাবি দীর্ঘদিন থেকেই ঝুলে আছে। তিনি আশাবাদী, আগামী বছরের উৎসব উদযাপনের আগেই অন্তত নিউইয়র্কের স্কুলে দিওয়ালির জন্য ছুটি পাওয়া যাবে।

টেক্সাসের সঙ্গীত উৎসবে নিহত ৮

উত্তর আমেরিকা অফিস

র‍্যাপার ট্রাভিস স্কটের অ্যাস্ট্রোওয়ার্ল্ড ফেস্টিভ্যালের প্রথম রাতে পদদলিত হয়ে অন্তত ৮ জন নিহত এবং তিন শতাধিক আহত হয়েছেন। টেক্সাসের হিউস্টনে ৫ নভেম্বর শুক্রবার এ মর্মান্তিক ঘটনা ঘটে। হিউস্টন ফায়ার সার্ভির্সের প্রধান স্যামুয়েল প্যানা জানান, স্থানীয় সময় আনুমানিক সোয়া ৯টায় স্কটের পারফরমেন্স শুরু হতেই স্টেজের আশপাশে উৎসুক জনতার ভিড় বাড়তে থাকে। একপর্যায়ে বাড়তি মানুষের চাপে অবস্থা বেগতিক দেখে তাড়াহুড়ো করে সেখান থেকে বেরিয়ে আসতে চেষ্টা করে দর্শকেরা। আর এতেই পদদলিত হয়ে ৮ জন মারা যায়। র‍্যাপ সঙ্গীত শিল্পী ট্রাভিস স্কট বলেন, শুক্রবারের ঘটনা তদন্তে পুলিশের প্রতি আমার পক্ষ থেকে সম্পূর্ণ সহযোগিতা থাকবে। শনিবার এক টুইট বার্তায় ক্ষতিগ্রস্থ সকলের পাশে দাঁড়ানোর আশ্বাস দিয়ে তিনি বলেন, সেদিনের রাতের ঘটনা দেখার পর আমি প্রচন্ড মর্মাহত। সেই রাতে ক্ষতিগ্রস্থ সকলের পরিবারের প্রতি আমার প্রার্থনা জানাই।

হিউস্টন পুলিশের নির্বাহী সহকারী প্রধান ল্যারি স্যাটারহোয়াইট বলেন, মাত্র কয়েক মিনিটের মধ্যেই পুরো ঘটনাটি ঘটে। ওই সময় কয়েকজন মাটিতে পড়ে যায়। যতদূর সম্ভব তাদের মধ্যে অনেকেরেই কার্ডিয়াক অ্যারেস্ট হয়েছে বলে ধারণা করা হচ্ছে। আহত কয়েক ডজন লোককে হাসপাতালে চিকিৎসা নিতে হয়েছে।

সন্তানকে উদ্বুদ্ধ করার দায়িত্ব আপনার

উত্তর আমেরিকা অফিস

কোয়ান্টাম মেডিটেশন সোসাইটি, ইউএসএ'র জ্যামাইকাস্থ কার্যালয়ে নিয়মিত সাপ্তাহিক সাদাকায়ন প্রোগ্রাম অনুষ্ঠিত হয় গত ৬ নভেম্বর শনিবার। বিশেষ মেডিটেশন 'আত্মশক্তির অনুভব' দিয়ে প্রোগ্রামটি শুরু হয়।

সঞ্চালনার দায়িত্বে ছিলেন কোয়ান্টাম মেডিটেশন সোসাইটির দায়িত্বশীল রকিবুর রহমান। বিষয়ভিত্তিক আলোচনায় আলোচক ছিলেন গুরুজী শহীদ আল বোখারী মহাজাতক। আলোচনার বিষয় ছিল 'সন্তানকে উদ্বুদ্ধ করার দায়িত্ব আপনার'। আলোচনাটি অডিও স্ট্রিমিংয়ের মাধ্যমে বাংলাদেশ থেকে প্রচার করা হয়। আলোচনার শুরুতে গুরুজী উপস্থাপন করেন টিভিতে রুদ্র আর শিব নামের দুটো জাদুর কার্টুন দেখে একটি মেয়ের ভয়ানক মানসিক পরিণতির কথা। যা মেয়েটির মা গুরুজীকে চিঠি লিখে জানিয়েছেন। তিনি আরও বলেন, আমাদের দেশের হাজার হাজার শিশু কিশোরের কী অবস্থা তা আঁচ করা যায় ২০২১ সালের ২৫ অক্টোবর সংবাদপত্রে প্রকাশিত একটি রিপোর্ট থেকে। রাজধানীর মিরপুর এলাকা থেকে ৪২৪টি মেয়ে শিশু-কিশোরী নিখোঁজ হয়েছে। এদের একটি বড় অংশ মা-বাবার সঙ্গে অভিমান, সামাজিক যোগাযোগ মাধ্যমে পরিচয় ও সম্পর্কের কারণে বন্ধুর সঙ্গে ঘর ছেড়েছে। গত তিন মাসে শুধু পল্লবী থানা এলাকা থেকেই ১১৪ কিশোরী নিখোঁজ হয়। মিরপুরের ৭টি থানার মধ্যে একটি থানা হচ্ছে এই পল্লবী। জুলাই মাসে ২২ জন, আগস্টে ৪৩ জন, সেপ্টেম্বরে ৪৮ জন এবং অক্টোবর মাসের প্রথম ১০ দিনে ১৫ কিশোরী বাসা থেকে নিখোঁজ হয়েছে বলে থানায় জিডি করা হয়েছে। নিখোঁজ হওয়া কিশোরীদের বেশিরভাগই ষষ্ঠ থেকে দশম শ্রেণির শিক্ষার্থী। এদের বড় একটি অংশ সামাজিক যোগাযোগ মাধ্যমে ফেসবুকে পরিচিত-অপরিচিত ছেলেদের সঙ্গে বন্ধুত্বে জড়িয়েছে। তারপর ঘর ছেড়েছে।

অভিভাবকদের করণীয় সম্পর্কে তিনি বলেন, সন্তানকে ভাল মানুষ বানাতে হলে ভাল মা-বাবা হিসেবে তাদের পাশে দাঁড়াতে হবে। সন্তানকে সম্মান করতে হবে। তাকে পাশে বসাতে হবে। মন খুলে কথা বলতে হবে। তারপর তাদের কথা শুনতে হবে। নিজে যখন কথা শেয়ার করবেন সন্তানরাও তখন ভেতরে চেপে রাখা কথা যন্ত্রণাগুলো ধীরে ধীরে বলতে চাইবে আপনাকে।

বিদেশী পর্যটকদের ভ্রমণে নিষেধাজ্ঞা প্রত্যাহার করলো যুক্তরাষ্ট্র

জাহিদা আলম



দীর্ঘ ২০ মাস পর ৮ নভেম্বর সোমবার থেকে বিদেশী পর্যটকদের জন্য স্থল ও আকাশপথের সীমান্ত খুলে দিয়েছে যুক্তরাষ্ট্র। তবে যাদের পূর্ণ ডোজ টিকা নেয়া আছে তারাই কেবল দেশটিতে প্রবেশ করতে পারবেন।

মহামারি করোনার কারণে বিদেশী পর্যটকদের ভ্রমণের ওপর প্রায় ২০ মাস ধরে বিধিনিষেধ জারী রেখেছিল যুক্তরাষ্ট্র। যুক্তরাষ্ট্রের তৎকালীন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প ২০20 সালের শুরুর দিকে যুক্তরাষ্ট্রে প্রবেশের ক্ষেত্রে বিদেশীদের ওপর বিধিনিষেধ আরোপ করেছিলেন। ২০২১ সালের ২০ জানুয়ারী জো বাইডেন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্টের দায়িত্ব নেন। তিনি ক্ষমতায় এসে তার পূর্বসূরি ট্রাম্পের জারি করা ভ্রমণ সংক্রান্ত বিধিনিষেধ বহাল রাখেন।

LET'S MAKE 'BANGLADESH FILM INDUSTRY' THE THIRD LARGEST ONE IN USA
TO DO THIS, EVERY BANGLADESHI FILM RELEASING IN USA IS IMPORTANT

A 'MASUD HASAN UJJAL' FILM

ঊনপঞ্চাশ বাতাস

Winner
FIPRESCI
INTERNATIONAL
CRITICS PRIZE
DHAKA INT FILM FESTIVAL
2021

Winner
BEST DIRECTOR
RAINBOW
FILM FESTIVAL
LONDON
2021

শো-টাইম ও অগ্রিম টিকেট পাওয়া যাবে ১৭ নভেম্বর ২০২১ থেকে সংশ্লিষ্ট থিয়েটারগুলির ওয়েবসাইটে & কাউন্টারে

TO KNOW ABOUT LATEST UPDATES
OR ANY CHANGES,
PLEASE FOLLOW THE FACEBOOK PAGE
'BANGLADESHI MOVIES, USA'

Red October Films
SWAPNA SCARECROW

যেসব থিয়েটারে চলবে

NYC
1. REGAL E-WALK 4DX & RPX, TIMES SQUARE
2. REGAL UA KAUFMAN ASTORIA
3. JAMAICA MULTIPLEX CINEMAS

LOS ANGELES
4. CINEMARK 18 & XD
5. CINEMARK NORTH HOLLYWOOD

DALLAS
6. CINEMARK 17 & IMAX

AUSTIN
7. CINEMARK 20 & XD, PFLUGERVILLE

HOUSTON
8. CINEMARK TINSELTOWN 290 & XD

FLORIDA
9. CINEMARK BOYNTON BEACH 14 & XD
10. CINEMARK PARADISE 24 & XD, DAVIE

VIRGINIA/DC/MARYLAND
11. CINEMARK FAIRFAX CORNER & XD
12. CINEMARK EGYPTIAN 24 & XD, HANOVER

REGAL CINEMARK SHOWCASE CINEMAS

শুভমুক্তি
১৯ নভেম্বর ২০২১
আমেরিকাজুড়ে

প্রথম আলো
Prothom Alo North America

নির্বাচনে বিপর্যয়: ডেমোক্র্যাটদের জন্য অশনিসংকেত

গত সপ্তাহের নির্বাচনী ফলাফল আমেরিকার রাজনীতিতে ডেমোক্র্যাটদের জন্য অশনিসংকেত হয়ে দেখা দিয়েছে। যেসব এলাকায় বিপুল ভোটে ডেমোক্র্যাট প্রেসিডেন্ট জো বাইডেন নির্বাচিত হয়েছেন, সেসব এলাকায় অল্পদিনের মধ্যে লোকজন ঘুরে দাঁড়িয়ে ওয়াশিংটনে ভিন্ন বার্তা পাঠিয়েছে। ভার্জিনিয়ার মতো রাজ্যে মাত্র কয়েক মাসের ব্যবধানে জনগণ রায় দিয়েছে রিপাবলিকানদের পক্ষে। উত্তর পূর্বের অন্যতম ডেমোক্র্যাট রাজ্য হিসেবে পরিচিত নিউজার্সির ভোটের ফলাফল আরও ভীতিকর হয়ে উঠেছে ডেমোক্র্যাটিক দলের জন্য।

প্রেসিডেন্ট জো বাইডেনের সামনে এখন রাজনীতির মহাপ্রলয় অপেক্ষা করছে। নাটকীয় কোন পরিবর্তন ছাড়া আগামী বছরের মধ্যবর্তী নির্বাচনে ডেমোক্র্যাটিক দল কংগ্রেসের উভয় কক্ষ হারানোর বিষয়টি এখন আর আশঙ্কার পর্যায়ে নয় বলে মনে করছেন রাজনৈতিক বিশ্লেষকরা। প্রতিনিধি পরিষদ ও সিনেটে রিপাবলিকান সংখ্যাগরিষ্ঠতা পাওয়ার অর্থ হচ্ছে, মেয়াদের বাকি দুই বছর প্রেসিডেন্ট জো বাইডেনকে কোণঠাসা অবস্থায়ই থাকতে হবে।

নিউজার্সি রাজ্যের ফলাফল ডেমোক্র্যাটদের জন্য মোটেই অনুকূল ছিল না। মাত্র কয়েক হাজার ভোটের ব্যবধানে ক্ষমতাসীন গভর্নর ফিল মারফি ঝুলেছিলেন ১৬ ঘণ্টার মতো। যে রাজ্যে ১০ লাখের বেশি ডেমোক্র্যাট রেজিস্টার ভোটার, সেখানে এমন বিপর্যয় অনেক প্রশ্নের জন্ম দিয়েছে। ডেমোক্র্যাটদের এ বিপর্যয় জাতীয়ভাবে আলোচিত হচ্ছে। ডেমোক্র্যাট দল চলমান রাজনৈতিক বাস্তবতায় ভিন্ন কী করতে পারলে, এমন বিপর্যয় ঠেকানো সম্ভব হতো—এ নিয়ে হিসেব মেলানো কঠিন। নিজেরাও একপক্ষ অন্যপক্ষকে দোষারোপ করছে এখন। উদারনৈতিকরা বলছেন, তাঁদের সব কর্মসুচী এরমধ্যেই বাস্তবায়ন হয়ে গেছে দেখলে প্রান্তিক লোকজন দলের পক্ষেই অবস্থান নেয়ার সম্ভাবনা ছিল। ডেমোক্র্যাট দলের মধ্যপন্থীদের মতে, আমেরিকার রাজনীতিতে এখনও ট্রাম্পের ভাবধারা বেশ সক্রিয়। রক্ষণশীলতাকে উসকে দিয়ে সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প আমেরিকাকে যে অবস্থানে নিয়ে গেছেন, ক্ষমতার বাইরে থেকেও তিনি সে অবস্থান থেকে বেশ ভালোভাবেই কলকাঠি নাড়াতে পারছেন।

ভার্জিনিয়ার মাধ্যমে আমেরিকার লোকজন বার্তা পাঠিয়েছে। মধ্যবর্তী নির্বাচনে প্রতিনিধি পরিষদে অন্তত ৬০টি আসন রিপাবলিকান দল ছিনিয়ে আনবে বলে রিপাবলিকান দলের পক্ষ থেকে আশাবাদ ব্যক্ত করা হচ্ছে।

সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প এমনিতেই ২০২৪ সালের নির্বাচনে নিজের প্রার্থিতার বিষয়টি ঝুলিয়ে রেখেছেন। গত সপ্তাহের নির্বাচনের পর ট্রাম্প আর উদ্দীপ্ত হয়েছেন। তাঁর হুংকার বেড়েছে। এক সংঘাতময় রাজনৈতিক বাস্তবতা থেকে প্রেসিডেন্ট জো বাইডেন কতটা ঘুরে দাঁড়াতে পারবেন, তা সময়ই বলে দেবে।

নিউইয়র্কে ক্যাব চালকদের অনশন লড়াকু শ্রমজীবীদের জয় হয়েছে

একের পর এক আত্মহত্যা, নগরজুড়ে টানা সমাবেশ করেছেন। শোভাযাত্রা পর টানা অনশন করার পর দাবি আদায় হয়েছে নিউইয়র্ক সিটির ইয়েলো ক্যাব মালিক চালকদের। নিত্য চলমান নিউইয়র্কের ইয়েলো ক্যাব অনেকটাই আইকোনিক। এ নগরীর ঐতিহ্যের সাথে মিশে আছে ইয়েলো ক্যাব। কোলাহলের নিউইয়র্ক সিটির সামাজিক জীবনের সাথে জড়িয়ে আছে ইয়েলো ক্যাব। এ ইয়েলো ক্যাব পরিচালিত হয় সিটির ট্যাক্সি ও লিমোজিন কমিশনের মাধ্যমে। মেডেলিয়ন বিক্রি করে সিটি যেমন অর্থ কামিয়েছে, তেমনি পরিশ্রমী ক্যাব চালকদের মেডেলিয়ন মালিক বানিয়ে একসময় মিলিয়নার করে দিতে সক্ষম হয়েছে হাজার হাজার ক্যাব চালকের। নিউইয়র্কের ক্যাব চালনার পেশায় জড়িত অধিকাংশ লোকজনই অভিবাসী। স্বাধীন পেশা হিসেবে এ সিটিতে ক্যাব চালানোর কাজে গত চার দশকে জড়িয়ে পড়েছেন হাজার হাজার বাংলাদেশীও। ক্যাব চালিয়ে এসব স্বদেশী শুধু ভালো জীবনযাপনই করেছেন, এমন নয়। অনেকেই সন্তানদের কলেজ-বিশ্ববিদ্যালয়ে পাঠিয়েছেন।

প্রযুক্তি ও সময়ের পরিবর্তনের সাথে ক্যাব ব্যবসায় ধস নামে ২০১০ সালের দিকে। অ্যাপসভিত্তিক উবার, লিফট চলে আসায় হঠাৎ করেই মিলিয়ন ডলারের মেডেলিয়ন নেমে আসে এক লাখ ডলারের নিচে। একসময় সাত-আট লাখ ডলার ব্যাংক ঋণ নিয়ে যাঁরা মেডেলিয়ন কিনেছিলেন, তাঁদের মাথায় হাত পড়ে। শুরু হয় হাহাকার। এ হাহাকারের গল্প আমরা জানি। আমরা জানি উপায়ন্তর ক্যাব চালকদের আত্মহত্যা করে জীবনযন্ত্রণা থেকে মুক্তি পাওয়ার ঘটনার সংবাদ। ক্যাব চালকরা আন্দোলন করেছেন নিজেদের অস্তিত্বের জন্য। তাঁরা সুফল পেয়েছেন। শ্রমজীবী মানুষের লড়াই বিজয়ী হয়েছে। গত সপ্তাহের সমঝোতায় বলা হয়েছে, মেডেলিয়ন মালিকদের ঋণের বোঝা কমিয়ে দুই লাখ ডলারে নিয়ে আসা হবে। ঋণের মাসিক কিস্তি সর্বোচ্চ ১১২২ ডলার করা হবে। সিটির পক্ষ থেকে ঋণের জন্য আর্থিক প্রতিষ্ঠানের কাছে গ্যারান্টি দেয়া হবে। ১৫ দিনের অনশনের পর ৩ নভেম্বর এ নিয়ে ট্যাক্সি ওয়ার্কার এলায়ান্স, সিটি মেয়র এবং ঋণ ব্যবস্থাপনা প্রতিষ্ঠান মার্বেলগেটের মধ্যে চুক্তি হয়েছে।

চুক্তি স্বাক্ষরের পর ট্যাক্সি ওয়ার্কার এলায়েন্সের প্রেসিডেন্ট ভৈরবী দেশাই বলেছেন নিউইয়র্ক সিটির ট্যাক্সি চালক ও মালিকদের বিজয় ঘটেছে। চুক্তির ফলে ইয়েলো ট্যাক্সি মেডেলিয়ন মালিকদের জন্য সিটি ঘোষিত প্রণোদনা বর্ধিত করা হবে এবং ব্যাংক ঋণ পুনর্গঠন করা হবে। সিনেটর চার্লস শুমার এবং মেয়র ডি ব্লাজিও মেডেলিয়ন মালিক ও ক্যাব চালকদের এ সমস্যা সমাধানে এগিয়ে আসেন। মেয়র ব্লাজিও, সিনেটর চার্লস শুমারকে ধন্যবাদ জানিয়ে বলেছেন, ক্যাব চালকরা সিটিকে চলমান রেখেছে তাঁদের পেছনে ফেলা যাবে না। সিনেটর চার্লস শুমার এবং মেয়র বিল ব্লাজিও সময়ের সঠিক সিদ্ধান্ত নিয়েছেন। তাঁদের সাধ্যবাদ জানিয়েছেন ক্যাব চালক সংগঠনের নেতারা। আমরাও সাধুবাদ জানাতে চাই।

এ পাপ আমাদের ক্ষমা করবে না

মামুনুর রশীদ

পত্রপত্রিকায়, টেলিভিশন চ্যানেলের সংবাদে, টকশোতে, রাজনীতিবিদদের চায়ের কাপে, সংস্কৃতিকর্মীদের মানববন্ধনে সর্বত্রই দুর্গাপূজার মণ্ডপে হামলার ঘটনায় ঝড় উঠেছিল। ঝড়টা এখন থেমেছে। যাঁরা আক্রান্ত হয়েছিলেন তাঁদের আকাশ মেঘমুক্ত হয়নি। ঘরবাড়ি মেরামত হয়নি। আহতরা চিকিৎসা শেষে বাড়ি ফিরে আসেননি। একমাত্র যাঁরা নিহত হয়েছেন তাঁরা ছাড়া। দেশে সংবাদের অভাব নেই, চট্টগ্রাম মেডিকেল কলেজে ছাত্রলীগের মধ্যে অন্তর্কোন্দল-মারামারি শীর্ষ সংবাদ হয়ে এসেছে। একটি ছাত্র গুরুতরভাবে আহত হয়ে সংজ্ঞাহীন অবস্থায় পড়ে আছে। এর মধ্যেই নির্বাচনী সহিংসতা চলছে, দু-চারজন মারাও গেছে। এহেন নানা সংবাদের মধ্যে বড় দুঃসংবাদ হচ্ছে বাংলাদেশ ক্রিকেট দল টি-টোয়েন্টি বিশ্বকাপে একের পর এক জেতা খেলাগুলো হারছে। বাকি খেলাগুলোতেও হারার ব্যাপারে প্রায় সবাই নিশ্চিত।

প্রথম যে সংবাদটির কথা বলা হলো তাকে ম্লান করার জন্য পরের সংবাদগুলো যথেষ্ট। এবং সবগুলো সংবাদেই নিত্যদিনের ছোট্ট স্মৃতিকথায় মিলিয়ে যায়। আমরা সংবাদকে একধরনের বিনোদন হিসেবে ভাবতে শুরু করেছি। সে সংবাদ মৃত্যুসংবাদ হোক আর আনন্দের সংবাদ হোক। সমস্ত জাতি কি একটা রোগে আক্রান্ত হয়ে গেল যে কোনো ধরনের প্রতিক্রিয়াই দীর্ঘস্থায়ী হয় না। একমাত্র দীর্ঘস্থায়ী যার যার নিজের ভবিষ্যৎ বা যাকে বলে আখের গোছানো। কিন্তু দুর্ভাগ্যজনকভাবে সে ভবিষ্যতে জাতি থাকে না, সমাজ থাকে না, পাড়াপড়শীরা থাকে না, থাকে শুধু আমি এবং আমার পরিবার। পরিবারের নিরাপত্তার জন্য কোনো আদর্শবোধ নয়, বিষয়ভাবনা নয়, থাকে শুধু অর্থভাবনা। অর্থই যেন নিরাপত্তার একমাত্র উপায়। সেই অর্থের প্রয়োজনে সব মূল্যবোধ হারিয়ে যাচ্ছে, সম্পর্ক হারিয়ে যাচ্ছে। জ্ঞান-বুদ্ধি লোপ পেয়ে যাচ্ছে। অন্যের সম্পদ লুণ্ঠন করাকে অন্যায় মনে হচ্ছে না, মুহূর্তে চোখ ওল্টনোকে অস্বাভাবিক মনে হচ্ছে না।

করোনায় আক্রান্ত এক শিল্পপতি ডাক্তারকে বলছেন, আমার সব সম্পদ নিয়ে নিন, বিনিময়ে আমি বাঁচতে চাই। তিনি বাঁচতে পারেননি বটে তবে মৃত্যুর পরেই তাঁর সম্পদ তাঁর কাছ থেকে বহুদূর চলে যায়। এই সম্পদ তিনি ভোগও করতে পারেননি। মৃত্যুর পরে মানুষ যেমন আত্মীয়স্বজন, বন্ধু-বান্ধব সবার কাছ থেকে আলাদা হয়ে যায়, তেমনি প্রথম তার বিচ্ছেদ ঘটে সম্পদের কাছ থেকে। তাই বলে কি মানুষ সম্পদ আহরণ করবে না? জীবনধারণের জন্য তো সম্পদ প্রয়োজন। এখন প্রশ্ন হচ্ছে—কতটা প্রয়োজন? তলস্তয়ের ভাষায়, একটা মানুষের জীবনে কতটুকু জায়গা প্রয়োজন? এসব আপ্তবাক্য বলে লাভ নেই, কারণ কেমন করে যেন মানুষ বুঝে ফেলেছে জীবনে সুখ ও নিরাপত্তার একটাই উপায় আর তা হচ্ছে অর্থ, টাকা চাই। সরকারি চাকুরেরা যে বেতন পান, তা দিয়ে চলতে পারে না। সরকার একলাফে বেতন বাড়িয়ে দিল দ্বিগুণ। সরকারের মধ্যে কারও কারও চিন্তা বেতন দ্বিগুণ বাড়িয়ে দিলে দুর্নীতি বন্ধ হয়ে যাবে। কিন্তু দেখা গেল দুর্নীতিও দ্বিগুণ, তিনগুণ হয়ে গেল। দেশে মহামারি এল, সরকার মহামারিরোধে ত্বরিত ব্যবস্থা নিল। সেই ত্বরিত ব্যবস্থায় সবচেয়ে সুবিধাবাদী হলো দুর্নীতিবাজ ব্যবসায়ী এবং আমলারা। ব্যবসায়ীরা রাতারাতি আঙুল ফুলে আবার কলাগাছ হয়ে গেলেন। মহামারির আকস্মিক মৃত্যুতে তাঁদের কোনো যায় আসে না। এটা কি পৃথিবীর সব দেশে হয়? হয়তো হয়। কিন্তু বাংলাদেশ সেক্ষেত্রে শীর্ষে।

একবার বিপ্লবের আগে চীন দেশের একটি শীর্ষস্থানীয় পত্রিকা বেইজিং শহরে কত সুখী পরিবার আছে, তার একটা পরিসংখ্যান করতে চাইল। প্রথম পরিসংখ্যান হলো ধনীব্যক্তিদের নিয়ে। একজন সাংবাদিককে বিশেষভাবে নিয়োগ দেওয়া হলো, সেই সাংবাদিক যে প্রাসাদোপম বাড়িতে যান, তার মূল্যবান আসবাব, চাকরবাকর, দারোয়ানদের কর্মব্যস্ততা দেখে মুগ্ধ হন। এরপর তিনি লিখতে শুরু করেন ধনী পরিবারের লোকজনের সঙ্গে কথা বলতে শুরু করে। সবাই সুখী, প্রচুর অর্থ তাঁদের। তাঁদের জীবনে কোনো আর চাওয়া-পাওয়া নেই। সাংবাদিক রাত্রিযাপন করার অভিলাষ ব্যক্ত করেন। অতিথিকক্ষে তাঁর রাত্রিযাপনের ব্যবস্থা হয়, সেটিও বিলাসবহুল। এত বিলাসবহুল বাড়িতে সেই সাংবাদিক কখনো থাকেননি। খাবারদাবারও সেই রকম। কিন্তু রাত্রিবেলায় ওই সাংবাদিকের ঘুম আসছিল না। কোথায় যেন কান্নার আওয়াজ শুনতে পেলেন। তিনি পা টিপে টিপে কান্নাকে অনুসরণ করলেন। গৃহকর্তা গভীর রাতে বাড়ি ফিরেছেন। গৃহকর্ত্রীর সঙ্গে চরম বাগ্‌ বিতণ্ডা চলছে, ক্ষণে ক্ষণে গৃহকর্ত্রী ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদছেন আবার কখনো উচ্চ স্বরে। বাড়ির

> **একটি মুক্তিযুদ্ধ হয়েছিল, অকাতরে কীভাবে স্বপ্ন দেখতে দেখতে এদেশের মানুষ প্রাণ দিল। যে দেশের ধূলিকণায় শহীদের রক্ত মিশে আছে, সেদেশে কী করে সবকিছু বিস্মৃত হলাম আমরা।**

ছেলেমেয়েরা বাবা-মায়ের এই প্রবল দ্বন্দ্ব শুধু তাকিয়ে তাকিয়ে দেখছে। একপর্যায়ে গৃহকর্তা বলে উঠলেন, 'আমি তোমাকে কী দিইনি? বাড়ি, গাড়ি, অর্থ, বিত্ত।' গৃহকর্ত্রী বলে উঠলেন, 'হ্যাঁ সব দিয়েছ। কিন্তু একটাই দাওনি তা হচ্ছে সুখ।' কী রকম যেন অবাক হয়ে যান গৃহকর্তা। বলেন, 'সুখ, সেটা আবার কী? অর্থবিত্তই তো সুখ।' স্ত্রী তখন কেঁদেই চলেছেন।

সেই চীন দেশেই বিপ্লবের পর চীনের সম্রাটের ক্ষমতার অবসান হয়। তাঁকে ছোট্ট একটা গৃহে একজন স্ত্রীকে নিয়ে থাকতে দেওয়া হয়। সেখানে কোনো উপপত্নী বা চাকরবাকর কেউ ছিল না। কোনো অতিথি এলে চীনের সম্রাজ্ঞী নিজে তাঁকে চা করে খাওয়াতেন। এই অবস্থা দেখে অতিথি সম্রাটকে প্রশ্ন করলেন, 'এ জীবন আপনি কী করে যাপন করছেন? যেখানে আপনার ছিল শত শত উপপত্নী, হাজার হাজার ভৃত্য। আর এখন আপনি এক স্ত্রীকে নিয়ে শুধুই নিঃসঙ্গ।' সম্রাট সহাস্যে বললেন, 'আমি যতদিন সম্রাট ছিলাম জীবন কাকে বলে বুঝতে পারিনি। জানতাম না স্বজন কাকে বলে। মানুষে মানুষে সম্পর্কটা কী? জীবনের আনন্দ কোথায়? এখন আমি বুঝতে পারি, বসন্তের বাতাস কেমন, মেঘমুক্ত আকাশ কেমন, শীতের রাত কত কষ্টকর। ক্রীড়াচ্ছলে যখন রাজহাঁসগুলো হ্রদের জলে খেলা করে, সেটা দেখতে কেমন। ঘুম থেকে উঠে যখন বাগানের সামনে নিজ হাতে চা বানিয়ে তা দেখতে কত ভালো লাগছে। আমার সৌভাগ্য বাঁচার জন্য যতটুকু প্রয়োজন, সেই অর্থ দিয়ে আমি জীবনের স্বাদ পেয়েছি।'

কেউ হয়তো এই দুটি গল্পকে মনে করতে পারেন আত্মকাহিনি। দরিদ্র মানুষদের প্রবোধ দেওয়ার গল্প। ষাটের দশকে একটা নিম্নমধ্যবিত্ত এবং মধ্যবিত্ত সমাজকে দেখেছি। বিত্ত ছিল না, কিন্তু বন্ধুত্ব ছিল। কী রকম একটা নতুন সমাজের স্বপ্ন দেখত সবাই। আকাঙ্ক্ষা ছিল। কিন্তু সেই আকাঙ্ক্ষা আকাশচুম্বী নয়, একেবারেই মাটির কাছাকাছি। সেই অল্প বিত্তের মানুষেরাই রক্ত দিতে দ্বিধা করত না বলে একটা নতুন রাষ্ট্র গড়ে উঠেছে।

একটা ছোট ঘটনা, একটা মৃত্যু, একটা ছোট্ট অপমান খুব বড় হয়ে দেখা দিত মানুষের হৃদয়ে। কিন্তু এখন সবকিছুই গা-সহা। এখন কেউ মধ্যবিত্ত থাকতে চায় না।

রাতারাতি বড়লোক হতে না পারলে নিজের বাড়ি-ঘর বিক্রি করে বিদেশ গিয়ে বড়লোক হওয়ার তীব্র আকাঙ্ক্ষা। আর যদি সেটা না হয় তাহলে পেশীশক্তি দিয়ে ঠিকাদারি পেতে হবে। অথবা প্রতিবেশী হিন্দুর বাড়িতে আগুন জ্বালিয়ে তাকে দেশছাড়া করে তার সম্পদ লুণ্ঠন করতে হবে। পূজার সময় একটা বড় সুযোগ এসে যায় কোনো রাজনৈতিক শক্তির ইন্ধনে এই সুযোগটা সে হাতছাড়া করতে চায় না। আরেকটা সুযোগ আসে ক্ষমতার পালাবদলের সময়। এই সুযোগটা নিতেও সে প্রস্তুত। এছাড়া নিয়োগ-বাণিজ্য আছে, স্বাস্থ্য, শিক্ষা-বাণিজ্যও আছে। দুটিই সমাজকে এক বীভৎসতার মধ্য দিয়ে কোথায় নিয়ে যাচ্ছে? হায়রে মানুষ! আজ থেকে পঞ্চাশ বছর আগে দেশে একটি মুক্তিযুদ্ধ হয়েছিল, অকাতরে কীভাবে স্বপ্ন দেখতে দেখতে এদেশের মানুষ প্রাণ দিল। যে দেশের ধূলিকণায় শহীদের রক্ত মিশে আছে, সেদেশে কী করে সবকিছু বিস্মৃত হলাম আমরা। এ পাপ আমাদের ক্ষমা করবে না।

মামুনুর রশীদ, নাট্যব্যক্তিত্ব

পাবলিক ও বেসরকারি বিশ্ববিদ্যালয়গুলো দক্ষ জনশক্তি সরবরাহে ব্যর্থ

বাংলাদেশের শিক্ষাব্যবস্থা

দেলোয়ার জাহিদ

কোভিডজনিত পরিবর্তিত বিশ্ব পরিস্থিতি ও বাংলাদেশের অতিমারি থেকে উত্তরণের পথ এবং শিক্ষার টেকসই উন্নয়ন কর্মকৌশল নিয়ে বোদ্ধা মহলে নানা আলোচনা ও বিতর্ক রয়েছে। বাংলাদেশসহ বিশ্বের উন্নয়নমুখী দেশগুলোতে দক্ষ জনশক্তির অভাব প্রকট। এখানে উচ্চশিক্ষা প্রতিষ্ঠানসমূহে সুশাসন ও ব্যবস্থাপনা উন্নয়নের গতি নিম্নগামী। উচ্চশিক্ষা ও উদ্ভাবনী গবেষণায় রয়েছে অনেক সীমাবদ্ধতা, রয়েছে কৌশলগত কারণে দক্ষ জনশক্তি গড়ে তোলার অপারগতা। যার কারণে আশানুরূপ জ্ঞানভিত্তিক অর্থনীতি ও দক্ষ জনশক্তি গড়ে উঠছে না। ব্রিটিশ সাম্রাজ্যবাদের ২০০ বছর ও পাকিস্তানি শোষণ-নিপীড়ন, বঞ্চনা ও শিক্ষা সংকোচনের ২৩ বছর বাঙালি জাতিকে পশ্চাৎপদ করে রেখেছিল। জাতির উন্নতির চাবিকাঠি শিক্ষা অনেক ক্ষেত্রেই ছিল পিছিয়ে। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান একাত্তরে একসাগর রক্তের বিনিময়ে স্বাধীনতা অর্জনের পর শিক্ষার অগ্রগতির দিকে নজর দেন। বঙ্গবন্ধু বিশ্বাস করতেন পিছিয়ে পড়া বাঙালি জাতির উন্নয়ন সুষম শিক্ষা ছাড়া কখনোই উন্নতি সম্ভব নয়। মেধা ও মননে আধুনিক ও চিন্তা-চেতনায় প্রাগ্রসর একটি সুশিক্ষিত জনগোষ্ঠী দেশকে উন্নতির শিখরে পৌঁছে দিতে পারে। সে উপলব্ধি থেকে জাতির পিতা বঙ্গবন্ধু একসঙ্গে ৩৬ হাজার প্রাথমিক বিদ্যালয় এবং এক লাখ ৬২ হাজার শিক্ষকের চাকরি জাতীয়করণ করেছিলেন। বাংলাদেশের স্বাধীনতার পর প্রায় পাঁচ দশকেও কোনো শিক্ষানীতি বাস্তবায়ন করা সম্ভব হয়নি। একটি স্বাধীন দেশের চাহিদার আলোকে ১৯৭২ সালে কুদরত-ই-খুদা কমিশন প্রাথমিক, মাধ্যমিক এবং উচ্চ মাধ্যমিক স্তরে শিক্ষায় উল্লেখযোগ্য পরিবর্তনের সুপারিশ করে। সে অনুসারে শিক্ষানীতি প্রণীত হলেও ১৯৭৫ সালের ১৫ আগস্ট স্বাধীনতাবিরোধী চক্র বঙ্গবন্ধুকে সপরিবারে হত্যার এ ক্ষেত্রে সকল অর্জনকে ধ্বংস করার প্রক্রিয়া শুরু হয়। মুক্তিযুদ্ধের আদর্শ, লক্ষ্য ও চেতনাকে নস্যাৎ করার অভিপ্রায়ে শিক্ষা ব্যবস্থাকে পঙ্গু করে দেয়ার ষড়যন্ত্র শুরু হয়। ৭২-এর পর ছয়টি শিক্ষানীতি রিপোর্ট প্রণীত হলেও এগুলো বাস্তবায়িত হতে পারেনি।

২০০৯ সালের জানুয়ারি মাসে জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে আওয়ামী লীগ ও মহাজোটের সরকার প্রতিষ্ঠার পর ভিশন-২০২১ এবং ডিজিটাল বাংলাদেশ গড়ে তোলার লক্ষ্য নিয়ে অগ্রসর হয়। দায়িত্ব গ্রহণের অব্যবহিত পরেই বর্তমান সরকার স্বল্প সময়ের মধ্যে শিক্ষানীতি প্রণয়ন ও তা বাস্তবায়নের প্রক্রিয়া শুরু করে। তবে উন্নত বিশ্বের সাথে তাল মিলিয়ে বিশ্ববিদ্যালয়গুলোতে বর্তমান শিক্ষা-কার্যক্রমকে আরও সময় ও যুগোপযোগী করে গড়ে তোলা দরকার।

বাংলাদেশে টেকসই আর্থ-সামাজিক উন্নয়নের জন্য বিশ্ববিদ্যালয়গুলোতে শিক্ষা-কার্যক্রমকে যুগোপযোগী করে ঢেলে সাজানো ও প্রাসংঙ্গিক বিষয়াদির গুণগত মানোন্নয়নের প্রচেষ্টা এখনো খুবই সীমিত। বাংলাদেশ উন্নয়ন গবেষণা প্রতিষ্ঠান ২০১৭ সালে দেশের তৈরি পোশাক খাত, নির্মাণ, তথ্যপ্রযুক্তি, কৃষি, খাদ্যসহ নয়টি সেক্টরে দক্ষতার ঘাটতি নিয়ে একটি গবেষণা রিপোর্ট প্রকাশ করছে। অর্থনৈতিক খাতে বাংলাদেশে কর্মসংস্থানের বণ্টন নিয়ে একটি পরিসংখ্যানে দেখা যায় ২০০৯ থেকে ২০১৯ সাল পর্যন্ত ৩৮.৩ শতাংশ কর্মচারী কৃষি খাতে, ২১.৩২ শতাংশ শিল্পে এবং ৪০.৩৮ শতাংশ সেবা খাতে সক্রিয় ছিল।

বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরোর তথ্য অনুযায়ী, উচ্চশিক্ষা সমাপ্ত করা শিক্ষার্থীদের মধ্যে বেকারত্বের হার প্রায় ১১.২ শতাংশ যেখানে সার্বিক বেকারত্বের হার ৪.৩ শতাংশ। সরকারি বা বেসরকারি বিশ্ববিদ্যালয়, জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীন কলেজসমূহ বা পলিটেকনিক যেখান থেকেই উচ্চশিক্ষা সমাপ্ত করা হোক না কেন প্রায় এক তৃতীয়াংশ (৩৩%) স্নাতক শিক্ষা সমাপ্ত করার এক থেকে দুই বছর পরও পূর্ণকালীন কাজে নিয়োজিত হতে পারে না।

বাংলাদেশের বিশ্ববিদ্যালয়গুলো এখনো বিষয়ভিত্তিক দক্ষতার ঘাটতি মোকাবেলার জন্য শিক্ষার্থীদের কর্মোপযোগী করে গড়ে তোলার চাহিদা মেটাতে পারছে না। উন্নত দেশগুলোতে শিক্ষাপ্রতিষ্ঠান এবং শিল্পের মাঝে নিবিড় যোগাযোগ ও সহযোগিতা থাকে। দক্ষতার ঘাটতি মেটাতে পদক্ষেপের অংশ হিসেবে শিক্ষাপ্রতিষ্ঠানগুলো মূলত জনশক্তি তৈরি ও সরবরাহের কাজ করে। শ্রমবাজারে কী ধরনের জনশক্তি প্রয়োজন কোন কোন প্রশিক্ষণ দরকার, সেভাবে কারিকুলাম তৈরি ও প্রয়োজনীয় উপাদান যোগ বা পরিবর্তন করা হয়। জ্ঞান দান ও প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষার্থীদের কর্মোপযোগী করে তোলা হয় ।

ওয়ার্ল্ড ইকোনমিক ফোরামের ফিউচার অফ জবস রিপোর্টের তৃতীয় সংস্করণ অনুসারে, প্রযুক্তির গ্রহণ বৃদ্ধির সাথে সাথে ২০২৫ সালের মধ্যে সমস্ত কর্মচারীদের ৫০% -কে পুনরায় দক্ষতা অর্জনের প্রয়োজন হবে। যেহেতু নিয়োগকর্তারা সমালোচনামূলক চিন্তাভাবনা ও সমস্যা সমাধানের দক্ষতায় বিশ্বাস করেন। তাই আগামী পাঁচ বছরে এর প্রয়োজনীয়তা ও বিশিষ্টতা ক্রমেই বৃদ্ধি পাবে। এই বছর নতুনভাবে উদীয়মান হল স্ব-ব্যবস্থাপনার দক্ষতা যেমন: সক্রিয় শিক্ষা, স্থিতিস্থাপকতা, চাপ সহনশীলতা এবং নমনীয়তা।

চাকরি সমীক্ষার ভবিষ্যৎ-এর উত্তরদাতারা অনুমান করেন যে প্রায় ৪০% কর্মীদের ছয় মাস বা তার কম সময়ের মধ্যে পুনর্দক্ষতা গ্রহণের প্রয়োজন হয়ে পড়বে। মহামারীর অর্থনৈতিক প্রভাবে 'দ্বৈত-ব্যঘাত' এবং 'অটোমেশন ট্রান্সফর্মিং' এর কারণে চাকরিক্ষেত্রে ক্রমবর্ধমান দক্ষতা অর্জনের প্রয়োজন হচ্ছে। আমাদের কর্মক্ষম অর্ধেক জনগোষ্ঠীকে পরবর্তী পাঁচ বছরে পুনরায় দক্ষতা নেয়ার প্রয়োজনে উচ্চস্তরের শিক্ষা সংক্রান্ত কৌশলগত পরিকল্পনার এখনই গতি পরিবর্তন করা দরকার।

যেহেতু আমাদের শিক্ষাপ্রতিষ্ঠানগুলো জনশক্তি সরবরাহের কাজ করছে, সুতরাং এখন থেকেই দক্ষতার ঘাটতি মেটাতে পদক্ষেপ নিতে হবে। শিক্ষা প্রতিষ্ঠানগুলো জনশক্তি সরবরাহের কাজ করছে, তাদের কি ধরনের জনশক্তি প্রয়োজন, কোন কোন প্রশিক্ষণ দরকার, তা জানিয়ে দিলে তাদের পক্ষে কারিকুলামে প্রয়োজনীয় পরিবর্তন আনা সম্ভব হবে। এর মাধ্যমে শিক্ষার্থীদের আরও কর্মোপযোগী করে তোলা যাবে।

বাংলাদেশের শিক্ষা প্রতিষ্ঠানগুলোকে শিক্ষাদানের পরও শিক্ষার্থীদের কর্মসংস্থানের কথা ভাবতে হবে। এজন্য তাদের যেসব প্রয়োজনীয় দক্ষতা দরকার, সেগুলোর চর্চা করতে হবে। বিশ্ববিদ্যালয়ে সেন্টার গঠন করে সেখানে গ্র্যাজুয়েটদের উপযুক্ত প্রশিক্ষণ দিতে হবে। বিশ্ব অর্থনৈতিক ফোরামের উল্লেখিত ১০টি গ্র্যাজুয়েট স্কিলস যাতে বেশির ভাগ শিক্ষার্থী আয়ত্ত করতে পারেন সেজন্য পদক্ষেপ নিতে হবে। পড়ালেখার পাশাপাশি খেলাধুলা, সাংস্কৃতিক কার্যক্রম,বক্তৃতাসহ বিভিন্ন ধরনের প্রতিযোগিতার আয়োজন ও এতে শিক্ষার্থীদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে। এতে করে তাদের নিজেদের অজান্তেই এসব গ্র্যাজুয়েট নানান স্কিল আয়ত্ত করতে পারবেন। তাদের দৈহিক সুস্থতা ও মানসিক বিকাশ ঘটবে। আর এজন্য একটা দুর্নীতিমুক্ত, সংবেদনশীল এবং শিক্ষার্থীবান্ধব বিশ্ববিদ্যালয় প্রশাসন দরকার।

TUITION FREE TAX SCHOOL*

লিবার্টি ট্যাক্স স্কুল

BECOME A TAX PROFESSIONAL

Complete our Income Tax Course

And Join America's Fastest Growing Tax Preparation Company for the Upcoming Tax Season.

Day, Evening & Weekend Classes are available for your convenience.

Please Contact : **718-297-3500**

LIBERTY TAX SERVICE

147-20 Hillside Ave, 2nd Floor, Jamaica NY 11435
Email: libertytaxschool101@gmail.com
(তাজমহল রেস্টুরেন্টের উল্টা দিকে)

(One Block East From Sutphin Blvd on the corner of Hillside Ave. Train Station, Close by F & E Train)

* The Tuition Fee is Free. The cost for books and materials varies per location.

ডা. এটিএম ইউছুফ (স্বপন) এমডি

জ্যাকসন হাইটসে মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী অভিজ্ঞ ডাক্তার

স্থান পরিবর্তন

অফিসঃ ৩৭-২৯, ৭২ স্ট্রিট
১ম তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক

- ডায়াবেটিক, উচ্চ রক্তচাপ, থাইরয়েড, এজমা, বাতের ব্যথা, চর্মরোগ, যৌন রোগসহ সব ধরনের চিকিৎসা করা হয়।
- ফিজিক্যাল এক্সাম, টিএলসি এক্সাম ও স্কুল-কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
- সুলভে রক্ত পরীক্ষা, ইকেজি, টিবি ও প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
- সকল ধরণের ইন্সুরেন্স গ্রহণ করা সহ বাংলাদেশী ভাইবোনদের যত্নসহকারে চিকিৎসা ও পরামর্শ দেয়া হয়।
- অনুগ্রহ করে আসার আগে ফোন করে আপনার এপয়েন্টমেন্ট ও সময় জেনে নিন।

ফোনঃ ৭১৮-৭৭৭-১১১২, ৭১৮-২০৫-৬৬৩৩

জান্নাত ফার্মেসি

(জ্যাকসন হাইটসে সম্পূর্ন বাংলাদেশী মালিকাধীন প্রতিষ্ঠান)

GRAND RE-OPENING SALES

আপনার সেবায় আমরা নিয়োজিত
Now We Accept EBT, FOOD STAMP & OTC CARD
Bill Pay & Flexiload
Sim Activation
বাংলাদেশের ফোনে ফ্লেক্সিলোড

72-03 35th Ave, (Corner of 72nd St.) Jackson Heights, NY 11372
Tel: 718-732-4288, 718-835-2041, Fax: 718-732-4287,
Email: jannatpharmacy@gmail.com

ঔষধ সেবনের নির্দেশনা বাংলায় দেই
Free Delivery!
10% SENIOR DISCOUNT
Halal Vitamin & Supplements
5¢ Copy & $1 Fax
Phone Cards & Flexiload
Huge 99¢ Sections
Open: Monday – Saturday
10:00 am to 8:00 pm

উডসাইডে আপনাদের পাশে
উডসাইডে আপনাদের পাশে
Bismillah Pharmacy
6409 Broadway woodside
NY 11377
Phone 718-685-2017

জামাইকার সাটফিন ব্লুবার্ডে বাংলাদেশীদের সেবায় নিয়োজিত

আস্-সালাম ফার্মের্সি

(সাটফিন ব্লুবাড, এফ ট্রেনের সাবওয়ে এবং তাজমহল রেস্টুরেন্টের নিকটে)
১৪৭-২৬, হিলসাইড এভিনিউ,
জামাইকা, নিউইয়র্ক ১১৪৩৫

ফোন: ৭১৮-২৯১-০৭১৭

নিরাপত্তা ও বিশ্বস্ততার প্রতীক

সোনালী এক্সচেঞ্জ কোম্পানী ইনক
SONALI EXCHANGE CO. INC.

(সোনালী ব্যাংক লিমিটেড এর একটি অঙ্গ প্রতিষ্ঠান)
LICENSED AS INTERNATIONAL MONEY TRANSMITTER BY THE BANKING DEPARTMENT OF THE STATE OF NEW YORK, NEW JERSEY, GEORGIA, MARYLAND & MICHIGAN

সোনালী এক্সচেঞ্জ প্রবাসে আপনার সবচেয়ে পুরনো ও বিশ্বস্ত বন্ধু

ঘরে বসে এখন Apps এর মাধ্যমে দেশে টাকা পাঠানো যাবে। এই জন্য আই ফোন এবং এনড্রয়েড ফোনে প্লে স্টোরে গিয়ে ডাউনলোড করতে হবে Sonali Exchange এর Apps টি

- ✓ যুক্তরাষ্ট্রে বাংলাদেশ সরকারের আর্থিক প্রতিষ্ঠান
- ✓ সর্বোচ্চ বিনিময় হার ও সর্বনিম্ন ফি।
- ✓ সরকারী নিরাপত্তায় আপনার প্রেরিত অর্থ সম্পূর্ণ নিরাপদ ও আয়কর মুক্ত।
- ✓ বাংলাদেশের সর্বত্র ক্যাশ পিক-আপ।
- ✓ যে কোন ব্যাংক একাউন্টে টাকা পৌঁছে যায় অতি দ্রুত।
- ✓ ঘরে বা অফিসে বসেও অনলাইনের মাধ্যমে রেমিটেন্স করা যায়। লগ ইন করুন: www.sonaliexchange.com

সোনালী এক্সচেঞ্জ এর মাধ্যমে রেমিটেন্স করুন, দেশের অর্থনৈতিক উন্নয়নে গর্বিত অংশীদার হউন।

রেমিটেন্স সংক্রান্ত তথ্যের জন্য নিম্নের যে কোন শাখায় যোগাযোগ করুন

ASTORIA 718-777-7001	ATLANTA 770-936-9906	BROOKLYN 718-853-9558	JACKSON HTS 718-507-6002	BRONX 718-822-1081
JAMAICA 347-644-5150	MANHATTAN 212-808-0790	MICHIGAN 313-368-3845	OZONE PARK 347-505-8670	PATERSON 973-595-7590

আমাদের সার্ভিস নিন – আপনাকে সেবা করার সুযোগ দিন

Law Offices

এক্সিডেন্ট কেইসেস

মেডিক্যাল ম্যালপ্র্যাকটিস ও হাসপাতালের ত্রুটিপূর্ণ শিশুর জন্ম

917-282-9256

(To schedule appointment only)

বিনামুল্যে পরামর্শ, প্রয়োজনে এটর্নী আপনার বাসায় অথবা হাসপাতালে আসবেন

Moin Choudhury, Esq.
Attorney at Law
এটর্নী মঈন চৌধুরী

আমরা অতীতে আমাদের ক্লায়েন্টদের জন্য মিলিয়ন মিলিয়ন ডলার আদায় করে দিয়েছি।

Timothy Bompart, Esq
Attorney at Law

নিউইয়র্ক, নিউজার্সি, মিশিগান
পেনসিলভেনিয়া, কানেকটিকাট, ফ্লোরিডা
জর্জিয়া ও ভার্জিনিয়াতে
আমাদে সহযোগী - লাইসেন্স প্রাপ্ত এটর্নীরা
আপনাদের সেবায় নিয়োজিত

- গাড়ী দুর্ঘটনা
- বিল্ডিং এ দুর্ঘটনা,
- কাজের জায়গায় দুর্ঘটনা
- ট্রিপ এন্ড ফল
- বিকলাঙ্গ শিশুর জন্ম

এপয়েন্টমেন্টের জন্য কল করুন ৯১৭-২৮২-৯২৫৬

- কনস্ট্রাকশন কাজে দুর্ঘটনা
- স্লিপ এন্ড ফল
- হাসপাতালে ভুল চিকিৎসা
- লেড পয়জনিং

ইমিগ্রেশন

- পলিটিক্যাল এসাইলাম
- বিনা পরীক্ষায় নাগরিকত্ব
- এডজ্যাস্টম্যান্টে অব স্টেটাস (গ্রীন কার্ড)

IMMIGRATION

- স্টুডেন্ট ভিসা
- ডিপোর্টেশন কেইসেস
- ইনভেষ্টমেন্ট ভিসা
- ভিজিট ভিসা - এক্সটেনশন সহ
- বৈবাহিক সূত্রে গ্রীন কার্ড
- সকল প্রকার ইমিগ্রেশন

সকল প্রকার ইমিগ্রেশন বিষয়ে কনসালটেশন ফি নূন্যতম ৫০ ডলার

Law offices of Timothy Bompart

37-11 74 St., Suite 209, Jackson Heights, NY 11372

Moin Choudhury Law Firm, P.C 292000 Southfield Road, Suite # 108, Southfield, MI 48076

Immigration Petitions & Adjustment of Status.

Timothy Bompart is admitted in NY only. Moin Choudhury is admitted in MI State only and the U.S Supreme Court. Prior result do not guarantee the outcome of any future cases.

নিউইয়র্কের মঞ্চে অনুরগীদের ভালোবাসায় সিক্ত সাবিনা ইয়াসমিন। ছবি সংগ্রহ

নিউইয়র্কে সাবিনা ইয়াসমিনের একক সঙ্গীতানুষ্ঠান

রোকেয়া দীপা

বাংলা গানের কিংবদন্তি শিল্পী সাবিনা ইয়াসমিন ৭ নভেম্বর রোববার সন্ধ্যায় নিউইয়র্কের করোনার ফ্ল্যাশিং মেডোর কুইন্স থিয়েটারে সঙ্গীত পরিবেশন করেন। আয়োজন করেছেন শো'টাইম মিউজিক অ্যান্ড প্লে (এসএমপি)।নিউইয়র্কে সাবিনা ইয়াসমিনের এটিই ছিলো প্রথম একক সঙ্গীতানুষ্ঠান। এর আগে ২০১৬ সালের ১৫ মে নিউইয়র্কের ইয়র্ক কলেজ অডিটরিয়ামে আরেক জীবন্ত কিংবদন্তী রুনা লায়না সঙ্গে একমঞ্চে গান পরিবেশন করেছিলেন সাবিনা ইয়াসমিন।

আহমেদ ইমতিয়াজ বুলবুলের লেখা ও সুর করা 'সুন্দর সুবর্ণ তারুণ্য লাবণ্য'এই জনপ্রিয় গান দিয়ে শুরু করেন। এরপর আলাউদ্দিন আলী খানের সুর করা আমজাদ হোসেনের লেখা একটি গান করলেন। 'দুঃখ ভালোবেসে প্রেমের খেলা খেলতে হয়'। আলাউদ্দিন আলী খানের আত্মার শান্তি কামনা করে বল্লেন, তিনি অত্যন্ত জনপ্রিয় সুরকার, তার প্রতিটি গানই ছিল হৃদয়গ্রাহী।

মাসুদ করিম সুর করা, রজনীগন্ধা ছিনেমার গান। আমি রজনী গন্ধা ফুলের মত জনপ্রিয় গান, এই মন তোমাকে দিলাম, ইশারায় শিস দিয়ে যায়, নানিগো নানী, আরো বেশকিছু জনপ্রিয় গান। সবশেষে মহান মুক্তিযুদ্ধে শহীদদের প্রতি শ্রদ্ধা জানিয়ে গাইলেন 'সব কটা জানালা খুলে দাও না...'। নজরুল ইসলাম বাবুর লেখা আর আহমেদ ইমতিয়াজ বুলবুলের সুরে কিংবদন্তি শিল্পী সাবিনা ইয়াসমিন যখন গানটা গাইলেন; সমস্ত স্টেজ জুড়ে তখন অন্য এক আবহ। এত দরদ হৃদয় ছুঁয়ে গেলো সবার।

> চলতি মাসের ২৩ তারিখ সাবিনা অংশ নেবেন আটলান্টিক সিটির শোতে। ২৭ নভেম্বর তিনি গান গাইবেন ওয়াশিংটনের ফোবানার জমকালো আয়োজনে।

সাবিনা ইয়াসমিন একজন বাংলাদেশি নেপথ্য সঙ্গীতশিল্পী। বাংলাদেশের চলচ্চিত্রের গানের পাশাপাশি তিনি দেশাত্মবোধক গান থেকে শুরু করে উচ্চাঙ্গ, ধ্রুপদী, লোকসঙ্গীত ও আধুনিক বাংলা গানসহ বিভিন্ন ধারার নানান আঙ্গিকের সুরে গান গেয়ে নিজেকে দেশের অন্যতম সেরা সঙ্গীতশিল্পী হিসেবে প্রতিষ্ঠিত করেছেন। চলচ্চিত্রের গানে কণ্ঠ দিয়ে তিনি ১৪টি জাতীয় চলচ্চিত্র পুরস্কার ও ৬টি বাচসাস পুরস্কার অর্জন করেছেন। শিল্পকলার সঙ্গীত শাখায় অবদানের জন্য বাংলাদেশ সরকার তাকে ১৯৮৪ সালে দ্বিতীয় সর্বোচ্চ বেসামরিক রাষ্ট্রীয় সম্মাননা, একুশে পদক এবং ১৯৯৬ সালে সর্বোচ্চ বেসামরিক রাষ্ট্রীয় সম্মাননা স্বাধীনতা পুরস্কারে ভূষিত করে।

করোনার কারণে দীর্ঘদিন ধরেই দেশের বাইরে সফরে যাননি এই শিল্পী। শো টাইম মিউজিকের আয়োজনে অনেকগুলো অনুষ্ঠানে অংশ নেবেন সাবিনা ইয়াসমিন। চলতি মাসের ২৩ তারিখ সাবিনা অংশ নেবেন আটলান্টিক সিটির শোতে। ২৭ নভেম্বর তিনি গান গাইবেন ওয়াশিংটনের ফোবানার জমকালো আয়োজনে। আর ৪ ডিসেম্বর তিনি নিউ ইয়র্কে ঢালিউড অ্যাওয়ার্ডে অংশ নেবেন। সবশেষ ১১ ডিসেম্বর সাবিনা সংগীত পরিবেশন করবেন টেক্সাসে।

এস্টোরিয়া ও জ্যামাইকাতে মেডিসিন বিশেষজ্ঞ ডাক্তার

MOHAMMAD M RAHMAN MD

Board Certified in Internal Medicine

Geriatrics,
Hospice & Palliative
Care Medicine
Attending Physician,
NYU School of Medicine

এখানে ল্যাব, সনোগ্রাম, ইকেজি, ফ্লু, হজ্ব ভ্যাকসিন দেয়া হয়

আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহণ করি।

Appointment:

718-526-0700, 718-383-4500
Cell- 718-864-8882

ASTORIA OFFICE:	JAMAICA OFFICE:
30-04, 36th Avenue LIC, NY 11106 Tel: 718-383-4500	170-12 Highland Avenue Jamaica Estates, NY- 11432 www.drmrahman.com

এটিএম, ফোন কার্ড এবং মেট্রো কার্ড পাওয়া যায়

বিনামূল্যে ব্লাড প্রেসার চেক করা হয়।
বিনামূল্যে ব্লাড সুগার মনিটর
২৫% ছাড় কুপন সহ যে কোন পন্য ক্রয়ে
প্রেসক্রিপশন এর ক্ষেত্রে প্রযোজ্য নয়।
ফ্রি উপহার কুপন সহ ভিতরে প্রবেশ করলেই

- প্রতিদিন সর্বোচ্ছ কম মূল্যের নিশ্চয়তা এবং সিনিয়র সিটিজেনদের জন্য ১০% মূল্য ছাড়
- সার্জিক্যাল সাপ্লাই, হোম হেলথ কেয়ার, প্রসাধনী সামগ্রী, সুগন্ধি, ভিটামিন, হেলথ এন্ড বিউটি কেয়ার
- ফটোকপি ৫ সেন্ট, ■ ফ্যাক্স সার্ভিস ■ ৯৯ সেন্ট এ উপহার কার্ড ■ ফিল্ম প্রসেসিং

আমরা মেডিকেইড, মেডিকেয়ার পার্ট ডি, থার্ড পার্টি ইন্স্যুরেন্স অধিকাংশ ইউনিয়ন প্ল্যান ও ওয়ার্কার কমপেনসেশন গ্রহন করে থাকি।

আমাদের অন্য কোন শাখা নেই আমরা অন্য ফার্মেসী থেকে আপনার সকল প্রেসকিপশন সংগ্রহ করে থাকি।

PARKCHESTER FAMILY PHARMACY (347) 851-2688

১৪৪৫ ইউনিয়ন পোর্ট রোড ব্রঙ্কস, নিউইয়র্ক - ১০৪৬২

জব হেল্প! জব হেল্প!!

- পোষ্ট অফিস জব, ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্ট, স্কুল সেফটি এজেন্ট, পুলিশ অফিসার, কারেকশন অফিসার এবং এমটিএ জব সহ আমেরিকার সব ধরণের সরকারী জব-এর এপ্লিকেশন এবং পরীক্ষায় পাশ করার জন্য হেল্প করা হয়।
- পোষ্টাল (United State Postal Service) জব একটি ফেডারেল জব। এই জব-এ সকল প্রকার সরকারী সুযোগ সুবিধা বিদ্যমান। খুব সহজে এবং অল্প সময়-এ এই জব পাওয়া সম্ভব।
- জব না হওয়া পর্যন্ত আমরা আনলিমিটেড সাহায্য করে থাকি।
- আমাদের লক্ষ্য একটি সঠিক জব পেতে আপনাকে সাহায্য করা। বিস্তারিত তথ্যের জন্য যোগাযোগ করুন।

ফোন:৩৪৭-৪৫৯-০৫৪৫ (মন্ডল) (By Appointment Only)
Microsoft Certified System Engineer and
A Plus Certified Professional এবং সরকারী জব এ কর্মরত
৩৩-২৪ ৭৭ স্ট্রিট, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক।

Law Office of Mahfuzur Rahman

Mahfuzur Rahman, Esq.
এটর্নী মাহ্‌ফুজুর রহমান
Attorney-At-Law (NY)
Barrister-At-Law (UK)

Admitted in US Federal Court
(Southern & Eastern District, Court of Appeals 2nd Circuit and Ninth Circuit.)
সহযোগিতার জন্য যোগাযোগ করুন।
ইমিগ্রেশনঃ ফ্যামিলি পিটিশন, গ্রীনকার্ড, ন্যাচারালাইজেশন এবং সিটিজেনশীপ, এসাইলাম, ডিপোর্টেশন, Cancellation of Removal, VAWA পিটিশন, লিগ্যালাইজেশন, বিজনেস ইমিগ্রেশন (H-1B, L1B, J1, EB1, EB2, EB3, EB5)
ফ্যামিলি ল' আনকনটেস্টেড এবং কনটেস্টেড ডিভোর্স, চাইল্ড সাপোর্ট এবং কাস্টডি, এলিমনি।

- ব্যাংক্রাপ্সী
- ল্যান্ডলর্ড ট্যানেন্ট ডিসপিউট
- রিয়েল এস্টেট ক্লোজিং
- উইল্‌স
- ইনকোর্পোরেশন
- ক্রেডিট কনসলিডেশন
- পার্সনাল ইঞ্জুরি (এক্সিডেন্ট, কনস্ট্রাকশন)
- মর্গেজ
- ক্রিমিন্যাল এবং সিভিল লিটিগেশন
- ট্যাক্স ম্যাটার

Appointment : 347-856-1736
JACKSON HEIGHTS
75-21 Broadway, 3rd Fl, Elmhurst, NY 11373
Tel: 347-856-1736, Fax: 347-436-9184
E-mail: attymahfuz@gmail.com

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে 50 পারসেন্ট ডিসকাউন্টে সিপিএ'র মাধ্যমে ট্যাক্স ফাইল করুন

TAX FILING 2020

WE DO ALL TYPES OF TAXES

50% REDUCTION IN FEES AS COVID-19 RELIEF

CONTACT
KALIANNA LAKSHMANAN, CPA, CISA
7232 BROADWAY, SUITE 306
JACKSON HEIGHTS, NY 11372
Phone: 347-279-6001, 347-592-9973; Fax: 718-799-9181
Email: lakashmanan@kali-cpa.com

সময়ের পরীক্ষিত, নতুন প্রজন্মের অন্যতম সৈনিক, বীর চট্টলার গৌরব

শাহানা হানিফ

নিউইয়র্ক সিটি-ডিষ্ট্রিক্ট-৩৯ ব্রুকলিন থেকে কাউন্সিলমেন নির্বাচিত হওয়ার

প্রানঢালা শুভেচ্ছা

জয়ন্তু কাউন্সিলমেন শাহানা হানিফ

মনির আহমদ
সভাপতি

মোহাম্মদ সেলিম
সাধারণ সম্পাদক

মাসুদ হোসেন সিরাজী, আলী নুর, আবুল কাশেম, মহিউদ্দিন চৌধুরী খোকন, ইকবাল হোসেন, রবিউল হোসেন চৌধুরী, মো: আরিফুল ইসলাম, মো: সফিকুল আলম, মো: এনামুল হক চৌধুরী, মোহাম্মদ হোসেন, মোহাম্মদ ইলিয়াস, মো: আবু তাহের, মীর কাদের রাসেল, পরিমল কান্তি নাথ, মো: হারুনুর রশিদ, মো: আইয়ুব আনসারী, মোহাম্মদ মহিন উদ্দিন, মাকসুদুল হক চৌধুরী।

চিটাগাং এসোসিয়েশন অব নর্থ আমেরিকা ইন্‌ক
Chittagong Association of North America Inc.

‘১১ মিলিয়ন লোকের জন্য ১১দিন’ শিরোনামে নিউইয়র্কের টাইম স্কয়ারে অভিবাসীদের আন্দোলন শুরু হয়েছে। ৩ নভেম্বর থেকে ১৩ নভেম্বর পর্যন্ত প্রতিদিন জড়ো হচ্ছেন অভিবাসী অধিকার আদায়ে সোচ্চার নাগরিক সংগঠনগুলোর সাথে নথিপত্রহীন অভিবাসীরা। ৩ নভেম্বর টাইম স্কয়ার থেকে ছবিটি তুলেছেন সৈয়দ মাসুদুল কবির

১ দশমিক ২ ট্রিলিয়ন ডলারের আইন প্রস্তাব পাস: বাইডেনের বিরাট বিজয়

উত্তর আমেরিকা অফিস

মার্কিন প্রতিনিধি পরিষদ ১ দশমিক ২ ট্রিলিয়ন ডলারের ট্রিলিয়ন ডলারের পরিকাঠামো আইন পাস করেছে। নিজেদের মধ্যে টানা দরকষাকষির পর ৫ নভেম্বর শুক্রবার মধ্যরাতের কিছু আগে ডেমোক্র্যাটিক পার্টি আইন প্রস্তাবটি পাস করতে সক্ষম হয়েছে। আগেই সিনেটে পাস হওয়ার ফলে আইন প্রস্তাবটি সরাসরি প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে যাবে।

পরিকাঠামো আইন প্রস্তাবটি পাশ হওয়াকে প্রেসিডেন্ট জো বাইডেনের বিরাট বিজয় বলে মনে করা হচ্ছে। আমেরিকার ইতিহাসে সবচেয়ে ব্যয়বহুল উন্নয়নের প্রস্তাব রয়েছে এ আইনে। ডেমোক্র্যাট দলের অতি উদারনৈতিক পক্ষ আইন প্রস্তাবের বিরোধিতা করেছেন এবং প্রস্তাবের বিপক্ষে ভোট প্রদান করেছেন। রিপাবলিকান দলের ১৩ জন সদস্য দলীয় অবস্থানের বাইরে এসে আইন প্রস্তাবটির পক্ষে ভোট দিয়েছেন।



জো বাইডেন

পরিকাঠামো আইন পাশ হওয়ার পর হোয়াইট হাউসে রীতিমতো উৎসব শুরু হয়েছে। শুক্রবার মধ্যরাতে হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি জেন সাকি বলেছেন,ব্রিজ সড়ক পুনর্নির্মাণ হবে, ব্যাপক উন্নয়ন কাজ শুরু হবে। তিনি বলেন,আমেরিকার জনগণের জন্য আরও সুসংবাদ শীঘ্রই আসছে। প্রেসিডেন্ট জো বাইডেন দ্রুতই আইন প্রস্তাবটি অনুমোদন করবেন। এ আইন পাস হওয়ার ফলে আমেরিকার সড়ক জনপথে ব্যাপক কাজকর্ম শুরু হবে। ব্রিজ, রেলপথ, নৌপথ আধুনিকায়ন করা হবে। সমগ্র আমেরিকার ব্রডব্র্যান্ড কাঠামোতে ব্যাপক পরিবর্তন আনা হবে। পরিবেশবান্ধব বিদ্যুৎচালিত স্কুল বাস, ট্রাক চালু করা হবে। বিমানবন্দর, নৌবন্দরের কাঠামোগত ব্যাপক উন্নয়ন কাজ শুরু হবে। এসব কাজ শুরু হলে বিপুল সংখ্যক লোকের কর্মসংস্থান সৃষ্টি হবে বলে বলা হচ্ছে।

প্রেসিডেন্ট জো বাইডেনের আরেকটি ব্যয়বহুল আলাদা অর্থ প্রস্তাব নিয়ে এখনো সমঝোতা চলছে। ‘বিল্ড বেটার আমেরিকা’ নামের পৃথক অর্থ প্রস্তাবে সামাজিক খাতে বিপুল অর্থ বরাদ্দের চেষ্টা করছেন ডেমোক্র্যাটিক পার্টির উদারনৈতিক পক্ষ। সহসাই পৃথক আইন প্রস্তাব নিয়ে সমঝোতা করা হবে। এমন প্রতিশ্রুতির ফলে বেশ কিছু ডেমোক্র্যাট আইনপ্রণেতা আগের অবস্থান থেকে সরে এসে পরিকাঠামো আইন পাসের পক্ষে অবস্থান গ্রহণ করেন। দলের উদারনৈতিক পক্ষের আলেকজান্দ্রিয়া ওকাসিও, ইলহান ওমর, রাশিদা তলাইব, কোরি বুশ, জামাল বাওম্যান এবং আয়ানা প্রেসলি পরিকাঠামো আইন প্রস্তাবের বিপক্ষে ভোট দেন। আইন প্রস্তাবটি ২২৮-২০৬ ভোটে প্রতিনিধি পরিষদে পাস হয়েছে।

রাবাব ফাতিমা

কার্যকর সন্ত্রাস দমনে প্রয়োজন রাজনৈতিক সদিচ্ছা: রাষ্ট্রদূত ফাতিমা

রেজওয়ানা আলম

‘প্রধানমন্ত্রী শেখ হাসিনার দৃঢ় সংকল্প, অটল প্রতিশ্রুতি ও সময়োপযোগী পদক্ষেপ সন্ত্রাসবাদের বিরুদ্ধে লড়াই করার সামাজিক আন্দোলন শুরু করতে আমাদেরকে সাহায্য করেছে’— ৪ নভেম্বর বৃহস্পতিবার জাতিসংঘ নিরাপত্তা পরিষদ রেজুলেশন ১৩৭৩-এর ২০ বছর পূর্তি এবং নিরাপত্তা পরিষদ সন্ত্রাস দমন কমিটির প্রতিষ্ঠা উপলক্ষে আয়োজিত বিশেষ সভায় একথা বলেন জাতিসংঘে নিযুক্ত বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি রাষ্ট্রদূত রাবাব ফাতিমা।

যুক্তরাষ্ট্রে ৯/১১ এর সন্ত্রাসী হামলাসহ বিশ্বব্যাপী সকল সন্ত্রাসী হামলায় ক্ষতিগ্রস্ত মানুষদের সাথে বাংলাদেশের একাত্মতা প্রকাশের কথাও বলেন তিনি। সন্ত্রাসবাদ এবং এর যেকোনো ধরন বা রূপের প্রতি বাংলাদেশের জিরো টলারেন্স নীতির পুনরুল্লেখ করে বাংলাদেশের স্থায়ী প্রতিনিধি বলেন, বাংলাদেশ সন্ত্রাসবাদ দমনে গৃহীত সকল আন্তর্জাতিক প্রচেষ্টার সাথে যুক্ত। সন্ত্রাসবাদ, সহিংস চরমপন্থা, সন্ত্রাসবাদে অর্থায়নসহ এধরনের যেকোনো হুমকি দমনে প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বর্তমান সরকার যে সকল আইন প্রণয়ন এবং নীতিগত পদক্ষেপ গ্রহণ করেছে তা তুলে ধরেন রাষ্ট্রদূত ফাতিমা। রেজুলেশন ১৩৭৩-এর কার্যকর বাস্তবায়নে রাষ্ট্রদূত ফাতিমা সক্ষমতার ঘাটতি, সকল স্তরে কার্যকর আন্তসীমান্ত সহযোগিতা, দেশগুলোর মধ্যে অপারেশনাল তথ্যের নির্বিঘ্ন আদান-প্রদান এবং সন্ত্রাসবাদ ও সহিংস চরমপন্থার মূল কারণগুলো মোকাবিলা করার প্রয়োজনীয়তার ওপর জোর দেন।

সন্ত্রাসবাদ মোকাবিলার সকল আন্তর্জাতিক প্রচেষ্টায় একটি শক্তিশালী ও নির্ভরযোগ্য অংশীদার হিসেবে থাকার জন্য বাংলাদেশের যে অবিচল অঙ্গীকার রয়েছে তা পুনর্ব্যক্ত করেন রাষ্ট্রদূত ফাতিমা।

নিউইয়র্ক সিটির প্রি-কে শিক্ষার্থীদের তালিকাভুক্তির সংখ্যা এখনো কম

এইচ বি রিতা

নিউইয়র্ক সিটির সকলের জন্য বিনামূল্যের প্রি-কে কর্মসুচিতে নথিভুক্ত শিক্ষার্থীদের সংখ্যা এখনো প্রাক-মহামারি স্তরের নিচে রয়েছে। নিউইয়র্ক ডেইলি নিউজের তথ্য অনুসারে, প্রায় ৬০ হাজার চার বছর বয়সী শিশুদের এখন পর্যন্ত প্রি-স্কুল প্রোগ্রামে তালিকাভুক্ত করা হয়েছে। গত ৩ নভেম্বর বুধবার সিটি কাউন্সিলের শিক্ষা কমিটির শুনানির সময় শিক্ষা বিভাগের (ডিওই) কর্মকর্তা মারিয়া বেগ-রবসেরন এসব তথ্য নিশ্চিত করেছেন।

পরিসংখ্যানে দেখা গেছে, প্রি-কে সাধারণত গড়ে ৬৭ হাজার থেকে ৭০ হাজার তালিকাভূক্তি হওয়ার কথা। গতবছর করোনভাইরাস মহামারি চলাকালীন প্রি-কে স্কুলে তালিকাভূক্তির হার কমে গিয়েছিল। তবে ক্লাস থ্রি-কে সকলের জন্য প্রোগ্রামগুলোতে তালিকাভূক্তি বেড়েছে। গত স্কুল বছরের ১৬ হাজারের কম শিক্ষার্থী থেকে এই স্কুলবছরে এখন পর্যন্ত প্রায় ৩৬ হাজারে এ সংখ্যা দাঁড়িয়েছে।

মেয়র বিল ডি ব্লাজিও এ বছরের শুরুতে বলেছিলেন, ২০২১-২২ স্কুল বছরের জন্য পাঁচটি বরোর ৩২টি স্কুল জেলায় থ্রি-কে সবার জন্য নিশ্চিত করা হবে। নিউইয়র্ক ডেইলি নিউজ অনুসারে, প্রি-কে এবং থ্রি-

> গত স্কুল বছরের ১৬ হাজারের কম শিক্ষার্থী থেকে এই স্কুলবছরে এখন পর্যন্ত প্রায় ৩৬ হাজারে এ সংখ্যা দাঁড়িয়েছে।

কে নম্বরগুলো এই স্কুল বছরের তালিকাভূক্তির তথ্যে প্রথম যোগ হয়েছে। ডিওই জানায়, তারা এখনো তালিকা চূড়ান্ত করছে এবং অক্টোবরের শেষের মধ্যে সম্পূর্ণ তালিকাভূক্তির পরিসংখ্যান সরবরাহ করবে।

বিনামূল্যের প্রি-স্কুল প্রোগ্রামে তালিকাভুক্ত শিক্ষার্থীদের সামগ্রিক বৃদ্ধি, শহরের থ্রি-কে প্রোগ্রামের সম্প্রসারণের দ্বারা চালিত এবং এটি একটি বড় অর্জন বলে মনে করা হচ্ছে।

শিক্ষা বিভাগের মুখপাত্র কেটি ও'হ্যানলন এক বিবৃতিতে নিউইয়র্ক ডেইলি নিউজকে বলেছেন, 'প্রারম্ভিক শৈশব প্রাথমিক তালিকাভুক্তির এই শক্তিশালী বৃদ্ধি প্রমাণ করে নিউইয়র্ক সিটির পুনরুদ্ধার পুরোদমে চলছে। পূর্ণ সময়ের প্রাথমিক ও শৈশব শিক্ষা কর্মসুচিতে লোকজন প্রবেশাধিকার পাচ্ছে বলে তিনি তাঁর সন্তুষ্টির কথা জানিয়েছেন।

নিউইয়র্কে ভুয়া নম্বরপ্লেটের শত শত গাড়ি চলছে

রোকেয়া দীপা

নিউইয়র্ক সিটিতে ভুয়া নম্বরপ্লেটের শত শত গাড়ি চলছে। এসব গাড়ি বেপরোয়া গতিতে চলছে। টোল ও পার্কিং ফি ফাঁকি দিচ্ছে। বেপরোয়া গতিতে চলা এই গাড়িগুলো প্রায়ই দুর্ঘটনা ঘটাচ্ছে। নিউইয়র্ক সিটির বেড়ে ওঠা অপরাধ কর্মকাণ্ডে ভুয়া নম্বরপ্লেটের গাড়ি বড় ধরনের সমস্যা হয়ে দেখা দিয়েছে। সিটির স্ট্যাটেটেন আইল্যান্ড এলাকা থেকে ৫ নভেম্বর শুক্রবার একদিনে ভুয়া নম্বর প্লেটের ৪৬টি গাড়ি আটক করা হয়েছে।

নিউইয়র্ক সিটি শেরিফ জোসেফ ফুসিটো জানিয়েছেন, যানবাহন নিয়ে অপরাধ তদন্তের জের ধরে বৃহস্পতিবার রাত থেকে তল্লাশি শুরু হয়। শুধু স্ট্যাটেটেন আইল্যান্ডে রাতের তল্লাশিতে শুক্রবার সকাল পর্যন্ত এসব গাড়ি আটক করা হয়েছে।



পুরো সিটি থেকে সর্বমোট ৪১১টি এমন গাড়ি আটক করা হয়েছে। চারশ’র বেশি সমন ইস্যু করা হয়েছে। আটক গাড়িগুলোর মালিকানা চিহ্নিত করার জন্য তদন্ত শুরু হয়েছে। ধারণা করা হচ্ছে, এসব গাড়ির মধ্যে চুরি হওয়া গাড়ি থাকতে পারে। আবার অনেকেই টোল, পার্কিং টিকিট ফাঁকি দেয়ার জন্য ভুয়া নম্বরপ্লেট ব্যবহার করতে পারে।

বাড়ি ক্রয়ে ২৫% ডাউন পেমেন্ট দিলে নো ব্যাকগ্রাউন্ড চেক

- রেন্টাল
- প্রপার্টি কেনা-বেচা, শর্ট সেল-নেগোসিয়েশন কেনাবেচার ক্ষেত্রে অভিজ্ঞ
- অকশন-সিটি হাড (HUD) ব্যাংক
- মর্টগেজ ব্যবস্থা
- রি-ফাইন্যান্সসহ যাবতীয় সহযোগিতার জন্য কথা বলুন

Please call or text
646 284 4776
Abu Zaman
Licensed Real Estate Salesperson
abuzaman45@hotmail.com

Silver & Gold Realty

জব জব জব

আপনি কি আমেরিকাতে একটি সরকারী জব খুজছেন? আপনার কি হাইস্কুল ডিপ্লোমা, ব্যাচেলর অথবা মাষ্টার ডিগ্রী আছে? বাংলাদেশ অথবা ইউএস থেকে যদি থাকে তাহলে আর দেরী না করে আমাদের টিমে যোগ দিন এবং আপনার পছন্দমত ফিল্ডে একটি প্রফেশনাল জবের জন্য চেষ্টা করুন।

সিভিল সার্ভিস পরীক্ষায় (সিটি, স্টেট এবং ফেডারেল জবের) আপনাদের সর্বোচ্চ স্কোর পাওয়ার জন্য আমাদের সর্বাত্বক প্রচেষ্টা থাকে এবং সেভাবেই আমরা প্রার্থীকে প্রস্তুত করে নেই। (ম্যাথ, ইংরেজী এবং অন্যান্য ট্রিকি প্রশ্নাবলী সমৃদ্ধ আমাদের নিজস্ব প্রিপারেশন গাইড ব্যাংক)। আমেরিকার অন্য স্টেট থেকেও আমাদের টিমে যোগ দিতে পারেন।

তাছাড়া প্রফেশনাল রিজুমি, কভার লেটার এবং ফেইস টু ফেইস ইন্টারভিউ-এর জন্য তৈরী করা হয়। যাদের একাউন্টিং বেকগ্রাউন্ড তাদেরকে কুইকবুক, পিচট্রি, পেরুল ও একাউন্টিং-এর টিউটরিংসহ সবাইকে কম্পিউটার বেসিক শিখানো হয়।

আগ্রহী প্রার্থীরা আজই যোগাযোগ করুন - ৭১৮-৫৩০-২৬০৫
email: roudro123@yahoo.com

এম এ জামান (বর্তমানে নিউইয়র্ক স্ট্যাট গভ-এ কর্মরত)
সাকসেস মাল্টিপারপাস এ্যান্ড ক্যারিয়ার কনসালটিং ফার্ম (প্রতিষ্ঠাতা)
সার্টিফাইড বিজনেস ক্যারিয়ার স্কুল টিচার, দ্যা স্টেট ইউনিভার্সিটি অফ নিউইয়র্ক (জব ডেভলপার)
প্রাক্তন সাবস্টিটিউট টিচার, নিউ ইয়র্ক সিটি ডিপার্টমেন্ট অফ এডুকেশন এবং
লেকচারার ইন একাউন্টিং, এম এল আই, নিউ ইয়র্ক, কুইন্স

ইনকামট্যাক্স ২০১৯ ইনকামট্যাক্স

আন্‌জুমান ট্যাক্স সার্ভিসেস ইন্‌ক

37-21 72nd Street, Sute # 202
Jackson Heights, NY-11372

IRS Authorised E-File Provider

● ইনকামট্যাক্স, ব্যক্তিগত, ব্যবসায়িক ও কর্পোরেশন রিটার্ন ● বুক কিপিং, একাউন্টিং, সেলস্ ট্যাক্স, পে-রোল ট্যাক্স ● কর্পোরেশন ফর্ম ও নতুন ব্যবসা সেটআপ ● স্বামী-স্ত্রী ও পরিবার পরিজনদের জন্য আবেদনসহ যাবতীয় ইমিগ্রেশন সার্ভিস ● ইংরেজী অনুবাদ ও নোটারী সার্ভিস ● ইমিগ্রেশন সার্ভিসেস। আমাদের অফিস সপ্তাহে সাত দিনই খোলা থাকে।

যোগাযোগ ► আবু হেলেন হোসেন

718-777-5477, Cell: 917-496-7966, Fax, 718-777-8020

MITU DISABILITY CENTER
MITU PHYSICAL THERAPY P.C.
MITU HOME CARE LLC.

RONJAN
(Disability Consultant)
646-730-8416

আপনি যদি অসুস্থ হন তাহলে প্রতি মাসে ৫০০-২৫০০ ডলার পেতে পারেন

JABBAR SHARIFF
Attorney & Counselor at Law

MITU DISABILITY CENTER
- স্টেট ডিসএ্যাবিলিটি (TANF)
- ফেডারেল ডিসএ্যাবিলিটি (SSI, SSDI)
- এখানে ডাক্তার দ্বারা ফিজিক্যাল থেরাপী দেওয়া হয়।
- ইমিগ্রেশনের বিষয়ে সাহায্য করা হয়।

পরীক্ষা ছাড়াই আমেরিকার সিটিজেনশীপ

N-648 WAIVER

MITU PHYSICAL THERAPY P.C.
আমরা যেকোন ধরনের ব্যাথা / জয়েন্ট পেইনের জন্য থেরাপী দিয়ে থাকি। ঘাড়ের ব্যাথা, পিঠের ব্যাথা, হার্টের ব্যাথা, গোড়ালীর ব্যাথা, নার্ভের ব্যাথা, অবস হওয়া, ঝিনঝিন করা, মাথা ধরা এবং সাইয়া টিকার ব্যাথা নিরাময়ের চিকিৎসা দিয়ে থাকি।
Nagah A. Alaidy
(ফিজিক্যাল থেরাপিষ্ট)

MITU HOME CARE LLC.
আপনি প্রতি সপ্তাহে আয় করুন
আপনার মা-বাবা, শ্বশুর-শাশুড়ী, আত্মীয়-স্বজন, প্রতিবেশী, বন্ধু-বান্ধব অথবা যেকোন রোগীকে স্বাস্থ্য সেবা দিয়ে অর্থ উপার্জন করুন। আমেরিকায় রোগীকে সেবা করার সম্পূর্ণ খরচ সরকার বহন করে থাকে।

3747, 73rd Street, Suite # 215
Jackson Heights, NY 11372
(Kings Plaza)
Phone: 718-701-2666, 646-730-8416, Fax: 718-225-1025
Email: bonijronjan@yahoo.com

আমেরিকায় স্থায়ীভাবে বসবাসের ব্যাপারে ফ্রি পরামর্শ

B1/B2 সহ অন্য যে-কোন নন-ইমিগ্রান্ট ভিসায় আগতদের স্বপরিবারে আমেরিকায় বসবাসের জন্য রয়েছে অনেক সুযোগ

- ব্যাবসায়ী ও কর্পোরেট প্রফেশনালদের জন্য আছে L1A বা E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- Small ইনভেস্টরদের জন্য আছে সহজেই অল্প বিনিয়োগে আমেরিকান franchise ক্রয়ের মাধ্যমে E2 ভিসা নিয়ে স্বপরিবারে আমেরিকায় বসবাস ও ভবিষ্যতে গ্রীনকার্ডের সুযোগ

- বিপদগ্রস্থ পলিটিশিয়ান ও এন.জি.ও কর্মীদের জন্য পলিটিকাল এসাইলামের আবেদন করে ৬ থেকে ৮ মাসের মধ্যে সোশাল সিকিউরিটি ও ওয়ার্ক পারমিট সহ বসবাসের সুযোগ

-যারা এক বছর বা তার আগে গ্রীনকার্ডের জন্য এপ্লাই করে অপেক্ষা করছেন তাদের জন্য রয়েছে সুখবর।

-আমরা এখন H1B ও EB5 এর ব্যাপারেও সহায়তা করি।

স্বনামধন্য আমেরিকান Lawyer এর মাধ্যমে VISA/Case প্রসেস করে থাকি

FRANCHISE BROKER ACADEMY
Member

H1B	L1A VISA
EB5	E2 VISA
POLITICAL ASYLUM	

হটলাইন: +১ ২০১ ৪৫৬ ৩১০৩
সপ্তাহে ৭ দিনই খোলা

Captor USA, Inc.
Franchise & Business Consulting Firm
New addres 37-16, 73 street, Suite # 402, Jackson Heights, NY 11372
Phone: +1 (718) 433 9001, +1 (718) 433 9002; Fax: +1 (718) 744 9590
Cell: (201) 456-3103, (646) 707 9067; Email: captor.usa@gmail.com, iftekhar.cml@gmail.com

নিউইয়র্কে লাখ লাখ ডলারের ট্রাফিক টিকিট অপরিশোধিত

এইচ বি রিতা

অপরিশোধিত পার্কিং টিকিট নিয়ে নিউইয়র্ক সিটি বিপাকে পড়েছে। ২০১৬ সাল থেকে নিউইয়র্ক সিটির বাইরের গাড়ি চালকদের নামে জারি করা হয়েছে আনুমানিক এক কোটি ডলারের পার্কিং টিকিট। এসব জরিমানার অধিকাংশ অর্থই অপরিশোধিত পড়ে আছে। এরমধ্যে নিউ জার্সির লাইসেন্স প্লেট নিয়ে গাড়ি চালকদের রেকর্ড সবচেয়ে খারাপ বলে পাওয়া তথ্য থেকে জানা গেছে।

নিউ ইয়র্ক সিটির স্ট্রিটব্লগের তথ্য বিশ্লেষণে দেখা গেছে, নিউ ইয়র্কের প্লেটযুক্ত গাড়িগুলির ৭৮ শতাংশ, পার্কিং এবং গতি নিয়ন্ত্রণ ট্রাফিক আইন লঙ্ঘন করে থাকে। ট্রাফিক আইনের এমন লঙ্ঘনের জন্য জরিমানা করে টিকিট ইস্যু করা হয়। ২০১৬ সাল থেকে ২০২০ পর্যন্ত পর্যন্ত অপরিশোধিত ট্রাফিক টিকিটের ৩৮ শতাংশই বাইরের রাজ্যের যানবাহন বলে জানা গেছে। নিউইয়র্কে ট্রাফিক অপরাধ করার তালিকায় পাশের রাজ্য নিউ জার্সির যানবাহনের সংখ্যা বেশি। নিউ জার্সি রাজ্যের নম্বরপ্লেটে গত পাঁচ বছরে ১২ লাখ ডলারের টিকিট ইস্যু করা হয়েছে। এরমধ্যে পরিশোধ করা হয়েছে মাত্র ৩৫ শতাংশ।

নিউইয়র্কে ট্রাফিক আইন লঙ্ঘনকারী লোকজনের তালিকার শীর্ষে টেক্সাস, পেনসিলভানিয়া, ফ্লোরিডা, কানেকটিকাট এবং নর্থ ক্যারোলিনার নাম রয়েছে। স্ট্রিটব্লগ রিপোর্ট অনুযায়ী, দেশের বাকী অংশে এবং কানাডায় নিবন্ধিত গাড়িগুলোতে আনপেইড টিকিটের হার আরও বেশি অর্থাৎ ৫৩.৫ শতাংশ।

২০১৬ সাল থেকে ২০২০ সাল পর্যন্ত নিউ জার্সির টিকিটগুলির মাত্র ৩৫ শতাংশ শোধ করা হয়েছে। স্ট্রিটব্লগ এর আগেও রিপোর্ট করেছে, নিউইয়র্ক সিটিতে গাড়ি দুর্ঘটনায় রাজ্যের বাইরের প্লেটযুক্ত যানবাহনের সংখ্যা ২০ শতাংশের বেশি।

নিউইয়র্কে সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ’৭১ যুক্তরাষ্ট্র শাখা ‘স্বাধীনতার ৫০ বছর: বাংলাদেশের সংগ্রাম, সাফল্য ও সম্ভাবনা’ শীর্ষক এক সেমিনার আয়োজন করে। ছবি : সংগৃহীত

উন্নত রাষ্ট্রের কাতারে উঠতে দরকার ‘স্কিল্ড ডেভেলপমেন্ট কোর্স’

উত্তর আমেরিকা অফিস

৫০ বছরের বাংলাদেশ অনেক মর্মান্তিক ও হৃদয় বিদারক ঘটনাবলির পথ-পরিক্রমা পাড়ি দিয়ে সমৃদ্ধির ক্ষেত্রে অনন্য এক ইতিহাসের পথে ধাবিত হয়েছে। ক্ষেত্র বিশেষে দক্ষিণ এশিয়ার সকল দেশকেই ছাড়িয়ে গেছে বাংলাদেশ।

৬ নভেম্বর শনিবার নিউইয়র্কে সেক্টর কমান্ডারস ফোরাম-মুক্তিযুদ্ধ’৭১ যুক্তরাষ্ট্র শাখা আয়োজিত ‘স্বাধীনতার ৫০ বছর: বাংলাদেশের সংগ্রাম, সাফল্য ও সম্ভাবনা’ শীর্ষক এক সেমিনারে বক্তারা এসব কথা বলেন। সেমিনারের মূল প্রবন্ধ উপস্থাপন করেন ফোরামের কেন্দ্রীয় মহাসচিব খ্যাতনামা সাংবাদিক-লেখক-চিন্তাবিদ ও বীর মুক্তিযোদ্ধা হারুন হাবীব। বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান, একাত্তরের মুক্তিযুদ্ধে ৩০ লাখ শহীদ, গত ৫০ বছরে গণতান্ত্রিক আন্দোলন এবং মানবতার স্বার্থে আত্মত্যাগকারী সকলের আত্মার প্রতি শ্রদ্ধা জানাতে এক মিনিট দাঁড়িয়ে নিরবতা পালন করা হয়। মূল প্রবন্ধে হারুন হাবীব উল্লেখ করেন, পঞ্চাশ বছর একটি রাষ্ট্রের জন্য বড় কিছু না হলেও স্বাধীনতার সুবর্ণজয়ন্তীর বছরটি বাংলাদেশের জন্য তাৎপর্যমণ্ডিত। কারণ এর পেছনে আছে দীর্ঘ সংগ্রাম ও আনন্দ ও বেদনা মিশ্রিত ইতিহাস, বাংলাদেশের টিকে থাকা ও বৃদ্ধির ইতিহাস।

আলোচনায় জাতিসংঘ পপুলেশন কাউন্সিলের সিনিয়র গবেষক ড. সাজেদা আমিন বলেন, লিঙ্গ সমতারক্ষেত্রে দক্ষিণ এশিয়ায় সবচেয়ে উঁচুতে অবস্থান করছে বাংলাদেশ। আন্তর্জাতিক রাজনীতি-বিশেষজ্ঞ মানবাধিকার কর্মী ও লেখক-শিক্ষক ড. পার্থ ব্যানার্জী বলেন, দুই বাংলার মানুষের একসূত্রে বাঁধা বাঙালিত্বকে বাঁচিয়ে রাখার লড়াই এখন জরুরি।

আই-গ্লোবাল ইউনিভার্সিটির চ্যান্সেলর ইঞ্জিনিয়ার আবুবকর হানিফ বলেন, এগিয়ে চলার এই ধারাকে অব্যাহত রাখতে পরিবর্তিত পরিস্থিতির সাথে তথা তথ্যপ্রযুক্তির সাথে তাল মিলিয়ে এবং প্রয়োজনের উপযোগী কারিগরি (স্কিল্ড ডেভেলপমেন্ট) শিক্ষার প্রচলন ঘটাতে হবে।

কবি ফকির ইলিয়াস বলেছেন, সমৃদ্ধির পথে এগিয়ে চলা বাংলাদেশকে থামিয়ে দিতে যারা কলকাঠি নাড়ছে তাদের ব্যাপারে সজাগ থাকতে হবে দেশপ্রেমিক প্রতিটি নাগরিককে। গণতন্ত্র এবং মানুষের কথা বলার অধিকার সংকুচিত করে কোন দেশ সত্যিকারের উন্নয়ন অর্জনে সক্ষম হয় না। বাংলাদেশকে এটি খেয়াল রাখা দরকার। অধ্যাপক মাহফুজ বলেন, বাংলাদেশ একদিকে যেমন এগিয়ে গেছে, তেমনই অন্যদিকে সর্বোচ্চ ধনীরা আরো ধনী হয়েছে। গণতন্ত্রের পক্ষে যা মোটেই মঙ্গলসঙ্কেত নয়।রূপপুর পারমানবিক বিদ্যুৎ উৎপাদন কেন্দ্র নির্মাণ প্রকল্পের উপদেষ্টা হিসেবে কর্মরত পানি বিশেষজ্ঞ সুফিয়ান এ চৌধুরী বলেন, এখন বাংলাদেশের ঘরে ঘরে বিদ্যুৎ সরবরাহ করা হচ্ছে। চলমান উন্নয়নকে অব্যাহত রাখতে বিদ্যুৎ উৎপাদনের হার বাড়াতে হবেই। সেক্টর কমান্ডারস ফোরামের সেক্রেটারি বীর মুক্তিযোদ্ধা রেজাউল বারি সকলের প্রতি গভীর কৃতজ্ঞতা জানান সেমিনারকে সর্বাত্মকভাবে সফল করার জন্যে।

প্রথম আলোর ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী

উত্তর আমেরিকা অফিস

৪ নভেম্বর, বুধবার ছিল প্রথম আলোর ২৩তম প্রতিষ্ঠাবার্ষিকী। মহামারির প্রাদুর্ভাবের কারণে এবার কর্মী সমাবেশ বাতিল করে ভিন্নভাবে পালিত হয়েছে প্রতিষ্ঠাবার্ষিকী। কর্মীদের জন্য আয়োজন করা হয়েছিল জুম আলোচনা ও অনলাইনে প্রতিষ্ঠাবার্ষিকীর বিশেষ অনুষ্ঠান।

রাজধানীর বাইরে ৬৩টি জেলার স্থানীয় জেলা প্রশাসন, পুলিশ ও সিভিল সার্জন কার্যালয়ে ফুল দিয়ে শুভেচ্ছা জানায় প্রথম আলো বন্ধুসভা। পাশাপাশি করোনার সময়ে দায়িত্ব পালনের জন্য এসব কর্তৃপক্ষকে প্রথম আলোর সম্পাদকের পক্ষ থেকে কৃতজ্ঞতার চিঠিও দেওয়া হয়।

প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে প্রথম আলোর কর্মীরা বুধবার সকালে কারওয়ানবাজারে কর্মস্থলে চলে আসেন। পুরুষ সহকর্মীরা পরেন প্রতিষ্ঠাবার্ষিকীর টি-শার্ট আর নারী সহকর্মীরা পরে আসেন শাড়ি। কেক কাটার মধ্য দিয়ে প্রতিষ্ঠাবার্ষিকীর দিনটি শুরু হয়। বেলা সাড়ে ১২টার দিকে প্রথম আলোর সম্পাদক পর্যায়ক্রমে কারওয়ান বাজারের প্রগতি ইনস্যুরেন্স ভবনে প্রথম আলো কার্যালয় ও পাশের প্রথম আলোর নিজস্ব ভবনের প্রতিটি তলায় আসেন। সম্পাদক মতিউর রহমানের সঙ্গে ছিলেন ব্যবস্থাপনা সম্পাদক সাজ্জাদ শরিফ, সহযোগী সম্পাদক আনিসুল হক ও ফিচার সম্পাদক সুমনা শারমীন। ছিলেন প্রশাসন ও মানবসম্পদ বিভাগের ঊর্ধ্বতন কর্মকর্তারাও। তাঁরা সহকর্মীদের সঙ্গে গল্প করেন, খোঁজখবর নেন, করোনা পরিস্থিতিতে কাজ চালিয়ে যাওয়ার জন্য কৃতজ্ঞতা জানান এবং ভবিষ্যতে আরও ভাল কাজ করার অনুপ্রেরণা দেন। দিনভর সহকর্মীদের সঙ্গে শারীরিক দূরত্ব মেনে সেলফি তোলা ও কেক কাটার মধ্য দিয়ে শেষ হয় প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানের একটি পর্ব।

বাংলাদেশে অনুমোদন পেল করোনা চিকিৎসার ট্যাবলেট

উত্তর আমেরিকা অফিস

মাত্র চার দিন আগে যুক্তরাজ্য সরকার করোনা চিকিৎসায় মুখে খাওয়ার ট্যাবলেট অনুমোদন দেয়। এর পর ৯ নভেম্বর মঙ্গলবার বাংলাদেশেও এই ট্যাবলেট অনুমোদন পেয়েছে। বাংলাদেশ সরকারের ঔষধ প্রশাসন অধিদফতর আয়েজিত সংবাদ সম্মেলনে অধিদফতরের মহাপরিচালক মেজর জেনারেল মো. মাহবুবুর রহমান জানান, প্রাণঘাতী করোনা ভাইরাস সংক্রমণ প্রতিরোধে মুখে খাওয়ার ওষুধ ‘মলনুপিরাভির’ নামের ট্যাবলেট দেশে বাজারজাতের অনুমোদন দিয়েছে ঔষধ প্রশাসন অধিদফতর।

সংবাদ সম্মেলনে আরও জানানো হয় বেক্সিমকো ফার্মাসিউটিক্যালস ওষুধটি বাজারজাতকরণ শুরু করছে। এছাড়া আরও দুটি ওষুধ কোম্পানি এসকেএফ ও স্কয়ার ফার্মাসিউটিক্যালস ট্যাবলেটটি তৈরি ও বাজারজাতের অনুমোদন পেয়েছে। এটি আগামী এক সপ্তাহের মধ্যে দেশের বাজারে পাওয়া যাবে বলে সংবাদ সম্মেলনে জানানো হয়। ইতোপূর্বে যুক্তরাষ্ট্রের দুই কোম্পানি মার্ক শার্প অ্যান্ড ডোম (এমএসডি) ও রিজেবাক বায়োথেরাপিউটিক যৌথভাবে তৈরি করেছে মলনুপিরাভির নামে মুখে খাওয়ার এই ট্যাবলেট।

২০২৩ সালে নিউইয়র্ক-ঢাকা রুটে ফ্লাইট চালু করতে পারে ইউএস-বাংলা এয়ারলাইন্স

ঢাকা অফিস

বাংলাদেশের বেসরকারি বিমানসংস্থা ইউএস-বাংলা এয়ারলাইন্স ২০২৩ সালে নিউইয়র্ক-ঢাকা রুটে ফ্লাইট চালু করবে। কক্সবাজারে ২ নভেম্বর এক সংবাদ ব্রিফিংয়ে এ কথা জানান ইউএস-বাংলা এয়ারলাইন্সের মহাব্যবস্থাপক (জনসংযোগ) মো. কামরুল ইসলাম। তিনি বলেন, ২০২৩ সালের মধ্যে আমাদের বিমান বহরে আরও ৮টি এয়ারবাস ৩২১-এলআর সিরিজের এয়ারক্রাফট যোগ দিতে পারে। আগামী বছরের মধ্যে বাংলাদেশ সিভিল অ্যাভিয়েশন ক্যাটাগরি-ওয়ান অর্জন করতে পারে তাহলে ইউএস-বাংলা এয়ারলাইন্স ২০২৩ সালের মধ্যে ঢাকা থেকে নিউইয়র্কে সরাসরি ফ্লাইট পরিচালনা শুরু করার পরিকল্পনা নিয়েছে।

ফ্রি হোম কেয়ার সার্ভিস

যে সকল মা বাবা, ভাই-বোন, আত্মীয়-স্বজন এর মেডিকেইড ও মেডিকেয়ার আছে, তাঁদের সেবা করে আপনি সাপ্তাহিক ৫০০ ডলার করে উপার্জন করতে পারেন। এজন্যে পড়াশোনা বা কোন সার্টিফিকেট এর দরকার নাই।

যোগাযোগ করুন

নাসিমা: ৩৪৭-৮০১-৪০২৮

ELECTION COMMISSION 2018

ELECTION 2021

BANGLADESH SOCIETY INC.

বাংলাদেশ সোসাইটি ইনক

86-24 Whitney Avenue, Elmhurst, New York 11373 • Tel: 347-738-5183
Email: info@electioncommissionbds.com • Website: www.electioncommissionbds.com

A Not-For-Profit, Tax Exempt 501(c)(3) Socio-Cultural Organization. Established: 1976 * Tax ID: 80-0508683

বিজ্ঞপ্তি

এতদ্বারা বাংলাদেশ সোসাইটির সকল সম্মানিত সদস্য/সদস্যাবৃন্দের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বাংলাদেশ সোসাইটির কার্যকরী কমিটির ২০২২-২৩ মেয়াদের জন্য নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে। নিম্নে বর্ণিত সময়সূচী ও ৫টি কেন্দ্রের নির্ধারিত জিপকোড অনুযায়ী টাচ স্ক্রীন ভোটিং মেশিনের মাধ্যমে নির্বাচনী কার্যক্রম পরিচালনা করা হবে। আপনাদের আন্তরিক সহযোগিতা একান্তভাবে কাম্য।

POLLING CENTERS WITH ZIP CODE

- **QUEENS: Gulshan Terrace (Dhaka Club), 59-15 37th Ave. Woodside, NY 11377**

10001, 10002, 10003, 10009, 10010, 10011, 10013, 10016, 10017, 10018, 10019, 10021, 10022, 10023, 10024, 10025, 10026, 10027, 10029, 10030, 10032, 10034, 10035, 10036, 10037, 10038, 10039, 10069, 10118, 10128, 10280, 11101, 11102, 11103, 11104, 11105, 11106, 11107, 11108, 11109, 11322, 11347, 11354, 11355, 11356, 11357, 11358, 11363, 11366, 11367, 11368, 11369, 11370, 11371, 11372, 11373, 11374, 11377, 11378, 11379, 11396, 11473

- **OZONE PARK: Deshi Center, 83-10 Rockaway Blvd. Ozone Park, NY 11416**

11207, 11208, 11239, 11372, 11385, 11414, 11415, 11416, 11417, 11418, 11419, 11420, 11421, 11692

- **BROOKLYN: P.S. 179 - 202 Avenue C Brooklyn, NY 11218**

10301, 10303, 10304, 10305, 10306, 10308, 10309, 10310, 10314, 11201, 11203, 11204, 11205, 11206, 11209, 11210, 11211, 11212, 11213, 11214, 11215, 11216, 11217, 11218, 11219, 11220, 11221, 11222, 11223, 11224, 11225, 11226, 11227, 11228, 11229, 11230, 11231, 11232, 11233, 11234, 11235, 11236, 11237, 11238, 11244, 11249, 11280, 11315, 11355, 11563, 11590, 11691, 11693

- **BRONX: Golden Palace, 1451 Unionport Road, Bronx, NY 10462**

00458, 00604, 00605, 00607, 01864, 04083, 06001, 06033, 06040, 06042, 06095, 06109, 06483, 06492, 06604, 06605, 06607, 06610, 06614, 06810, 06825, 06850, 06854, 06884, 06901, 06902, 06906, 06908, 07047, 07055, 07067, 07083, 07201, 07202, 07307, 07424, 07501, 07502, 07503, 07508, 07513, 07522, 07552, 07604, 07631, 07644, 07666, 08225, 08537, 08822, 08872, 09120, 10402, 10432, 10437, 10451, 10452, 10453, 10454, 10455, 10456, 10457, 10458, 10459, 10460, 10461, 10462, 10463, 10464, 10465, 10466, 10467, 10468, 10469, 10471, 10472, 10473, 10477, 10479, 10482, 10583, 10605, 10642, 10662, 10701, 10704, 10705, 10710, 10801, 10803, 10805, 10950, 10954, 10962, 11461, 11462, 11467, 11472, 11577, 11590, 11803, 12144, 12206, 12524, 12534, 12553, 12603, 14214, 14215, 19082, 19111, 19440, 20874, 21043, 29420, 33463, 41467, 91932

- **JAMAICA: Ikra Party Center, 89-16 175th Street, Jamaica, NY 11432**

10432, 11001, 11003, 11004, 11010, 11040, 11050, 11153, 11175, 11332, 11333, 11342, 11344, 11345, 11361, 11362, 11364, 11365, 11366, 11368, 11375, 11377, 11411, 11412, 11413, 11422, 11423, 11425, 11426, 11427, 11428, 11429, 11430, 11431, 11432, 11433, 11434, 11435, 11436, 11437, 11438, 11445, 11501, 11516, 11534, 11542, 11545, 11548, 11550, 11553, 11554, 11560, 11566, 11568, 11575, 11576, 11580, 11590, 11591, 11596, 11598, 11703, 11704, 11706, 11710, 11714, 11717, 11720, 11722, 11729, 11733, 11735, 11738, 11741, 11746, 11747, 11753, 11756, 11757, 11758, 11766, 11767, 11771, 11779, 11784, 11788, 11791, 11798, 11801, 11932, 11950, 22004

1. No voter will be allowed to cast his or her vote without original photo ID (no photocopy or picture or screenshot of ID will be accepted). The following forms of identification may be accepted: Driver's License, State ID, Green Card, Work Authorization Card, Passport, Learner Permit & IDNYC.
2. Campaigning, placement of posters, banners or distribution of flyers etc. are prohibited within 200 ft. of the polling area. Commission will remove poster/banner within this area and may back charge to the related candidate(s).
3. No radio speaker or any noise-making devices will be allowed in the vicinity of the polling area.
4. In the event of any unauthorized and unlawful conduct by any candidate or any other person in the election center on the Election Day, the local law enforcement agency will be notified immediately.
5. Only Disabled with wheelchair voter may nominate one assistant to cast his/her vote.
6. No candidate can enter the polling center without Commission's permission. Candidate may check the center one time for a period of max.10 minutes. If malfunction of voting machine is detected the candidate will be allowed to check.
7. Life members may get access to voting center directly by showing LM CARD to cast their vote.
8. Voters of one center cannot cast vote in another center (including candidates/life members, polling agents). Only presiding officer and polling officer will be allowed to cast their votes at their working center.
9. Each Voter's Name & Year of Birth on the Photo ID must match with the Name & Year of Birth on the voter list.
10. Polling Officers, Polling Agents, Presiding Officers, Election Commissioners & Machine Operators must show proof of vaccination card and wear face musk at all time.
11. All voters/volunteers/poll workers must maintain social distance at the polling center.
12. Any dispute on the election day must be submitted in writing to election commissioner on duty. Commission will investigate and decide on that dispute and that decision must be deemed as final.
13. After completion of the voting, the machine operator will print out the results in presence of the candidates or their representatives and will hand it out to the election commission. The election commission will read out the result.

10\. The Election Commission shall decide any matter that is undefined, unclear and contradict in either part of the election by-laws or the constitution. Commission reserves all rights to make any necessary modifications to these clauses and add additional clauses if necessary.

নির্বাচনের তারিখ: ১৪ই নভেম্বর, ২০২১ রবিবার (সকাল ৯টা থেকে রাত ৯টা)

নির্বাচন সংক্রান্ত যাবতীয় তথ্যের জন্য নির্বাচন কমিশনের সাথে যোগাযোগ করতে অনুরোধ করা যাচ্ছে

Election Commission 2018 / নির্বাচন কমিশন ২০১৮

S.M. Jamal U. Ahamed (Jony)	Mohammed A. Hakim Miah	Mohammed Anwar Hussain	Kawsaruz Zaman (Koyes)	Mohammed R. Sarkar	Khokon Mosharof
Chairman	*Commissioner*	*Commissioner*	*Commissioner*	*Commissioner*	*Commissioner*
718-288-3838	*347-332-3653*	*347-429-5932*	*917-822-2207*	*718-705-2228*	*917-609-6083*

আইওআরএ’র ঢাকা সম্মেলনে আসছেন ১২ দেশের গুরুত্বপূর্ণ ব্যক্তিরা

বিশেষ প্রতিনিধি

ঢাকার হোটেল ইন্টারকন্টিনেন্টালে ১৫ নভেম্বর শুরু হচ্ছে তিনদিনব্যাপী ইন্ডিয়ান ওশান রিম এসোসিয়েশনের (আইওআরএ) মন্ত্রিপর্যায়ের সম্মেলন। সম্মেলনে অংশ নিতে ব্রিটিশ ফরেন অ্যান্ড কমনওয়েলথ বিষয়ক মন্ত্রী এবং মার্কিন উপ-সহকারী মন্ত্রীসহ ১২ দেশের গুরুত্বপূর্ণ প্রায় ৫০ জন অংশ নেবেন। গণটিকা কর্মসূচীসহ বহুমুখী উদ্যোগে বিশ্বে করোনা পরিস্থিতি এখন অনেকটাই নিয়ন্ত্রণে। এই পরিস্থিতি বিবেচনা করে সদস্য রাষ্ট্র এবং ডায়ালগ পার্টনারদের সশরীরে এবং ভার্চ্যুয়াল- উভয় ফর্মে অংশগ্রহণের সুযোগ উন্মুক্ত রাখা হচ্ছে সম্মেলনে।

ভারত মহাসাগর বিধৌত অঞ্চলের উন্নয়নে গঠিত আইওআরএ জোটের মন্ত্রী পর্যায়ের ২১তম সম্মেলন আয়োজন করতে যাচ্ছে বাংলাদেশ। সম্মেলনের প্রথম দু’দিন কর্মকর্তাদের আলোচনা অনুষ্ঠিত হবে। সমাপনী দিনে মন্ত্রী পর্যায়ের বৈঠক হবে। ১২ দেশের অতিথিরা সশরীরে সম্মেলনে অংশগ্রহণ করার কথা রয়েছে। তাছাড়াও অস্ট্রেলিয়া, ভারত, চীনসহ অন্তত ২০টি রাষ্ট্রের উচ্চপর্যায়ের প্রতিনিধিরা ভার্চ্যুয়ালি সম্মেলনে যুক্ত হবেন বলে আশা করছেন আয়োজকেরা।

আয়োজক ঢাকার তরফে জানানো হয়েছে, ইতোমধ্যে জোটভুক্ত ২৩ সদস্য এবং ৯ ডায়ালগ পার্টনার রাষ্ট্র তাদের নিজ নিজ প্রতিনিধির অংশগ্রহণ নিশ্চিত করেছে। যার মধ্যে ব্রিটিশ সরকারের ফরেন, কমনওয়েলথ অ্যান্ড ডেভেলপমেন্ট অফিসের মন্ত্রী লর্ড তারিক আহমেদ অব উইম্বলডন, শ্রীলঙ্কার পররাষ্ট্রমন্ত্রী জিএল পেইরিস, তাঞ্জানিয়ার মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রী মাসহিমবা মাসহুরি নকী, দক্ষিণ আফ্রিকার আন্তর্জাতিক সম্পর্ক ও সহযোগিতা বিষয়ক মন্ত্রী ড. পেন্ডুর, সোমালিয়ার পররাষ্ট্র ও আন্তর্জাতিক সহযোগিতা বিষয়ক মন্ত্রী মো. আবদিরাজাক মোহামুদ, কমোরোসের পররাষ্ট্রমন্ত্রী দইহির দৌল কামাল, মার্কিন যুক্তরাষ্ট্রের উপ-সহকারী মন্ত্রী কেলি কেইদারলিং, সংযুক্ত আরব আমিরাতের সহকারী মন্ত্রী আবদুল নাসের আল সালি, মালদ্বীপের পররাষ্ট্র প্রতিমন্ত্রী আহমেদ খালিল, মাদাগাস্কারের পররাষ্ট্র সচিব রাতসিমান্দ তাহিরিমিকাদাজা, কেনিয়ার চিফ এডমিনিস্ট্রেটিভ সেক্রেটারি আবাবু নামওয়াম্বা সশরীরে সম্মেলনে অংশ নিচ্ছেন। সম্মেলনে জোটের ভবিষ্যৎ কার্যক্রম বিষয়ক পরিকল্পনা ‘ঢাকা ডেভেলপমেন্ট ইনিশিয়েটিভ’ ঘোষণা করতে যাচ্ছে বাংলাদেশ।

কেউ এসে ‘ঊনপঞ্চাশ বাতাস’ দেখেছি বললেই তাকে খুব আপন মনে হয়

ভালোবাসার পাগলামিতে নীরা যত চঞ্চল অয়ন ততোই স্থির। কিন্তু তার শান্ত দুটি চোখেই আছে ভালোবাসার পুরো সমুদ্র। অয়ন চরিত্রে অভিনয় করেছেন **ইমতিয়াজ বর্ষণ**। উত্তর আমেরিকার পাঠকদের জন্য তিনি লিখেছেন ‘ঊনপঞ্চাশ বাতাস’ নিয়ে তাঁর নানা অভিজ্ঞতার কথা।

ঊনপঞ্চাশ বাতাস’

‘ঊনপঞ্চাশ বাতাস’ এবং মাসুদ হাসান উজ্জ্বল—এ দুটি নাম আমার জীবনের মোড়টা ঘুরিয়ে দিল। আমি সব সময় একটা ভালো কাজের, ভালো সময়ের অপেক্ষায় থাকি। আমি দুটোই একসাথে পেলাম ‘ঊনপঞ্চাশ বাতাস’ থেকে। সাথে প্রিয় বন্ধু শার্লিন আর মাসুদ হাসান উজ্জ্বল ভাই। উজ্জ্বল ভাইয়ের প্রথম ছবি, আমার মুক্তিপ্রাপ্ত প্রথম ছবি। অনেকের অনেক প্রথম এক হয়ে গেল প্রথম ঝরে পড়া শিউলিটার মতো। আমি বিশ্বাস করি, ভালো কাজে অনেক যাদুকরী মুহূর্ত তৈরি হয়। ‘প্রথম’ গানটাও তাই। তখন আমরা রিহার্সেল করতাম রেড অক্টোবর অফিসে। আমি আর শার্লিন একদিন গানটার চার লাইন গেয়েছিলাম। ওই গাওয়াটাই আমার জীবনের আরেকটা স্বপ্ন পুরণ করে দেয়। সুমন টিংকুদার লেখা, আমার সুরে একটা গান সিনেমায় সংযুক্ত হয়।

আমার সৌভাগ্য যে সে গানে কণ্ঠ দিয়েছেন আমার খুব প্রিয় শিল্পী কিংবদন্তী বেস গিটারিস্ট অর্থহীন ব্যান্ডের সুমন ভাই। যার গান আমাকে টানে শৈশবের প্রিয় খেলনার মত। মিটফোর্ড হাসপাতালের সামনের রাস্তায় এক সেকেন্ডের জন্য কোন গাড়ি থামলেই লম্বা জ্যাম বেঁধে যায়, আর সেখানে কোন একশন কাট শোনা ছাড়াই আমরা শুটিং করি ইশারায়। ভিড়ের মধ্যে একজন শ্রমিক আমার বাইকের সামনে এসে থমকে যায় । আমি বাইক থামাতে থামাতে কাঁধের ভারী বস্তাসহ লোকটি আমার গায়ের উপর এসে পড়ে। ব্যথা পাই দুজনেই। কিছু সময় থেমে আবারও চলতে থাকে ইশারায় শুটিং। কেমিক্যাল আর স্টেশনারি দোকানের মালিক, কর্মচারী বা পথচারী কারো কাছে আমি পরিচিত নই, তবুও একজন এসে আমাকে একটা সুন্দর প্যাকেট মোড়া কলম উপহার দিয়ে যায়। মাওয়া ঘাট পেরিয়ে পদ্মার চরে নীরা অয়নের নিঃশ্বাসের দৃশ্যটা আর অন্য ভাবে করাই যেত না। অনেক অপেক্ষার পর রিলিজ ডেট থমকে যায় করোনার থাবায়। তবু কেউ হতাশ হই না সুদিনের আশায়। আবারো অপেক্ষা, কখন সুস্থ হবে পৃথিবী!

এর মাঝে একদিন হুট করে আমার সুস্থ বাবাটা নিরবে চলে গেল কাউকে কোন কষ্ট না দিয়ে পৃথিবী ছেড়ে। আমার অনেক কিছুই দেখা হল না বাবার। বেদনাটা কুঁরে কুঁরে খাবে আজীবন। অনেক ত্যাগ, পরিশ্রম, মান অভিমানের গল্প পেরিয়ে বাংলাদেশে মুক্তি পায় ‘ঊনপঞ্চাশ বাতাস’। অনেক বছর পর মুক্তির স্বাদ পেলাম। অনেক কালের রুদ্ধদ্বারের কপাট খুলতে শুরু করলো। বড় পর্দায় আমাকে এত বড় দেখতে দেখতে নীরা অয়নের গল্পে আমিও হারিয়ে যাই। গলার কাছে আটকে থাকা অনেক পুরোনো কাঁটাটা বেরিয়ে চোখ ভেজে অবিরত। আমি পাশের সিটে বসা উজ্জ্বল ভাইয়ের হাঁটুতে খামচে ধরি। আর পারি না নিজেকে ধরে রাখতে। আমার মাথায় পিঠে হাত বুলিয়ে আমাকে সান্ত্বনা দেন পরিচালক।

একসময় সমাপ্ত লেখা ভেসে উঠে বিশাল স্ক্রিনে। আমরা বেরিয়ে পড়ি দর্শকের ভীড় ঠেলে। অনেকগুলো চোখ আমাদের ঘিরে ধরে, আমরা তাদের উচ্ছ্বাসে সন্তর্পণে মিশে যাই। এরপর থেকে যেখানে থাকিনা কেন কেউ এসে ‘ঊনপঞ্চাশ বাতাস’ দেখেছি বললেই তাকে খুব আপন মনে হয়। সে এক অন্য অনুভূতি আমার জীবনে, আর কখনো ফিরে আসবে না প্রথম সিনেমা মুক্তির ক্ষণ। প্রথম সিনেমার সব স্মৃতি লেপ্টে থাক আমার শরীরজুড়ে আজীবন। এই মুগ্ধতায় একটা জীবন কাটিয়ে দেয়া যায়।

আমাদের জন্য খুবই আনন্দের সংবাদ, এইতো আর কিছু দিন পর আগামী ১৯ নভেম্বর স্বপ্ন স্কেয়ারক্রো এর পরিবেশনায় ‘ঊনপঞ্চাশ বাতাস’ মুক্তি পেতে যাচ্ছে আমেরিকা এবং কানাডায়। উত্তর আমেরিকায় যাঁরা ‘ঊনপঞ্চাশ বাতাস’ দেখবেন তাঁদের সকলের জন্য অফুরান ভালবাসা।

ফোনের উপদ্রব বন্ধে নিউইয়র্কে আইন আইন হয়েছে

ইশতিয়াক রূপু



ফোন কল করে লোকজনকে হয়রানি বন্ধের জন্য নিউইয়র্ক রাজ্যে নতুন আইনে স্বাক্ষর করেছেন গভর্নর ক্যাথি হকুল। ৮ নভেম্বর সোমবার স্বাক্ষরিত এ আইনের ফলে ফোন কোম্পানিগুলো অযাচিত কল বন্ধ রাখার উদ্যোগ নিতে হবে। সাম্প্রতিক সময়ে সর্বত্র ফোন কল করে লোকজনকে নানাভাবে হয়রানী করা হচ্ছে। অনেক সময় যারা ফোন করে থাকে, তাদের ফোন নম্বর আড়াল করা থাকে। কোন কোন ক্ষেত্রে যেসব নম্বর থেকে কল এসেছে বলে দেখা যায়, ফিরতি ফোন কল করে দেখা যায় নম্বরটি ঠিক নয়। স্পুফিং নামের একটি প্রযুক্তি পদ্ধতি অনুসরণ করে বিভিন্ন ভুয়া প্রতিষ্ঠান এ কাজ করে থাকে।

মহামারিপরবর্তী সময়ে ফোন কলের উপদ্রব অনেকটাই বেড়ে গেছে। লোকজন ফোনে জরুরি জুম মিটিং বা কাজের কোন লাইনে থাকার মাধ্যমে বিরক্তিকর ফোন আসতে থাকে। এসব ফোনের মাধ্যমে শুধু প্রতারণাই নয়, নানা ধরনের বাজারজাত প্রতিষ্ঠান কাস্টমার ধরার চেষ্টা করে থাকে। জনভোগান্তি নিরসনের জন্য নিউইয়র্ক রাজ্যে এ নিয়ে আইন প্রণয়ন করা হয়েছে। এখন থেকে ফোন কোম্পানিগুলো স্পুফিং সিস্টেম ব্যবহার করা ফোন কল স্বয়ংক্রিয়ভাবে বন্ধ করে দিতে হবে। এ ছাড়া পরিচয় আড়াল করে বার্তা পাঠানোর প্রক্রিয়াটিও ফোন কোম্পানিগুলো আগাম নজরদারির আওতায় নিয়ে বন্ধ করা যাবে। আইনে স্বাক্ষর করে গভর্নর ক্যাথি হকুল বলেন, জনউপদ্রব বন্ধ করাই শুধু আইনটির লক্ষ্য নয়। অযাচিত ফোন কলের মাধ্যমে লোকজন প্রতিনিয়ত হয়রানির শিকার হচ্ছে। নতুন আইনের ফলে এ ক্ষেত্রে ভোগান্তিও কমবে।

ফেডারেল টেলিকমিউনিকেশন বিভাগ থেকে এমন ফোন কল বন্ধ রাখার জন্য আগেই আইন প্রণয়ন করা হয়েছে। রাজ্যে প্রণীত আইন, এ আইনের কড়াকড়ি বাস্তবায়নে ভূমিকা রাখবে বলে মনে করা হচ্ছে।

নিউইয়র্ক সিটিতে এক লাখের বেশি স্কুল শিক্ষার্থী গৃহহীন

রাজুব ভৌমিক

আমেরিকার জৌলুসের সিটি নিউইয়র্কে এক লাখেরও বেশি স্কুল শিক্ষার্থী গৃহহীন। গত বছর পর্যন্ত টানা ছয় বছরই নিউইয়র্কে গৃহহীন স্কুল শিক্ষার্থীর সংখ্যা এক লাখের উপর বিরাজ করছে। ২০১০ সাল থেকে এ সংখ্যা ৪২ শতাংশের বেশি বেড়ে গেছে। করনা মহামারি নিউইয়র্কের গৃহহীনতাকে বাড়িয়ে দিয়েছে। সাধারণ গৃহহীন লোকজনের পাশাপাশি বিপুল সংখ্যক স্কুল শিক্ষার্থীদের এমন গৃহহীনতা নাগরিক অধিকার সংগঠনগুলোকে উদ্বিগ্ন করে তুলেছে। এক্ষেত্রে জরুরী পদক্ষেপ নেয়ার জন্য রাজনীতিবিদদের প্রতি দাবী জানানো হচ্ছে।

৮ নভেম্বর সোমবার স্বেচ্ছাসেবী সংগঠন 'অ্যাডভোকেটস ফর নিউইয়র্ক চিলড্রেন' তাঁদের বার্ষিক রিপোর্টে এ উদ্বেগজনক তথ্য প্রকাশ করেছে। প্রকাশিত রিপোর্টে বলা হয়েছে, করোনা মহামারির কারনে স্কুল বন্ধ হয়ে পড়লে নিউইয়র্ক সিটির অধিকাংশ গৃহহীন শিক্ষার্থী তাদের স্কুলের কার্যক্রম চালিয়ে গেছে। এরমধ্যে ২৮ হাজার গৃহহীন শিক্ষার্থী সিটির আশ্রয়কেন্দ্র থেকে তাঁদের স্কুলের রিমোট কার্যক্রমে অংশ নিয়েছে। এর বাইরে ৬৫ হাজার স্কুল শিক্ষার্থী কোন পরিবারের আশ্রয়ে থেকে স্কুল কার্যক্রমে অংশ নিয়েছে।

একই রিপোর্টে বলা হয়েছে নিউইয়র্ক সিটিতে গত বছর ৩৮৬০ জন শিক্ষার্থী গাড়িতে, ট্রেন স্টেশনে বা পার্কে রাত যাপন করেছে। 'অ্যাডভোকেটস ফর নিউইয়র্ক চিলড্রেন' এর নির্বাহী পরিচালক কিম সুইট বলেছেন , নিউইয়র্ক সিটির

নবনির্বাচিত মেয়র এরিক অ্যাডামস গৃহহীনতা ও সিটির আবাসিক সংকট নিরসনের প্রতিশ্রুতি দিয়েছেন। কিম সুইট বলেছেন কোন শিশুই গৃহহীন থাকতে পারে না।

দ্রুত পদক্ষেপই হলো চাবিকাঠি!

আপনার চিকিৎসককে মনোক্লোনাল অ্যান্টিবডি (Monoclonal antibody) চিকিৎসা সম্পর্কে জিজ্ঞাসা করুন

মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা হচ্ছে তাদের জন্য যারা COVID-19 এ আক্রান্ত হয়েছেন অথবা সম্প্রতি COVID-19 এ আক্রান্ত কারো সংস্পর্শে এসেছেন। মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা:

- আপনার রোগ প্রতিরোধ ব্যবস্থা যখন COVID-19 এর বিরুদ্ধে নিজস্ব অ্যান্টিবডি তৈরি শুরু করছে তখন তাকে এর বিরুদ্ধে লড়তে সাহায্য করে
- COVID-19 থেকে আপনার অসুস্থ হওয়া এবং হাসপাতালে ভর্তি হওয়ার ঝুঁকি হ্রাস করে
- 12 বছর বা তার বেশি বয়সীদের জন্য সুপারিশ করা হয় যারা গুরুতর COVID-19 অসুস্থতার উচ্চ ঝুঁকিতে রয়েছে, যেমন বয়স্ক প্রাপ্তবয়স্ক এবং অন্যান্য স্বাস্থ্য সমস্যাযুক্ত ব্যক্তি
- টিকা দেওয়ার বিকল্প **নয়**

মনোক্লোনাল অ্যান্টিবডি চিকিৎসা দানকারী একটি সাইট খুঁজে পেতে **nyc.gov/health/map** এ যান।

একটি টিকাদান সাইট খুঁজে পেতে, **nyc.gov/vaccinefinder** এ যান বা 877 829 4692 নম্বরে কল করুন।




IMMIGRATION LAW OFFICE
ইমিগ্রেশন 'ল অফিস
Dilli R. Bhatta
Attorney at Law
Shamim Shahed
Certified Paralegal
Immigration
Asylum & Defence from Deportation
Family Law
Accident & Injury
Business Law
Any Kind of Visa Processing
BHATTA LAW & ASSOCIATES
(631) 805 1051
37-07 74th Street, Suite # 3
Jackson Heights, NY-11372


PATIENT PRIORITY MEDICAL CARE, P. C.
88 - 23 178th Street, Jamaica, NY 11432
TEL: 718-558-5047 FAX: 401-340-1608
আমাদের সেবা সমূহঃ-
* ফিজিক্যাল * ব্লাড টেস্ট
* ব্লাড প্রেসার চেক
* সুগার লেবেল স্ক্রিনিং
* প্রিভেনটিভ স্ক্রিনিং সহ বিভিন্ন রোগের চিকিৎসা করা হয়।
নতুন রোগীদের স্বাগতম
বাংলাদেশী অভিজ্ঞ মহিলা ডাক্তার
ডাঃ মারুফা খাতুন এম. ডি.
মেডিসিন বিশেষজ্ঞ (বোর্ড সার্টিফাইড)
(দীর্ঘ ১৭ বছরের প্র্যাকটিসের অভিজ্ঞতা)
সাক্ষাতের সময় সূচী:-
মঙ্গলবার: সন্ধ্যা ৬-৮টা, বুধবার: সকাল ৮-১০টা
শনি ও রবিবার: সকাল ৯টা থেকে বিকাল ৫টা
আমরা প্রায় সব ধরনের ইন্সুরেন্স গ্রহন করি

Parkchester + Medical
PARKCHESTER MEDICAL
পার্কচেষ্টার মেডিক্যাল
WE WELCOME WALK INS
MEDICAL CENTER
PARKCHESTER MEDICAL SERVICES
718.828.6610
1211 WHITE PLAINS ROAD, BRONX, NY 10472
TEL: 718-828-6610
INTERNAL MEDICINE
ASTHMA DIABETES CENTER
CARDIOLOGY
PHYSICAL THERAPY
UROLOGY
GYNECOLOGY
PODIATRY
GASTRO-ENTEROLOGY
ORTHO-PEDICS
HEALTH CARE FOR THE ENTIRE FAMILY
WE ARE OPEN:
MONDAY & THURSDAY 8:30AM-8:00PM
TUESDAY, WEDNESDAY & FRIDAY 8:30AM-6:00PM
SATURDAY 9:00AM-3:00PM
WE ACCEPT ALL MEDICAID / MEDICARE MOST INSURANCES ACCEPTED INCLUDING WORKERS COMP. NO-FAULT, SLIP AND FALL.
শারীরিক অভ্যন্তরীন সমস্যা
শ্বাসকষ্ট, ডায়বেটিস চিকিৎসা
হৃদরোগ
শারীরিক ব্যায়াম বা থেরাপি
মূত্র সংক্রান্ত চিকিৎসা
নারী স্বাস্থ্য চিকিৎসা কেন্দ্র
পায়ের চিকিৎসা
পরিপাকতন্ত্রীয় চিকিৎসা
হাড়ের চিকিৎসা
সম্পূর্ণ পরিবারের স্বাস্থ্যসেবা কেন্দ্র
আমরা বাংলায় কথা বলি
মেডিক্যাল সময়সূচিঃ
তাৎক্ষনিক চিকিৎসা সেবায় স্বাগতম!
সোমবার এবং বৃহস্পতিবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৮:০০টা
মঙ্গলবার, বুধবার এবং শুক্রবার
সকাল ৮:৩০ মিঃ থেকে সন্ধ্যা ৬:০০টা
শনিবার
সকাল ৯:০০ মিঃ থেকে দুপুর ৩:০০টা
আমরা সকল প্রকার মেডিকেইড ও মেডিকেয়ার সহ অধিকাংশ ইন্সুরেন্স গ্রহণ করি।
সাথে আরো আছে: • কর্মস্থলের ক্ষতিপুরন
• নির্দোষ প্রমাণের ব্যবস্থা • পিছলে পড়ে যাওয়া

ডা. মো.
আব্দুল বাছিত
মেডিসিন বিশেষজ্ঞ
ডা. শামসি
রহমান
মেডিসিন বিশেষজ্ঞ
বাংলাদেশি মহিলা
ডাক্তার
বাংলাদেশী মেডিসিন বিশেষজ্ঞ
ডাঃ শামসি রহমান
Ex-Attending Physician Ambulatory Care Elmhurst Hospital
মেডিসিন বিশেষজ্ঞ বাংলাদেশী মহিলা ডাক্তার
ডাঃ মোঃ আব্দুল বাছিত
মেডিসিন বিশেষজ্ঞ
Diplomate of American Board of Internal Medicine
Assistant Professor of Medicine
MOUNT SINAI SCHOOL OF MEDICINE
Attending Physician (Medicine Department)
QUEENS HOSPITAL CENTER
সেবা সমূহ
Same Day Appointment
Walk-in Welcome
• প্রাইমারী কেয়ার/ মেডিসিন বিশেষজ্ঞ।
• অফিসেই রক্ত, প্রশাব পরীক্ষা ও ইকেজির ব্যবস্থা আছে।
• ফ্লু, হজ্বসহ অন্যান্য ভ্যাকসিন।
• জব, স্কুল, টি.এল.সি (TLC) সম্পর্কিত শারীরিক পরীক্ষা।
• ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস চেক-আপের ব্যবস্থা।
• যাদের হেলথ্ ইন্সুরেন্স নাই বিশেষ চিকিৎসার সুযোগ।
জ্যাকসন হাইটস অফিস - রোগী দেখার সময়:
সোম থেকে শুক্রবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ সকাল ১০টা থেকে বিকাল ৩ টা পর্যন্ত।
ওজনপার্ক অফিস - রোগী দেখার সময় ঃ
মঙ্গলবার থেকে শুক্রবার ঃ বিকাল ৪টা থেকে সন্ধ্যা ৭:৩০ মিঃ পর্যন্ত।
শনিবার ঃ বিকাল ৩টা থেকে ৫:৩০ মিঃ পর্যন্ত।
বাছিত মেডিকেল কেয়ার
JACKSON HEIGHTS OFFICE:
40-37 74th Street
Elmhurst, NY 11373
Tel: 917-780-4510
Fax: 347-875-3911
OZONE PARK OFFICE:
97-47 77th Street,
Ozone Park, NY 11416
Tel : 718-307-5796
Fax : 347-875-3911

একসিডেন্ট ও ইনজুরি কেইসেস
অভিজ্ঞ আমেরিকান ট্রায়াল আইনজীবি দ্বারা পরিচালিত
আইনী প্রতিষ্ঠান
LAW OFFICES OF
SURDEZ & PEREZ, P.C.
SURDEZ & PEREZ, P.C.
We Specialize in Personal Injury and Negligence Cases
Call us:
718-482-7766, 917-562-1368
প্রয়োজনে আমরাই পৌঁছে যাব আপনার কাছে
পরামর্শের জন্য ফি লাগে না
Free
Consultation
কেবলমাত্র কেইসে সাফল্য লাভের পরই
আমরা ফি গ্রহণ করে থাকি
আমাদের কার্যক্রম ও পরামর্শের ক্ষেত্রসমূহ:
• গাড়ী দুর্ঘটনা
• বাস,ট্রেন অথবা মোটর সাইকেল
• ব্রেইন ইনজুরি
• এলিভেটর একসিডেন্ট
• স্কুল লায়াবিলিটি
• খেলার মাঠে দুর্ঘটনা
• বার্ণ ইনজুরি
• নির্মাণ কাজে দুর্ঘটনা
• পিছলে পড়ে গেলে
• লেড পয়জনিং
• কুকুর কামড়ালে
• ডাক্তারের ভুল চিকিৎসা
আমাদের বৈশিষ্ট্যসমূহ:
অভিজ্ঞতা সম্পন্ন ট্রায়াল এটর্ণী দ্বারা পরিচালিত একটি আইনী প্রতিষ্ঠান। সততা ও নিষ্ঠা। ক্লায়েন্টের পক্ষে রায়ের জন্য দক্ষতার সাথে সর্বাত্মক চেষ্টা। দ্রুত কেস সেটেলমেন্টের নিশ্চয়তা
32-72 Steinway Street, Suite# 401
Astoria, NY 11103
যে কোন পরামর্শের জন্য যোগাযোগ করুন
Mohammed Ali
718-482-7766
917-562-1368
alimd@surdezlaw.com
alimd1040@yahoo.com
www.surdezperezlaw.com

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
ঘরে বসেই প্রিয়জনদের সেবার মাধ্যমে অর্থ উপার্জন করুন
$২১ প্রতি ঘন্টা
নিউইয়র্ক ষ্টেটের হেলথ ডিপার্টমেন্টের সিডিপেপ/হোম কেয়ার প্রোগ্রামের মাধ্যমে আপনি ঘরে বসেই আপনার পিতা-মাতা শ্বশুড়-শ্বাশুড়ী, আত্মীয়-স্বজন ও প্রতিবেশীদের সেবা দিয়ে প্রতি সপ্তাহে অর্থ উপার্জন করতে পারেন।
কোন প্রশিক্ষণের প্রয়োজন নেই এবং আমরা কোন ফি চার্জ করি না।
আজই যোগাযোগ করুন:
গিয়াস আহমেদ, চেয়ারম্যান / সিইও /৯১৭-৭৪৪-৭৩০৮
Corporate Office
37-05 74st, 2nd Fl
Jackson Heights, NY 11372
917-744-7308, 718-457-0813
Long Island Office
1 Blacksmith Lane
Dix Hill, NY 11731
718-406-5549
Bronx Office
2148 Starling Ave.
Bronx, NY 10462
917-744-7308, 718-457-0813
Ozone Park Office
175 B Forbell Street
Brooklyn, NY 11208
Tel: 917-744-7308
Buffalo Office
642 Walden Avenue
Buffalo, NY 14211
Tel: 347-837-1162

আপনজনদের সেবা করে আয়ের সুবর্ণ সুযোগ নিন

BARI HOME CARE
YOUR HEALTH OUR CARE

ট্রান্সফার ও নতুন কেস
$22
5 BOROUGH প্রতি ঘন্টায়
$২১ লং আইল্যান্ড
$১৮ ডলার বাফেলো

চলমান কেস ট্রান্সফার করে বেশী ঘন্টা ও সর্বোচ্চ পেমেন্ট পাবার সুবর্ণ সুযোগ নিন

- হোম কেয়ার সুবিধা পেতে আমরা কোন চার্জ করি না
- কেয়ারগিভাররা অবকাশ ও অসুস্থতার জন্য পেইড লিভ পেয়ে থাকেন
- আমরা মেডিকেইড /স্ন্যাপ/ফুড স্ট্যাম্প নতুন করে আবেদন এবং নবায়নের জন্য সাহায্য করে থাকি।

বারী হোম কেয়ার

Passion of Seniros of NY Inc.
Your Health Our Care

- নিউইয়র্ক স্টেটের স্বাস্থ্য বিভাগের সিডিপেপ একটি নতুন প্রোগ্রাম এর আওতায় আপনি ঘরে বসে আপনার পরিবারের সদস্য বা প্রিয়জনের সেবা করে প্রতি সপ্তাহে আয়ের সুবর্ণ সুযোগ নিতে পারেন। এটি একটি সহজ পদ্ধতি। আমরা আপনার হয়ে সমস্ত কাজ করে আয়ের সুযোগ করে দিব।
- আপনার প্রিয়জনের সেবার সমস্ত খরচ মেডিকেইড বহন করবে। এটি সম্পূর্ণ আইনসম্মত।
- আপনজনদের আর একা থাকতে হবে না, আমরা আছি আপনাদের সেবায়।

কাজ করার জন্য কোন ট্রেনিং বা সার্টিফিকেটের প্রয়োজন নাই

Asef Bari (Tutul)
C.E.O

কুইন্স কাউন্টিতে অবস্থিত একটি মসজিদে ধর্মভীরু, সৎ ও যোগ্য স্বেচ্ছাসেবী (ভলান্টিয়ার) প্রয়োজন। মার্জিত, শিক্ষিত এবং উদার প্রকৃতির মুসলমান ভাইবোনদের দৃষ্টি আকর্ষন করছি। সবার কাছ থেকে কিছুটা সময় ও সার্বিক সহযোগীতা পেলে মসজিদটির অস্তিত্ব টিকে থাকবে। সত্বর যোগাযোগ করুন: (646) 684-8762, (917) 722-1405, (718) 524-9777

লোক আবশ্যক

জ্যাকসন হাইসের প্রানকেন্দ্রে সেলভেল ফোনের দোকানে সেলস পার্সন ও টেকনিশিয়ান আবশ্যক। কাজ জানা এবং ইংরেজী জানাদের অগ্রাধিকার দেয়া হবে। ভাল বেতন আলোচনা সাপেক্ষে দেয়া হবে। 718-478-8100

অফিস ভাড়া

জ্যাকসন হাইটসের প্রাণকেন্দ্রে ফার্নিচার, ইন্টারনেট, বিদ্যুৎসহ একটি অফিস ভাড়া দেওয়া হবে। ভাড়া: 700 যোগাযোগ: 646-645-9830

হাউস কীপার আবশ্যক

জ্যামায়কার হিলসাইড ও ১৬৯ স্ট্রীটে একজন বয়স্ক মহিলাকে সপ্তাহের ৬ দিন দেখাশুনার জন্য একজন অভিজ্ঞ মহিলা হাউস কীপার আবশ্যক। **থাকা-খাওয়া ফ্রি + আকর্ষণীয় বেতন**। দীর্ঘমেয়াদী চিন্তায় বিশ্বাসী শুধুমাত্র সিরিয়াস প্রার্থীগণ কল করুন।
ফোন: **৩৪৭-৪৪৫-৫০৯৩**, ৯১৭-৪৩৫-৯৪১৬

পাত্রী চাই

শিক্ষিত, মার্জিত ও প্রতিষ্ঠিত চল্লিশোর্ধ (Early Forties) সিটিজেন পাত্রের জন্য অনুর্ধ ৩৫ বছরের পাত্রী আবশ্যক। আমেরিকায় অবস্থানরত অথবা নিজ দায়িত্বে আমেরিকায় আসতে সক্ষম পাত্রীরা সাম্প্রতিক ফটো এবং সংক্ষিপ্ত জীবন বৃত্তান্তসহ যোগাযোগ করুন। সম্পূর্ণ গোপনীয়তা রক্ষা করা হবে।
যোগাযোগের ঠিকানা: PO BOX: 4698 Sunnyside NY 11104
অথবা ই-মেইল: pjlovebangla@yahoo.com

বিসমিল্লাহির রাহমানির রাহিম
বাংলাদেশ সোসাইটি ইনক, নির্বাচন ২০২১
BANGLADESH SOCIETY INC, ELECTION 2021
১৪ নভেম্বর, রোববার নির্বাচনে
ঐক্যবদ্ধ কমিউনিটি, বাংলাদেশ ও আমেরিকার
মূলধারায় প্রবাসী বাংলাদেশীদের স্বার্থ প্রতিষ্ঠায় অঙ্গিকারবদ্ধ
নিষ্ঠাবান, সৎ ও যোগ্য ব্যক্তিদের সমন্বয়ে সার্বজনীন
নয়ন-আলী
পরিষদ
B1
কাজী নয়ন
সভাপতি প্রার্থী
Kazi Ashraf Hossain
(Nayan), President
B4
মোহাম্মদ আলী
সাধারণ সম্পাদক প্রার্থী
Mohammad Ali
General Secretary
B2
আব্দুর রহিম হাওলাদার
সিনিয়র সহ-সভাপতি
Abdur Rahim Howladar
Sr. Vice President
B3
মোঃ রেজাউল করিম (সগীর)
সহ-সভাপতি
Md. Rezaul Karim (Sagir)
Vice President
B5
মিয়া মোহাম্মদ দুলাল
সহ-সাধারণ সম্পাদক
Mia Mohammad Dulal
Asst. General Secretary
B6
মোহাম্মদ জে. খান (ডিউক)
কোষাধ্যক্ষ
Mohammed Z Khan (Duke)
Treasurer
B7
আহসান হাবিব
সাংগঠনিক সম্পাদক
Ahsan Habib
Organizing Secretary
B8
মনিকা রায়
সাংস্কৃতিক সম্পাদক
Manika Roy
Cultural Secretary
B9
শেখ হায়দার আলী
জনসংযোগ ও প্রচার সম্পাদক
Public Relation & Sekh Haider Ali
Public Relation & Publicity Secretary
B10
আবুল কাশেম চৌধুরী
সমাজ কল্যাণ সম্পাদক
Abul Kashem Chowdhury
Social Welfare Secretary
B11
মোহাম্মদ হাসান (জিলানী)
সাহিত্য সম্পাদক
Mohammed Hassan (Zilani)
Literary Secretary
B12
মোঃ এইচ রশিদ (রানা)
ক্রীড়া ও আপ্যায়ন সম্পাদক
Mohammed H Rashid (Rana)
Sports & Ent. Secretary
B13
মোঃ সামাদ মিয়া (জাকের)
স্কুল ও শিক্ষা সম্পাদক
Md. Samad Miah (Zaker)
School & Edu. Secretary
B14
ছাইদুর খান (ডিউক)
কার্যকরী সদস্য
Saidur Khan (Duke)
Executive Member
B15
মোঃ মাহমুদ আলম
কার্যকরী সদস্য
Md. Mahmood Alam
Executive Member
B16
মোঃ এ. সিদ্দিকী
কার্যকরী সদস্য
Md. A. Siddique
Executive Member
B17
আহসান উল্লা (মামুন)
কার্যকরী সদস্য
Ashan Ullah (Mamun)
Executive Member
PLEASE VOTE FOR NAYAN-ALI PANEL
অনুগ্রহ করে নয়ন-আলী পরিষদকে ভোট দিন
নয়ন-আলী পরিষদ
আপনাদের ভোট ও দোয়া প্রার্থী
ELECTION DATE: NOVEMBER 14, 2021
PLEASE VOTE FOR
NAYAN-ALI PANEL
প্রচারে ঃ নয়ন-আলী নির্বাচন পরিচালনা কমিটি

ফোবানা সম্মেলনের প্রধান অতিথি মুক্তিযোদ্ধা বিষয়ক মন্ত্রী

উত্তর আমেরিকা অফিস

৩৫তম ফোবানা সম্মেলনে প্রধান অতিথি হিসাবে যোগ দিচ্ছেন বাংলাদেশ সরকারের মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রনালয়ের মাননীয় মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক এমপি। আগামী ২৫ নভেম্বর তিনি ওয়াশিংটনে পৌঁছবেন বলে মন্ত্রণালয় থেকে প্রেরিত এক বার্তায় জানানো হয়েছে। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসাবে সচিব খাজা মিয়া এবং একান্ত সচিব মোহাম্মদ সানোয়ার হোসেন যোগ দিবেন বলে জানানো হয়েছে।

আগামী ২৬, ২৭ ও ২৮ নভেম্বর শুক্র, শনি ও রোববার তিনদিনব্যাপী ওয়াশিংটনে অনুষ্ঠিত হতে যাচ্ছে ৩৫তম ফোবানা সম্মেলন ২০২১। 'অদম্য বাংলাদেশ অবাক বিশ্ব' স্লোগানে অনুষ্ঠিতব্য এই ফোবানা সম্মেলনের আয়োজনে রয়েছে আমেরিকান বাংলাদেশ ফ্রেন্ডশীপ সোসাইটি (এবিএফএস)।

৩৫তম ফোবানা সম্মেলন ২০২১ এর প্রধান অতিথি আ ক ম মোজাম্মেল হক ১৯৪৬ সালের ১ অক্টোবর গাজীপুর সদর উপজেলার দাখিণ খান গ্রামে জন্ম গ্রহণ করেন। তাঁর পিতার নাম মরহুম ডাঃ আনোয়ার আলী ও মাতার নাম মরহুমা রাবেয়া খাতুন। আ ক ম মোজাম্মেল হক বর্ণাঢ্য রাজনৈতিক জীবনের অধিকারী। ছাত্রজীবন থেকেই তিনি সক্রিয় রাজনীতির সাথে জড়িত। তিনি এক মেয়াদে পূর্ব পাকিস্তান ছাত্রলীগ কেন্দ্রীয় কার্যনির্বাহী

আকম মোজাম্মেল হক

কমিটির সদস্য ও দুই মেয়াদে সহ-সাধারণ সম্পাদকের দায়িত্ব পালন করেন। ১৯৭৬ সাল থেকে বর্তমান পর্যন্ত দীর্ঘ ৩৮ বছর তিনি গাজীপুর জেলা শাখা আওয়ামীলীগের সাধারণ সম্পাদক ও সভাপতির দায়িত্ব পালন করে আসছেন। তিনি একজন বীর মুক্তিযোদ্ধা ও সংগঠক।

রহিম নিহাল ডেমক্র্যাটিক পার্টির রিফ্যুজিয়ো কাউন্টির চেয়ারম্যান হয়েছেন

উত্তর আমেরিকা অফিস

রহিম নিহাল

বাংলাদেশি আমেরিকান রহিম নিহাল ডেমক্র্যাটিক পার্টির রিফ্যুজিয়ো কাউন্টির চেয়ারম্যান হয়েছেন।

টেক্সাস ডেমক্র্যাটিক পার্টির চেয়ারম্যান গিলবার্টো হিনোজোসা এ সিদ্ধান্তের কথা টেক্সাস স্টেটের সেক্রেটারিকে ৪ নভেম্বর বিষয়টি অবহিত করেছেন। রহিম নিহাল রাজনীতি ও সামাজিক কর্মকান্ডের সাথে জড়িত। এর আগে বাংলাদেশের অর্থনীতিতে অবদানের জন্য প্রবাসী ব্যবসায়ী নিহাল রহিম সিআইপি পদক পেয়েছেন।

প্রকাশনা সংস্থা স্বদেশ শৈলী মতবিনিময় সভায় মেট্রো ওয়াশিংটনের লেখক-কবি-সাংবাদিকেরা অংশ নেন। ছবি: উত্তর আমেরিকা অফিস

স্বদেশ শৈলীর আয়োজনে প্রকাশক লেখক মতবিনিময় সভা

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রভিত্তিক প্রকাশনা সংস্থা স্বদেশ শৈলী ভার্জিনিয়ার স্প্রিংফিল্ড, ডেরা রেষ্টুরেন্টে প্রকাশক-লেখকদের নিয়ে ৬ নভেম্বর শনিবার সন্ধ্যায় এক মতবিনিময় সভা অনুষ্ঠিত হয়। সভায় মেট্রো ওয়াশিংটনের নয় জন লেখক-কবি-সাংবাদিক অংশ নেন।

স্বদেশ শৈলীর পরিচালনা কমিটির অন্যতম এন্থনি পিউস গোমেজের সঞ্চালনে আলোচনার অংশ নেন স্থানীয় কবি-লেখকরা। সভার শুরুতে প্রকাশক, প্রকাশনা, লেখক-পান্ডুলিপি, সম্পাদনা, রিভিউ এবং বই প্রকাশের গুরুত্ব ও প্রতি ধাপ কিভাবে সম্পন্ন হয় তা বিশদ ব্যাখ্যা করেন বিশিষ্ট অনুবাদক লেখক প্রকাশক অনন্ত উজ্জ্বল। তিনি নানা প্রশ্নের উত্তরে বলেন, প্রতিটি বইয়ের রিভিউ করা অত্যন্ত গুরুত্বপূর্ণ কাজ। এই কাজের মানুষ দিনে দিনে কমে যাচ্ছে।

আলোচনায় আরও অংশ নেন লেখক-বিজ্ঞানী আশরাফ আহমেদ, সায়েন্সফিকশন লেখক মোস্তফা তানিম, কবি মিজানুর রহমান ভূঁইয়া, রেদোয়ান চৌধুরী, দীনেশ পিটার রেগো, সুবীর কাস্মীর পেরেরা ও এন্থনি পিউস গমেজ।

আলোচনায় স্বদেশ শৈলী আশ্বাস দিয়ে বলেন, প্রবাসী লেখকদের একটা বড় সমস্যা হলো প্রবাসে বসে বই প্রকাশ করা। তাঁদের এই কাজ সহজ করে দিতেই এন্থনি পিউস গমেজ, কবি-গবেষক-চিন্তাবিদ মৃদুল রহমান ও অনন্ত উজ্জ্বল স্বদেশ শৈলী নামে প্রকাশনা সংস্থার কথা চিন্তাভাবনা করেন। প্রবাসে এন্থনি পিউস ও মৃদুল রহমান লেখকদের সাথে যোগাযোগ এবং বাংলাদেশে সম্পাদনা ও ছাপার কাজ করেন অনন্ত উজ্জ্বল। এন্থনি পিউস প্রবাসী লেখকদের উৎসাহিত করে বলেন, নিখুঁত-নির্ভুল ও মানসম্পন্ন বই প্রকাশে তাঁরা অঙ্গীকারাবদ্ধ। নৈশভোজের মধ্যদিয়ে আলোচনা সভা শেষ হয়।

আমেরিকায় মুসলমান অভিবাসীদের উত্থান ঘটছে

উত্তর আমেরিকা অফিস

বহু ধর্ম, বর্ণ ও অভিবাসীদের দেশ আমেরিকায় মুসলমান পরিচয়ের অভিবাসীদের ক্রমশ উত্থান ঘটছে। গত ২ নভেম্বর মঙ্গলবার অনুষ্ঠিত নির্বাচনে বেশ কিছু এলাকায় স্থানীয় নির্বাচনে মুসলমান প্রার্থীদের বিজয় নিয়ে জনসমাজের মধ্যে আলোচনা হচ্ছে। এসব মুসলমানদের অধিকাংশই দক্ষিণ এশীয় এবং মধ্য এশিয়ার আরব বংশদ্ভোত।

নিউইয়র্ক সিটি কাউন্সিলে নির্বাচিত হয়েছেন বাংলাদেশী বংশদ্ভোত শাহানা হানিফ। তাঁর মুসলমান ধর্ম পরিচয় নিয়ে রিপোর্ট করেছে নিউইয়র্ক টাইমস। নিউইয়র্কে অপর বাংলাদেশী সোমা সাইদ নির্বাচিত হয়েছেন কাউন্টি বিচারক পদে।

একুশে পদকপ্রাপ্ত লেখক, বিশিষ্ট বিজ্ঞানী, মুক্তিযোদ্ধা ড. নূরুন নবী বিনা প্রতিদ্বন্দ্বিতায় নিউজার্সি অঙ্গরাজ্যের প্লেইন্সবোরো টাউনশিপের কাউন্সিলম্যান পদে পুনর্নির্বাচিত হয়েছেন। তিনি ২০০৭ সাল থেকে দক্ষতার সাথে একটানা কাউন্সিলম্যান হিসাবে দায়িত্ব পালন করে আসছেন। আবারও তিনি আগামী তিন বছরের জন্য নির্বাচিত হলেন। পঞ্চমবারের মতো কাউন্সিলম্যান নির্বাচিত হয়ে ডেমোক্র্যাট দলীয় নুরুন নবী তাঁর এলাকার ভোটারদেরকে ধন্যবাদ জানিয়ে বলেন,'আমি আশা করি আমার এ বিজয় বাংলাদেশী আমেরিকানদেরকে মূলধারার রাজনীতিতে সম্পৃক্ত হতে অনুপ্রাণিত করবে।'

পেনসিলভেনিয়ার ডেলওয়ার কাউন্টির মিলবর্ন বরোর মেয়র হয়েছেন বাংলাদেশী আমেরিকান মাহবুবুল তৈয়ব। আমেরিকায় কোন শহরে তিনিই প্রথম কোন বাংলাদেশী মেয়র নির্বাচিত হলেন।

মিশিগানের দুটি শহরে মেয়র নির্বাচিত হয়েছেন দু'জন মুসলিম আমেরিকান। আব্দুল্লাহ হামমুদ আরব আমেরিকান। মিশিগানের ডেয়ারবর্ন সিটিতে প্রথম মুসলিম কোন মেয়র নির্বাচিত হলেন। তাঁর নামই আব্দুল্লাহ হামমুদ। মিশিগানের আরেকটি শহর হামট্রাক। এ সিটিতেও মেয়র নির্বাচিত হয়েছেন ইয়েমেনি মুসলিম আমেরিকান আমের গালিব।

বোস্টন সিটিতে কাউন্সিলওম্যান পদে নির্বাচিত হয়েছেন আরেক মুসলিম আনিসা ইসায়েবি-জর্জ। প্রথম আমেরিকান মুসলিম নিউজার্সি আইনসভায় প্রথমবারের মতো নির্বাচিত হয়েছেন মুসলিম প্রার্থী সায়মা আলী হায়দার। তিনিই নিউজার্সির আইনসভায় প্রথম মুসলিম হিসাবে প্রবেশ করবেন।

ফ্লোরিডার বাংলাদেশ সমিতির উদ্যোগে ৩১ অক্টোবর সেন্ট্রাল বার্ষিক পিকনিক অনুষ্ঠিত হয় মেলবোর্ন বিচের রোটারি পার্ক অব সানট্রিতে। ছবি: উত্তর আমেরিকা অফিস

মিশিগানে কালীপূজা উদযাপিত

পার্থ সারথী দেব, *মিশিগান*

উৎসাহ-উদ্দীপনার মধ্যদিয়ে মিশিগানে সনাতন ধর্মাবলম্বীদের দ্বিতীয় বৃহৎ ধর্মীয় উৎসব কালীপূজা অনুষ্ঠিত হয়েছে। এ উৎসবকে কেন্দ্র করে মিশিগানের মন্দিরগুলো সেজে ছিল নতুন সাজে। দীপাবলির আলোয় আলোকিত হয়েছিল প্রতিটি মন্দির। গত ৩ নভেম্বর তিথিমতো এবং ৬ নভেম্বর বিভিন্ন মন্দিরে কালীপূজা উদযাপন করা হয়েছে। এতে ছিল পূজা, অঞ্জলি, দীপাবলির প্রদীপ প্রজ্জ্বলন, আলোকসজ্জা, আরতি, সাংস্কৃতিক অনুষ্ঠান, প্রসাদ বিতরণসহ বিভিন্ন আয়োজন। কালীপূজা সাধারণত রাতে অনুষ্ঠিত হয়। তাই এই পূজাকে নিশিপূজাও বলা হয়ে থাকে।

দুর্গা টেম্পল : ডেট্রয়েট শহরের দুর্গা টেম্পলে গত ৩ নভেম্বর বুধবার তিথিমতো এবং ৬ নভেম্বর শনিবার কালীপূজা উদযাপন করা হয়। এতে পূজা, অঞ্জলি, আরতি, প্রসাদ বিতরণ, মাঙ্গলিক কর্মকাণ্ড, সন্ধ্যায় প্রদীপ প্রজ্জ্বলন, আলোকসজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান ছিল। সাংস্কৃতিক অনুষ্ঠানে শিশু-কিশোররা নৃত্য ও সঙ্গীত এবং স্থানীয় শিল্পীরা গান পরিবেশন করেন। শনিবার রাতব্যাপী মন্দিরে কীর্তন ও হরিনাম পরিবেশন করেন মন্দিরের ভক্তরা। পরদিন রোববার ভোরে মঙ্গলা অনুষ্ঠিত হয়।

শিব মন্দিরে কাঠিনাচ। ছবি : সংগৃহীত

শিব মন্দির : ওয়ারেন সিটিতে অবস্থিত শিব মন্দিরে ৩ ও ৬ নভেম্বর দু'দিন কালীপূজা অনুষ্ঠিত হয়। ৩ নভেম্বর তিথিমতো এবং ৬ নভেম্বর পূজা উদযাপন করা হয়। এতে পূজা, অঞ্জলি, আরতি, প্রসাদ বিতরণ, প্রদীপ প্রজ্জ্বলন, আলোকসজ্জা করা হয়। ৬ নভেম্বর সাংস্কৃতিক অনুষ্ঠানে কাঠিনাচ ও নিউইয়র্ক থেকে আগত শিল্পী চন্দ্রা রায় সঙ্গীত পরিবেশন করেন।

রামকৃষ্ণ সেবাশ্রম : ওয়ারেন সিটিতে অবস্থিত রামকৃষ্ণ সেবাশ্রমে গত ৩ নভেম্বর তিথি অনুযায়ী কালীপূজা অনুষ্ঠিত হয়। এতে পূজা, অঞ্জলি, আরতি, প্রসাদ বিতরণ, প্রদীপ প্রজ্জ্বলন, আলোকসজ্জা ও ভক্তিমূলক গান পরিবেশিত হয়।

কালীবাড়ি : ওয়ারেন সিটির নাইন মাইলে অবস্থিত কালীবাড়িতে গত ৩ ও ৬ নভেম্বর দু'দিনব্যাপী কালীপূজা অনুষ্ঠিত হয়। এতে ছিল পূজা, অঞ্জলি, আরতি, প্রসাদ বিতরণ, প্রদীপ প্রজ্জ্বলন, আলোকসজ্জা ও সাংস্কৃতিক অনুষ্ঠান।

সেন্ট্রাল ফ্লোরিডায় বাংলাদেশ সমিতির পিকনিকে করোনা জয়ের উচ্ছ্বাস

জুয়েল সাদাত

ফ্লোরিডার বাংলাদেশ সমিতির উদ্যোগে আনন্দময় উৎসবের মধ্যদিয়ে ৩১ অক্টোবর সেন্ট্রাল বার্ষিক পিকনিক অনুষ্ঠিত হয়। এবারের বার্ষিক পিকনিক অনুষ্ঠিত হয় মেলবোর্ন বিচের রোটারি পার্ক অব সানট্রিতে। সকাল ১১ টা থেকে সন্ধ্যা ৬টা পর্যন্ত চারশ প্রবাসী বাংলাদেশ সমিতির চমৎকার আয়োজনের পিকনিক উপভোগ করেন। সেখানে বিভিন্ন বয়সী বাচ্চাদের ইভেন্ট, পুরুষ, মহিলাদের ইভেন্ট ছিল আকর্ষণীয়। মহিলাদের বেলুন ফুটানো, পুরুষদের বস্তা দৌড়, যুগল জুটিদের ক্রিকেট এর ক্যাচ ধরা ছিল উপভোগ্য। প্রবাসীরা স্পোর্টর্সের নানা ইভেন্ট উপভোগ করেন । মনোরম পরিবেশে লেকের পাশে পার্কটি ছিল খুবই আকর্ষণীয়। পেন্ডামিক পরবর্তী দীর্ঘ দুই বছর পর ওরলান্ডোর প্রথম (সেন্ট্রাল ফ্লোরিডা) আউটডোরের পিকনিকে প্রবাসীরা অংশ নেন।

সমিতির পিকনিকে সকালের নাস্তা,বাচ্চাদের জন্য পিজা পার্টি, আম ভর্তা, দুপুরের নানা পদের ভর্তা-ভাজিসহ লাঞ্চ ও সন্ধ্যায় হাতে তৈরীর পিঠার বক্স সকলের দৃষ্টি আকর্ষণ করে। বাংলাদেশ সমিতির সভাপতি নূরুল ইসলাম, সদস্য সচিব জাহেদ আলাম ও অন্যতম আয়োজক আনোয়ার হোসেন সেন্টু সমিতির সদস্যদের ও উপস্থিত সকলকে ধন্যবাদ জানান। তাঁরা জানান, মহিলা পুরুষ এক বিশাল টিম এই অনুষ্ঠানের জন্য এক মাস কাজ করেছেন। এছাড়াও সকল প্রবাসী সমিতির প্রতি আস্থা রাখেন সেটা উল্লেখ করে আগামীতেও সহযোগিতার অনুরোধ জানান। বিকালে বিভিন্ন প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কুত করা হয় । অনুষ্টানে রাফেল ড্র এর ব্যবস্থা ছিল না। তবে we Insurance এর হাসান মাহমুদ এর সৌজন্য একটি ফ্রি রাফেল ড্র ছিল, সেখানে সবাই অংশ নেন। সন্ধ্যায় সৌভাগ্যবান চারজনকে পুরস্কৃত করা হয়। পিকনিকে স্থানীয় শিল্পী শফিকুল ইসলাম, স্বপন অধিকারী ও মোহাম্মদ চৌধুরী রানা সংগীত পরিবেশন করেন। রোটারি পার্কের সানট্রির আকর্ষনীয় লোকেশন ওরলান্ডোর প্রবাসীদের মুগ্ধ করে রাখে। দীর্ঘ দু বছরের পেন্ডামিক পরবর্তী প্রথমবারের মতো প্রবাসীদের সর্ববৃহৎ মিলনমেলা ছিল সবার কাছে করোনা জয়ের আনন্দের খোরাক।

গোয়াইনঘাটের ৬ ইউনিয়নে চেয়ারম্যান পদে প্রার্থী ৩৮

উত্তর আমেরিকা ডেস্ক

সিলেটের গোয়াইনঘাট উপজেলার ছয় ইউনিয়ন পরিষদে (ইউপি) নির্বাচন অনুষ্ঠিত হবে আগামী ২৮ নভেম্বর। গত ২ নভেম্বর মনোনয়ন দাখিলের শেষ দিন পর্যন্ত গোয়াইনঘাটের ছয় ইউনিয়নে চেয়ারম্যান পদে প্রার্থী ৩৮, সংরক্ষিত ওয়ার্ডে মহিলা সদস্য ৬৩ ও সাধারণ সদস্য পদে ২৩৫ জন মনোনয়ন ফরম জমা দিয়েছেন।

এঁদের মধ্যে নন্দীরগাঁও ইউনিয়নে নৌকা প্রতীকে এস কামরুল হাসান আমিরুল, বিদ্রোহী প্রার্থী সিরাজুল ইসলাম সিরাজ ও হীরক দে। স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন বিএনপির মামুনুর রশীদ শাহীন, আব্দুল ওয়াহিদ, জামাল উদ্দিন আহমদ ও তাজ উদ্দিন। রুস্তমপুর ইউনিয়নে নৌকা প্রতীকে হেলাল উদ্দিন, বিদ্রোহী প্রার্থী এম এ মতিন এবং স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন বিএনপির আবুল কালাম আজাদ, সাহাব উদ্দিন শিহাব, হাবিবুর রহমান হাবিব ও সালেহ আহমদ।

লেঙ্গুড়া ইউনিয়নে নৌকা প্রতীকে মুজিবুর রহমান মুজিব, বিদ্রোহী প্রার্থী গোলাম কিবরিয়া রাসেল এবং স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন বিএনপির মাহবুব আহমদ, গোলাম কিবরিয়া সাত্তার ও আব্দুল মান্নান। তোয়াকুল ইউনিয়নে নৌকা প্রতীকে লোকমান হোসেন ও বিদ্রোহী সামছুদ্দিন এবং স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন বিএনপির খালেদুর রহমান খালেদ।

ফতেহপুর ইউনিয়নে নৌকা প্রতীকে নাজিম উদ্দিন ও বিদ্রোহী প্রার্থী আমিনুর রহমান চৌধুরী এবং স্বতন্ত্র প্রার্থী হিসেবে মনোনয়ন জমা দিয়েছেন বিএনপির মিনহাজ উদ্দিন, মীর হোসেন আমির ও সোহেল আহমদ। ডৌবাড়ী ইউনিয়নে নৌকা প্রতীকে শুভাস দাস ও বিদ্রোহী প্রার্থী এম. নিজাম উদ্দিন মনোনয়ন ফরম জমা দিয়েছেন।

চেয়ারম্যান পদে ৩৮ জন প্রার্থীর মধ্যে বাংলাদেশ আওয়ামী লীগের ছয়জন, জমিয়তে উলামায়ে ইসলামের দুজন, ইসলামি আন্দোলনের একজন ও স্বতন্ত্র প্রার্থী হিসেবে ২৯ জন মনোনয়নপত্র জমা দিয়েছেন।

আগামী ২৮ নভেম্বর সারা দেশে ১ হাজার ৭০০ ইউনিয়ন পরিষদে ভোট হবে। এর মধ্যে সিলেট বিভাগের ৭৭টি ইউনিয়নে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। তৃতীয় ধাপের ইউপি নির্বাচন উপলক্ষে সিলেটের ওই ৭৭টি ইউনিয়নে নৌকার প্রার্থী চূড়ান্ত করেছে আওয়ামী লীগ।

নিউইয়র্কে স্বনাম ধন্য বাংলাদেশী বিশেষজ্ঞ
Utpal Chowdhury, MD.
Board certified internal medicine
Attending physician(Emergency)-New York Community Hospital, Brooklyn. Jamaica Hospital Medical Center, Queens.
অন্যান্য সব ধরনের চিকিৎসা করা হয়
পরিষেবা/চিকিৎসা
■ ফিজিক্যাল এক্সাম
■ স্কুল ও কলেজের জন্য টীকা
■ টিএলসি এক্সাম
■ হজ ও ওমরাহ যাত্রীদের জন্য টীকা
■ চর্মরোগ
■ ডায়বেটিস
■ উচ্চ রক্তচাপ
■ থাইয়েড
■ এজমা
■ বাতের ব্যাথা
■ যৌন রোগ
TREATMENT / SERVICES
• COMPLETE PHYSICAL
• HIGH BLOOD PRESSURE
• SCHOOL /JOB PHYSICAL
• HIGH CHOLESTEROL
• TLC
• ASTHMA
• VACCINATION
• SKIN PROBLEM
• DIABETES
• EKG
Please call for Appointment
At# 917-503-5002

ডাঃ উৎপল চৌধুরী
Jamaica office
167-02 Highland Ave, 1st Floor,
Jamaica, NY 11432
Phone: (718) 297-4444 & (917) 503-5006
Fax: (718) 297-4443& (917) 503-5005
Office Hours:
Monday & Thursday, 5pm-9pm
Wednesday & Friday, Sunday 9am-3pm
Jackson Heights office
40-37 76th Street, 1st Floor, Elmhurst, NY 11373
Phone: (917) 503-5002 & (718) 533-0002
Fax: (917) 503-5004 & (718) 533-0005
Office Hours:
Monday, Tuesday Thursday
9am-3pm
Wednesday & Friday
5pm-9pm
Sunday: Lab. Work only.
9am-1pm
Tel: 917-503-5002,
Fax: 917-503-5004
আমরা প্রায় সব ধরণের ইন্স্যুরেন্স নিয়ে থাকি
যাদের স্বাস্থ্যবীমা নেই তাদের হ্রাসকৃত মূল্যে চিকিৎসা করে থাকি
We accept all major insurances including Medicare, Medicaid
True Medical Care P.C.
40-37 76th Street, 1st Floor Elmhurst, NY 11373 167-02 Highland Ave, 1st Floor Jamaica, NY 11432

বাফেলোতে বিএনপির আলোচনা সভা

উত্তর আমেরিকা অফিস

জাতীয় সংহতি ও বিপ্লব দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) বাফেলো, নিউইয়র্কের আয়োজনে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গত ৭ নভেম্বর বাফেলোর একটি স্থানীয় হলরুমে বাফেলো বিএনপির আয়োজনে এ সভা অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন বাফেলোর বিএনপির আহবায়ক সিরাজউদ্দৌলা বাবুল, উপস্থাপনা করেন সোহেন হাওলাদার। বক্তব্য রাখেন স্বাধীনতা উদযাপন কমিটির উপদেষ্টা আব্বাস উদ্দিন, স্বাধীনতা উদযাপন জাতীয় কমিটির সদস্য বিশিষ্ট ব্যবসায়ী মোক্তাদির হোসেন, বিশিষ্ট ব্যবসায়ী আনোয়ার হাওলাদার, নাজমুল আলম, এমএ লতিফ। বক্তারা দেশে সংঘটিত অরাজকতা মোকাবেলার জন্য দলের সবার মধ্যে ঐক্য বাড়ানোর অনুরোধ জানান।

জাতীয় সংহতি ও বিপ্লব দিবস উপলক্ষে বাংলাদেশ জাতীয়তাবাদী দল (বিএনপি) বাফেলো, নিউইয়র্কের আলোচনা সভা। ছবি : সংগৃহীত

নিউইয়র্কে হোম কেয়ার প্রতিষ্ঠানে

প্রথম পৃষ্ঠার পর

এ কাজে নিয়োজিত কর্মীদের সুযোগ-সুবিধায় কোন পরিবর্তন আসবে কিনা, এ নিয়ে উদ্বেগ শুরু হয়েছে। ইন্টেগ্রা অধিগ্রহণ করার পর এন্থেম এ নিয়ে তাৎক্ষণিক কোন বক্তব্য দেয়নি। উল্লেখ্য, ইন্টেগ্রার নামের প্রতিষ্ঠানের অধীনে নিউইয়র্কে স্বাস্থ্যসেবা কর্মসূচীর একটি উল্লেখযোগ্য অংশ পরিচালিত হয়ে থাকে। হোম কেয়ার নামের প্রতিষ্ঠানগুলো ইন্টেগ্রার অধীনে অসুস্থ, বয়স্ক, কর্মোক্ষম লোকজনকে নিউইয়র্কে সেবা দিয়ে আসছে। এসব সেবার সাথে সেবাগ্রহীতার পরিবারের লোকজনসহ বিপুল সংখ্যক সেবাকর্মী, চিকিৎসক, নার্স, থেরাপিস্ট, সোশ্যাল ওয়ার্কার, সমন্বয়কারীসহ নানা পর্যায়ের কর্মীরা জড়িয়ে রয়েছেন। তাঁদের সেবা গ্রহণের সময় বা সেবাদানকারীর ঘন্টাপ্রতি মজুরিসহ সব সুযোগ-সুবিধা নিয়ন্ত্রিত হয়ে আসছিল ইন্টেগ্রা নামের কোম্পানির মাধ্যমে। নিউইয়র্ক সিটিতে ৪০ হাজারের বেশি মেডিকেইড গ্রহীতাকে সেবা দিয়ে আসছে ইন্টেগ্রা কোম্পানির অধীনের বিভিন্ন হোম কেয়ার প্রতিষ্ঠান। এরমধ্যে বাংলাদেশী বেশ কিছু প্রতিষ্ঠানও রয়েছে। নিউইয়র্কে বসবাসরত বিপুল সংখ্যক বাংলাদেশী বয়স্ক লোকজন, তাঁদের পরিবারসহ বাংলাদেশী জনসমাজের বিপুল সংখ্যক লোকজন হোম কেয়ারের সেবা গ্রহণ করছেন বা হোম কেয়ারের কাজে নিয়োজিত রয়েছেন। এন্থেম কোম্পানির অধিগ্রহণের মাধ্যমে এক্ষেত্রে সেবা বা মজুরির ক্ষেত্রে কোন পরিবর্তন ঘটবে কি না, তা এখনো জানা যায়নি। এ নিয়ে উদ্বেগ বিরাজ করছে। এন্থেম কোম্পানির নির্বাহী ভাইস প্রেসিডেন্ট ফেলিসিয়া নরউড বলেছেন, ইন্টেগ্রা অধিগ্রহণের বেলায় তাঁদের কোম্পানির মেডিকেইড ব্যবসার সম্প্রসারণের অংশ। সমন্বিত ও ব্যাপকভাবে স্বাস্থ্যসেবা গ্রহীতাদের সেবা নিশ্চিত করার কথা বলেছেন তিনি। এন্থমের মতো ইন্টেগ্রাও জনসমাজের গভীরে পৌঁছে তাঁদের স্বাস্থ্যসেবাকে ব্যাপক করার কাজ করেছে বলে ফেলেসিয়া নরউড উল্লেখ করেন। এন্থেমের পক্ষ থেকে জানানো হয়েছে, অধিগ্রহণের কাজ আগামী বছরের মাঝামাঝি সম্পন্ন হবে এবং এ অধিগ্রহণের বিনিময়মূল্য প্রকাশ করা হয়নি। পরিবর্তন নিয়ে বেশ কয়েকটি আইন প্রতিষ্ঠান সমন্বিতভাবে কাজ শুরু করেছে। এন্থেমের লক্ষ্য হিসেবে বলা হয়েছে, নিউইয়র্ক স্টেট পরিচালিত দীর্ঘস্থায়ী স্বাস্থ্যসেবা গ্রহীতাদের সেবা দেয়াই তাদের লক্ষ্য। সেবাগ্রহীতারা তাঁদের ঘরে বসেই উৎকৃষ্ট সেবা নিশ্চিত করার বিষয়টির কাজে এন্থেমের পেশাজীবীরা নিবেদিত থাকবে বলে বলা হয়েছে।

এসকে সিনহার ১১ বছরের কারাদণ্ড

প্রথম পৃষ্ঠার পর

ফারমার্স ব্যাংক (বর্তমানে পদ্মা ব্যাংক) থেকে চার কোটি টাকা ঋণ নিয়ে অর্থ আত্মসাতের অভিযোগে এস কে সিনহাসহ ১১ জনের বিরুদ্ধে মামলা করে দুর্নীতি দমন কমিশন (দুদক)। ২০১৯ সালের ১০ জুলাই দুদকের সমন্বিত জেলা কার্যালয়, ঢাকা-১-এ মামলা করা হয়। মামলার বাদী দুদকের পরিচালক সৈয়দ ইকবাল হোসেন।

এরপর চলতি বছরের ২৯ আগস্ট আত্মপক্ষ সমর্থনে সাত আসামী নিজেদের নির্দোষ দাবি করে আদালতের কাছে ন্যায়বিচার প্রত্যাশা করেন। তাঁরা হলেন—ফারমার্স ব্যাংক লিমিটেডের অডিট কমিটির সাবেক চেয়ারম্যান মো. মাহবুবুল হক চিশতী (বাবুল চিশতী), ফারমার্স ব্যাংকের সাবেক এমডি একেএম শামীম, ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট স্বপন কুমার রায়, ভাইস প্রেসিডেন্ট মো. লুৎফুল হক, সাবেক এসইভিপি গাজী সালাহউদ্দিন, টাঙ্গাইলের মো. শাহজাহান ও একই এলাকার নিরঞ্জন চন্দ্র সাহা। মামলার আসামীদের মধ্যে কারাগারে রয়েছেন মাহবুবুল হক চিশতী। বাকি ছয়জন জামিনে। অন্যদিকে এসকে সিনহা, ফারমার্স ব্যাংকের ফার্স্ট ভাইস প্রেসিডেন্ট সফিউদ্দিন আসকারী আহমেদ, রণজিৎ চন্দ্র সাহা ও তাঁর স্ত্রী সান্ত্রী রায় পলাতক রয়েছেন। পলাতক থাকায় তাঁরা আত্মপক্ষ সমর্থন করতে পারেননি।

এদিকে সাবেক প্রধান বিচারপতি এসকে সিনহার কারাদণ্ডের রায়ের বিষয়ে আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, 'আমি অবশ্যই বলব, আজ বিচার বিভাগের জন্য সুখকর দিন নয়। কিন্তু এটাও ঠিক যে অন্যায় করলে তার বিচার হবে। সেক্ষেত্রে আমার মনে হয়, এটা একটা দৃষ্টান্ত স্থাপিত হলো।' আনিসুল হক বলেন, 'আই অ্যাম নট ভেরি হ্যাপি। বিচার বিভাগের সঙ্গে তিনি (এসকে সিনহা) সম্পৃক্ত ছিলেন। তিনি প্রধান বিচারপতি ছিলেন। আমি একজন আইনজীবীও। আমিও বিচার বিভাগের সঙ্গে সারাজীবনই সম্পৃক্ত। সে জন্য আমার কাছে এটা সুখকর হতে পারে না।' সাংবাদিকদের আরেক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, বাংলাদেশের ইতিহাসে এরকম অন্যায় কোনো প্রধান বিচারপতি করেননি। সে জন্য এরকম বিচার করার প্রয়োজন হয়নি। এরকম অন্যায় হলে নিশ্চয়ই বিচার হতো। পৃথিবীর ইতিহাসে এ রকম নজির আছে বলে জানান তিনি। বিরোধী পক্ষ বলছে, সাবেক এই প্রধান বিচারপতি যদি সরকারের মতের বাইরে না যেতেন, তাহলে হয়ত তাঁকে এ ধরনের সাজার মুখে পড়তে হতো না—এমন এক প্রশ্নের জবাবে আইনমন্ত্রী বলেন, কথাটা সত্য নয়। তারা হয়ত সরকারকে সমালোচনা করার জন্য বলছে। এ কথার কোনো সারমর্ম নেই।

এ দফাও কী ঘুরে দাঁড়াতে পারবেন

প্রথম পৃষ্ঠার পর

রিপাবলিকান দলের ১৩ জন সদস্যকে আইন প্রস্তাবটির পক্ষে নিয়ে আসা সম্ভব হয়েছে। এ বিষয়টিকে ওয়াশিংটনে এখনো রাজনৈতিক সমঝোতা হয়, এমন কথাই প্রমাণ করেছে। সাফল্য আসার আগেই উল্লাস প্রকাশ এবং সফল্যের দাবি করা নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের সমালোচনা হছে। এবারেও এমনটি হয়েছে। পরিকাঠামো আইন প্রস্তাব পাশের পরই হোয়াইট হাউস থেকে উল্লাস প্রকাশ করে বলা হয়েছে, আমেরিকাজুড়ে দ্রুতই অর্থনৈতিক চাঞ্চল্য শুরু হবে। ইতিহাসের সবচেয়ে বড় পরিকাঠামো পুনর্নির্মাণ কাজ শুরু হবে এবং শিগগিরই আরও সুসংবাদ আসছে বলে জানান হোয়াইট হাউসের প্রেস সেক্রেটারি জেন সাকি। নির্বাচিত হওয়ার আগে প্রেসিডেন্ট জো বাইডেনের কাছে বার্তাটি সহজ ছিল। সাবেক প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের অস্থিরতা থেকে দেশকে বের করে আনার বার্তা ছিল। নির্বাচনী বার্তা আর ক্ষমতাগ্রহণ করে পরিস্থিতি সামাল দিয়ে এগিয়ে যাওয়া যে ভিন্ন— তা জানেন প্রেসিডেন্ট জো বাইডেন। তিনি নিজেও বলেছেন, জনগণ

কাজের ফলাফল দেখতে চায়। গত ৪ জুলাইয়ের আগে আমেরিকার অধিকাংশ লোকজনকে মহামারি টিকা দেয়া সম্ভব হবে বলে আগাম ঘোষণা দিয়েছিলেন প্রেসিডেন্ট জো বাইডেন। তা এখনও হয়ে ওঠেনি। জনগণের প্রত্যাশা ছিল মহামারি নিয়ন্ত্রিত হবে। তাও হয়ে ওঠেনি। এখনো মহামারির আশঙ্কার মধ্যেই দিন কাটছে আমেরিকার লোকজনের।

গালাপ জরিপের ফলাফলে দেখা যায়, জুন মাসেও প্রেসিডেন্ট জো বাইডেনের জনপ্রিয়তা

ছিল ৫৭ শতাংশ। অক্টোবরে তা নেমে এসেছে ৪৬ শতাংশে। ক্ষমতাগ্রহণের অল্প সময়ের মধ্যে জনপ্রিয়তায় এমন ধস আগে কোনো মার্কিন প্রেসিডেন্টের বেলায় দেখা যায়নি। জরিপ পেশাজীবী ডেভিড উইনস্টন বলেছেন, প্রেসিডেন্ট জো বাইডেন ক্ষমতায় আসার মধ্যে জনমনে তাঁকে নিয়ে উচ্চ আশাবাদ রয়েছে। মহামারিতে বিপর্যস্ত দেশে স্বাভাবিকত্ব দেখার উচ্চ প্রত্যয়শা ছিল তাঁর ওপর। তিনি বলেন, এমন নয় যে কোনো একটা বিষয় থমকে দাঁড়িয়েছে। কার্যত সর্বক্ষেত্রেই দেখা যাচ্ছে, বাইডেন

প্রশাসনের কিছুই যেন ঠিক পথে যাচ্ছে না। উর্ধ্বমূখী জনপ্রত্যাশার মুখে মার্কিন প্রেসিডেন্টদের এমন থমকে যাওয়া এবং ঘুরে দাঁড়ানো অবশ্য নতুন কিছু নয়। সাম্প্রতিক ইতিহাসে প্রেসিডেন্ট রোনাল্ড

রিগ্যান ১৯৮১ সালের মহামন্দার সময় প্রতিনিধি পরিষদে ২৬টি আসন হারিয়েছিলেন। দ্রুত অর্থনীতি পুনরুদ্ধার হলে দ্বিতীয় দফা প্রেসিডেন্ট পদে নির্বাচিত হয়েছিলেন রোনাল্ড রিগ্যান। সাবেক প্রেসিডেন্ট বিল ক্লিনটন ক্ষমতাগ্রহণের প্রথম বছরে কোনো কাজই করতে পারেননি এবং ১৯৯৪ সালে কংগ্রেসের নিয়ন্ত্রণ হারিয়েছিল ডেমোক্র্যাট দল। বিল ক্লিনটনও ঘুরে দাঁড়িয়েছিলেন এবং ১৯৯৬ সালে দ্বিতীয় দফা প্রেসিডেন্ট হিসেবে নির্বাচিত হয়েছিলেন।

আমেরিকার সামাজিক ও রাজনৈতিক সংঘাতগুলো এখন আর ২০ শতাব্দীর বাস্তবতায় নেই। তবুও রাজনৈতিক বিশ্লেষকেরা মনে করছেন, প্রেসিডেন্ট জো বাইডেন ঘুরে দাঁড়াতে পারবেন। তাঁকে প্রথম দু'টি বিষয় সামাল দেয়ায় জন্য দ্রুততার সাথে পদক্ষেপ নিতে হবে। মহামারি নিয়ন্ত্রণ এবং দেশের অর্থনীতিতে চাঞ্চল্য নিয়ে আসতে হবে দ্রুততার সাথে। গত সপ্তাহেই এক দশমিক দুই ট্রিলিয়ন ডলারের পরিকাঠামো আইন পাসের মাধ্যমে দ্রুতই অর্থনীতিতে চাঞ্চল্য ফিরে আসবে বলে মনে করা হচ্ছে। মহামারিও অনেকটা নিয়ন্ত্রণের দিকে। ভ্যাকসিন বাধ্যতামূলক করা নিয়ে নানা ঝামেলা সত্ত্বেও

অনেকটা স্বভাবিকত্বের দিকে দ্রুতই এগিয়ে যাচ্ছে আমেরিকা। যদি নতুন করে আরেক দফা মহামারির ধাক্কায় আমেরিকা পড়ে, তবে পরিস্থিতি ঠিকই নাজুকতার দিকে যাবে বলেও আশঙ্কা করা হচ্ছে।

দেশে নিত্য প্রয়োজনীয় জিনিসপত্রের মূল্য বাড়ছে। সর্বত্র মজুদ সংকট, পরিবহন সংকটসহ সব ধরনের সামগ্রীর সরবরাহ সংকট দেখা দিয়েছে। এসব নিত্যনৈমত্তিক সমস্যাকেই সমাধানে নিয়ে আসতে হবে বলে বিশ্লেষকেরা মনে করছে।

সহসাই আরেকটি এক দশমিক ৭৫ ট্রিলিয়ন ডলারের 'বিল্ড বেটার আমেরিকা' আইন প্রস্তব পাস করার চেষ্টা করছেন প্রেসিডেন্ট জো বাইডেন। সামজিক নিরাপত্তার নানা খাতে এ আইন প্রস্তাবে থাকছে ইতিহাসের সবচেয়ে বড় অর্থ অনুদান।

প্রেসিডেন্ট জো বাইডেনের বিভিন্ন তথ্য জরিপ নিয়ে কাজ করেন রাজনৈতিক বিশ্লেষক জন এঞ্জালোন। তিনি বলেছেন, দুর্ভাগ্যজনক বিষয় হচ্ছে কোভিড-১৯ এবং অর্থনৈতিক বিরূপ বাস্তবতায় এক জটিল পরিস্থিতির মধ্যদিয়ে যেতে হচ্ছে প্রেসিডেন্ট জো বাইডেনকে। রাজনীতিতে কোনো কোনো সময় রি-সেট বাটন চালু হতে সময় লাগে উল্লেখ করে জন এঞ্জালোন বলেন, জো বাইডেনের রাজনৈতিক উত্থানের কোনো পর্যায়েই মসৃণ ছিল না। একদম মাঠপর্যায় থেকে, ব্যক্তিগত নানা বিপর্যয় কাটিয়ে প্রতিবারই তিনি উঠে এসেছেন। এমনকি গত নির্বাচনের আগে দলীয় প্রাইমারিতেও একপর্যায়ে ঝুলে যাওয়ার পর ঘুরে দাঁড়িয়েছেন। মাথা নিচু করে সোনালি ফসলের আশায় হাল চাষ করে যাওয়ার মানুষ প্রেসিডেন্ট জো বাইডেন। বিপত্তি কাটিয়ে তিনি এ দফাও ঘুরে দাঁড়াবেন।

ভোট নিয়ে নয়ন-আলী প্যানেলের

প্রথম পৃষ্ঠার পর

নয়ন-আলী পরিষদের দুই সদস্য প্রার্থী নির্বাচনে অংশ নিতে পারছেন না। ফলে এটা নিয়ে অসন্তোষ রয়েছে নয়ন-আলী পরিষদে। এ ব্যাপারে নয়ন-আলী পরিষদের সভাপতি পদপ্রার্থী কাজী আশরাফ হোসেন নয়ন বলেন, '২০১৮ সালের জুনে সব প্রক্রিয়া মেনে মনোনয়নপত্র জমা দেয়া হয়েছিল। নয়ন-আলী প্যানেলের দুই প্রার্থীর প্রস্তাবক ও সমর্থনকারীর নাম ছিল, স্বাক্ষর ছিল না। প্রার্থীরা ফরম পূরণ, স্বাক্ষর, টাকা, নোটারি, সিটিজেনশিপ, গ্রীনকার্ড সবকিছু পুরণ করেছিলেন। ফরমে প্রস্তাবক ও সমর্থনকারীর নামও ছিল টাইপ করা। কিন্তু কোনভাবে স্বাক্ষরটা ছিল না। ওই ইস্যুটা ধরে নির্বাচন কমিশনার দু'জনের প্রার্থিতা বাতিল করে ১৭ জনের নাম ঘোষণা দেয়। এ পরিপ্রেক্ষিতে ক্ষুব্ধ হয়ে ওই দুই সদস্য প্রার্থী নির্বাচন কমিশনার ও সোসাইটির এক্সিকিউটিভ বডির কাছে অনুরোধ করেছিল, তারা কোন অনুরোধ শোনেননি। ফলে একটা মামলাও হয়েছিল। মামলাতে বিচারক বলেছিলেন, এ দুই সদস্যকে কেন পুনর্বহাল করা হবে না, এ মর্মে তোমরা কারণ দর্শাও। সোসাইটির এক্সিকিউটিভ বডি ও নির্বাচন কমিশনার কেউ এটার কারণ দর্শাই নাই। তারপর আদালত নির্বাচনের উপর স্থগিতাদেশ দেন। ২০১৯ সাল গেল এভাবে। তারপর ২০২০ সালে আসল করোনা মহামারী। মহামারী ও আদালতের স্থগিতাদেশের কারণে নির্বাচন হয়নি। বিচারক লোকাল কমিউনিটির ওপর ইন্টারোগেট করেন নাই। পরবর্তী আগের স্থগিতাদেশ ২০২১ সালের জানুয়ারিতে আমাদের ফেভারের নাই দিয়ে স্থগিতাদেশ তুলে ফেলা হল। স্থগিতাদেশ তুলে ফেললে নির্বাচন করতে নির্বাচন কমিশনের আর বাধা থাকে না। যদিও মামলা চলমান, কিন্তু স্থগিতাদেশ নাই, সেই সুবাদে নির্বাচন হচ্ছে। আমাদের দুই সদস্য প্রার্থীর ব্যাপারে কিছু উল্লেখ না থাকায় তারা নির্বাচনে আসতে পারছে না।'

জয়ের ব্যাপারে জানতে চাইলে তিনি বলেন, 'আমাদের প্যানেলের জয়ের ব্যাপারে আমি শতভাগ আশাবাদী। ২০১৮ সাল থেকে আমরা চার দিকে মাঠ পর্যায়ে কাজ করে আসছি। মহামারির সময় মানুষের দোরে গিয়ে সাহায্য-সহযোগিতা করেছি। চার দিকে আমাদের লোকাল কর্মী বাহিনী কাজ করছে। যদি নির্বাচন কমিশনার স্বচ্ছ ও গ্রহণযোগ্য নির্বাচন দেয়, তাহলে আমাদের জয় কেউ ঠেকাতে পারবে না।'

কাজী নয়ন

মোহাম্মদ আলী

আবদুর রব মিয়া

রুহুল আমিন সিদ্দিকী

নির্বাচনের চ্যালেঞ্জ সম্পর্কে আশরাফ হোসেন নয়ন বলেন, 'মানুষ বলাবলি করছে, আমাদের প্রতিপক্ষের প্যানেলে জন সমর্থন না থাকার কারণে জামায়াতের ফান্ড ব্যবহার করে মানুষের ঘরে ঘরে যাচ্ছে, অনুরোধ করছে। তাদের টাকা-পয়সা খরচ করার সামর্থ্য তত না থাকলেও জামায়াত সম্পৃক্ততার কারণে প্রচুর অনুদান পাচ্ছে। আমাদের ভোট ব্যাংকে হামলা দিচ্ছে। তারা ছল-ছাতুরি করছে, ভোট আসলে যা হয় আরকি।'

সুষ্ঠু নির্বাচন প্রসঙ্গে তিনি বলেন, 'যদি কারচুপি ও পাতানো নির্বাচন হয়, মানুষ এটা নিয়ে সরগরম থাকবে সব সময়।'

এদিকে জামায়াত সম্পৃক্ততা বা জামায়াতের অনুদান সম্পর্কে নয়ন-আলী প্যানেলের অভিযোগ সম্পর্কে জানতে চাইলে রব-রুহুল পরিষদের সভাপতি প্রার্থী আবদুর রব মিয়া বলেন, 'এটা মোটেও সত্য না। এটা ভিত্তিহীন একটা অভিযোগ। কেউ যদি তাদের উদ্ভট চিন্তাগুলো বলে, তাদের কাছে কি প্রমাণ আছে জামায়াত সংশ্লিষ্টতার? সাধারণ পাবলিক যদি আপনাকে দুই টাকা, পাঁচ টাকা করে সাহায্য করে, সেটা অভিযোগ কিভাবে হলো? যারা আপনাকে সাপোর্ট করে, লাইক করে, সেটা অভিযোগ কিভাবে হলো?'

নির্বাচনের প্রস্তুতি সম্পর্কে তিনি বলেন, 'আমাদের প্রস্তুতি খুবই ভাল। ভোটারদের কাছ থেকে খুব সাড়া পাচ্ছি। আমাদের নির্বাচনী কার্যক্রম স্মুথলি চলছে। কোন টেনশন নাই। সবকিছু ঠিক আছে। আমরা যেভাবে মানুষের দ্বারে দ্বারে যাচ্ছি, আমরা খুবই আশাবাদী, ১৪ নভেম্বরের নির্বাচনে আমাদেরই জয় হবে।'

সুষ্ঠু নির্বাচন হওয়া নিয়ে অপর প্যানেলের সংশয় প্রসঙ্গে তিনি বলেন, 'তারা সংশয় করছে, আমি এ বিষয়ে কিছু বলতে পারব না। আগে যে সংশয় ছিল, তিন বছর যে দীর্ঘায়িত হয়েছে, ওই প্যানেলের কারণে। যখনই তারা দেখে যে, তাদের বিজয় অনিশ্চিত, তখনই তারা সমস্যা সৃষ্টি করে।'

নির্বাচনে কোন বাঁধা আসবে না বলে আশা প্রকাশ করে আবদুর রব বলেন,'তারা যে মামলাগুলো করেছে, সবগুলোর রায় হয়ে গেছে। নির্বাচনের আর কোন বাঁধা নেই।'

সোসাইটির নির্বাচন নিয়ে প্রার্থীদের মধ্যে যেমন সংশয় আছে, তেমনি নানা সংশয় বিরাজ করছে প্রবাসী জনসমাজের মধ্যে। নির্বাচনে দুই প্যানেলের বাইরেও স্বতন্ত্র প্রার্থী হিসেবে সভাপতি পদে নির্বাচন করছেন জনসমাজের পরিচিত মুখ জয়নাল আবেদীন। তিনিও নির্বাচনে ভাল করবেন বলে নিজের প্রত্যাশার কথা জানালেন।

বাংলাদেশী ১২০ ট্রাফিক এজেন্ট

প্রথম পৃষ্ঠার পর

এজেন্ট দায়িত্বগ্রহণ করেছেন। একাডেমীতে প্রশিক্ষণকালে সবচেয়ে বেশি নম্বর পেয়ে যিনি সেরা এজেন্ট বা ভ্যালিডিক্টোরিয়ান হওয়ার গৌরব অর্জন করেছেন, তিনিও একজন বাংলাদেশী। তাঁর নাম রাফি কামাল। নতুনভাবে দায়িত্ব নেয়া এসব এজন্ট সিটির ৫ বোরোর বিভিন্ন অফিসের অধীনে দায়িত্ব পালন করবেন।

ট্রাফিক বিভাগ সূত্রে জানা গেছে, এ মাসেই আরও ২৩৫ জনের একটি দলের প্রশিক্ষণ শুরু হবে। সেখানেও উল্লেখযোগ্য সংখ্যক বাংলাদেশীদের অন্তর্ভূক্তি। ট্রাফিক এনফোর্সমেন্ট এজেন্টদের গ্র্যাজুয়েশন অনুষ্ঠানে প্রধান অতিথি ছিলেন চিফ অব দ্য ডিপার্টমেন্ট রডনি কে হ্যারিসন। নিউইয়র্ক পুলিশ ও ট্রাফিকের প্রায় ২ ডজন সিনিয়র কর্মকর্তাও অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। ট্রাফিক ইউনিয়ন নেতাদের মধ্যে উপস্থিত ছিলেন ভারপ্রাপ্ত প্রশাসক রিকি মরিসন, সকুনবি এলুফেমী, আলবার্ট স্লোহ, ডেরন ডেফ্রিটাস, সাঈদ ইসলাম, সৈয়দ উতবা, নিজাম উদ্দীন, কামরুজ্জামান এবং ইউনিয়নের সাবেক এক্সিকিউটিভ ভাইস প্রেসিডেন্ট খান শওকত। নিউইয়র্ক ট্রাফিকে বাংলাদেশী জনসমাজ থেকে ছয় শতাধিক এজেন্ট দায়িত্ব পালন করছেন। পেশাদার কর্মজীবী হিসেবে বিভাগটির কাজে বাংলাদেশীরা উন্নতি করছেন।

কর্মজীবীদের সংগঠন কমিউনিকেশনস ওয়ার্কার অব আমেরিকার (সিডাব্লিউএ) কেন্দ্রীয় নেতা ও নিউইয়র্ক ট্রাফিক ইউনিয়নের ভারপ্রাপ্ত প্রশাসক রিকি মরিসন বলেন, নিউইয়র্কের মতো গুরুত্বপূর্ণ নগরীতে বাংলাদেশি-আমেরিকান ট্রাফিক কর্মকর্তারা মহান দায়িত্ব পালন করছেন। সম্প্রতি প্রথম আলো উত্তর আমেরিকা প্রতিনিধিদের সাথে তাঁর অফিসে অনুষ্ঠিত এক মতবিনিময় সভায় তিনি বলেন, করোনা মহামারি শুরুর পর থেকে সামনের সারির এসব কর্মজীবী শুধু নগরীর ট্রাফিক সেবার মধ্যেই নিজেকে নিয়োজিত রাখেনি। নাগরিকদের বিপন্ন সময়ে ঘরে খাবার পৌঁছে দেওয়া, ওষুধ পৌঁছে দেওয়াসহ কোভিড-১৯ মোকাবিলায় ক্রমাগত গুরুত্বপূর্ণ কাজ তাঁরা করে যাচ্ছেন।

বাইডেনের গণতন্ত্র শীর্ষ সম্মেলনে

প্রথম পৃষ্ঠার পর

তালিকাটি ফাঁস করার পর এ নিয়েবিতর্ক সৃষ্টি হয়েছে। জো বাইডেন তাঁর নির্বাচনী প্রচারণার সময় বলেছিলেন, প্রেসিডেন্ট নির্বাচিত হলে তিনি প্রথম বছরেই বিশ্বে গণতন্ত্রকে উৎসাহিত করতে গণতন্ত্রমনা দেশগুলোকে নিয়ে সম্মেলন করবেন। গণতন্ত্রমনা এ দেশের তালিকায় বাংলাদেশ কেন আমন্ত্রণ পায়নি, এ নিয়ে ওয়াশিংটনস্থ বাংলাদেশ দূতাবাস বা ঢাকার পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাদের কাছে কোন তথ্য নেই। তাঁরা খোঁজ খবর নেয়ার চেষ্টা করছেন বলে ঢাকার সংবাদ মাধ্যমে রিপোর্ট করা হয়েছে।পলিটিকো তাদের এ সংক্রান্ত প্রতিবেদনে বলেছে তুরস্ক, হাঙ্গেরি এবং আজারবাইজানের মতো কিছু দেশকে সঙ্গত কারণেই গণতন্ত্র শীর্ষ সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়নি। এসব দেশ দীর্ঘদিন থেকে গণতান্ত্রিক পদ্বতিকে অবজ্ঞা করে আসছে। বাংলাদেশকে কেন এ তালিকা থেকে বাদ দেয়া হলো, এ নিয়ে উত্তর খোঁজার চেষ্টা করা হচ্ছে।

বার্তা সংস্থা রয়টার্স তাদের এ সংক্রান্ত প্রতিবেদনে বলেছে ফ্রান্স এবং সুইডেনের মতো গণতন্ত্র চর্চার শক্ত ভিত্তির দেশগুলোর সাথে ফিলিপাইন এবং পোল্যান্ডের মতো দেশকেও গণতন্ত্র শীর্ষ সম্মেলনে আমন্ত্রণ জানানো হয়েছে। নাগরিক সংগঠনগুলো ফিলিপাইন ও পোল্যান্ডের শাসকদের বিরুদ্ধে গণতন্ত্র অবজ্ঞা করার জোরালো অভিযোগ জানিয়ে আসছে। এশিয়ার জাপান এবং দক্ষিণ কোরিয়াকে আমন্ত্রণ জানানো হলেও থাইল্যান্ড এবং ভিয়েতনামের নাম তালিকায় নেই। মধ্যপ্রাচ্যের দেশগুলোর মধ্যে ইসরাইল ও ইরাকের নাম রয়েছে তালিকায়।

বিশ্বজুড়ে গণতন্ত্র ও স্বাধীনতা থেকে বিচ্যুতি ঠেকাতে এবং মানবাধিকার নিশ্চিত করতে প্রেসিডেন্ট বাইডেন শীর্ষ সম্মেলনে বক্তব্য রাখবেন। গণতন্ত্র ও মানবাধিকার রক্ষা নিয়ে অংশগ্রহণকারীদের বক্তব্য এবং বিশ্বনেতাদের এ নিয়ে অঙ্গীকারের কথা শোনা হবে এ শীর্ষ সম্মেলনে।

আমন্ত্রিত নেতাদের অনেককে নিয়েই প্রশ্ন দেখা দিয়েছে। কারণ ওই নেতাদের অনেকের বিরুদ্ধেই একনায়কতন্ত্র চর্চার অভিযোগ রয়েছে। ফিলিপাইনের প্রেসিডেন্ট রড্রিগো দুতার্তে কিছুদিন আগেও বলেছেন তিনি মানবাধিকারের কোন তোয়াক্কা করেন না। ভারতের প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর বিরুদ্ধে দেশকে ক্রমশ কতৃত্ববাদের দিকে নিয়ে যাওয়ার অভিযোগ এখন জোরালো। এসব নেতারাই বিশ্বজুড়ে গণতন্ত্রের চর্চা, নিজেদের উদ্যোগ ও প্রতিশ্রুতি নিয়ে প্রেসিডেন্ট জো বাইডেনের সাথে কথা বলবেন। বার্তা সংস্থা রয়টার্স তাদের প্রতিবেদনে বলেছে, যুক্তরাষ্ট্রের কর্মকর্তারা বলেছেন তাঁরা সম্মেলনে অংশগ্রহণকারীদের কোনো শর্ত দিচ্ছেন না। তবে গণতন্ত্রের প্রতি অঙ্গীকার নিয়ে এগিয়ে আসতে আমন্ত্রিত দেশগুলোকে আহ্বান জানানো হচ্ছে। যুক্তরাষ্ট্র নিজেও তার গণতন্ত্র নিয়ে এ শীর্ষ সম্মেলনে নিজদের অঙ্গীকার ঘোষণা করবে।

গণতন্ত্র ও মানবাধিকার বিষয়ে বিশেষজ্ঞ প্রতিষ্ঠান ফ্রিডম হাউসের নীতি ও প্রচারণাবিষয়ক ভাইস প্রেসিডেন্ট অ্যানি বোয়াজিন বলেছেন, 'অন্য যেকোনো বৈঠকের চেয়ে এই সম্মেলন আলাদা হতে হলে যুক্তরাষ্ট্রসহ প্রতিটি অংশগ্রহণকারী দেশকে আগামী দিনগুলোতে গণতন্ত্র ও মানবাধিকারের পথ অনুসরণের অর্থবহ অঙ্গীকার করতে হবে।'

বাইডেন প্রশাসনের কর্মকর্তারা বলেছেন, এই সম্মেলন গণতন্ত্র নিয়ে দীর্ঘ আলোচনার শুরু মাত্র। আগামী বছর পরবর্তী সম্মেলন আয়োজনের পরিকল্পনা করা হয়েছে। সেই সম্মেলনে অংশ নিতে দেশগুলোকে সংস্কারের অঙ্গীকার পূরণ করতে হবে।

বাংলাদেশে গণতন্ত্র ও মানবাধিকার পরিস্থিতি নিয়ে যুক্তরাষ্ট্র কয়েক বছর ধরে সমালোচনা করে আসছে। গত ৩০ মার্চ যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর প্রকাশিত 'মানবাধিকার চর্চার ওপর দেশভিত্তিক প্রতিবেদন ২০২০'-এ বাংলাদেশে নির্বাচনগুলোতে ব্যাপক অনিয়ম, গুম, নির্যাতন, বিচারবহির্ভূত হত্যাসহ মানবাধিকার লঙ্ঘনের অভিযোগ করা হয়। এ বছর যুক্তরাষ্ট্রভিত্তিক ফ্রিডম হাউসের প্রতিবেদনেও বাংলাদেশে রাজনৈতিক অধিকার চর্চা ও নাগরিক স্বাধীনতা অনেক কম বলে বলা হয়েছে।

যুক্তরাষ্ট্রের নিজেদের গণতান্ত্রিক চর্চা নিয়েই এখন নানা সন্দেহ, নানা সমালোচনা জোরালো হয়ে উঠেছে। গত নির্বাচনে ডোনাল্ড ট্রাম্প হেরে যাওয়ার পর তিনি নির্বাচনে জালিয়াতির ভুয়া দাবি করতে থাকেন। ভুয়া দাবি নিয়ে সমর্থকদের উস্কানির ফলে ক্যাপটল হিলে হামলা হয়েছে এবং ছয় জনের মৃত্যু পর্যন্ত হয়েছে।

এখনো নির্বাচনে হেরে যাওয়ার বিষয়টি মেনে নেননি ট্রাম্প এবং সাবেক এ মার্কিন প্রেসিডেন্টের বহু সমর্থক একই মনোভাব পোষণ করে থাকেন। এ নিয়ে আমেরিকায় নিজেদের গণতন্ত্রও যে সঙ্কটে আছে, সে কথাই আলোচিত হচ্ছে গণতন্ত্র নিয়ে প্রেসিডেন্ট বাইডেন আহুত শীর্ষ সম্মেলনকে সামনে রেখে।

মর্টগেজ নিয়ে আপনি কি বাড়ী কিনতে চান?
Low Income, No Problem
Hard Money 9%
আমরা ফ্রি পরামর্শ দিয়ে থাকি
646-920-4799
Akib Hussain 32-65 31st Street, Astoria, NY11106
Direct Lender
★ ট্যাক্সী ক্যাব এবং বিজনেস ওনারদের জন্য বিশেষ প্রোগ্রাম
★ এক বছরের ট্যাক্স ফাইল (১০৯৯) দিয়ে বাড়ী কিনতে পারেন মাত্র ৫% ডাউন পেমেন্ট
আপনাদের সেবাই আমাদের লক্ষ্য
● ব্যক্তিগত পরামর্শ ● ইন্টারেষ্ট রেট কম ● ইনভেষ্টমেন্ট
● ফ্রি এপ্রোভাল ● ফাষ্ট ক্লোজিং ● দ্রুত এবং বিশ্বস্ত

ইমিগ্রেশন / এসাইলাম সেন্টার: গ্রীন কার্ড ও নাগরিকত্ব
কম্যুনিটির সবচেয়ে আলোচিত, পরিচিত এবং নির্ভরযোগ্য প্রতিষ্ঠান
লিগ্যাল নেটওয়ার্ক এ আসুন!
আমেরিকায় আইনানুগ বসবাস এনে দিতে পারে জীবনের প্রশান্তি। ইমিগ্রেশন/লিগ্যাল ইস্যুতে ছোট্ট একটি ভুলের জন্য অনেক বড় খেসারত অনেককেই দিতে হয়েছে। ঐ ভুলটি না করার জন্য কয়েক ডজন এটর্নী সিপিএ এবং আর্কিটেক্টদের সমন্বয়ে গড়া লিগ্যাল নেটওয়ার্কের নিম্নোক্ত সেবা গ্রহন করুন:
● নাগরিকত্ব, গ্রীনকার্ড, এসাইলাম, ম্যারেজ, ইনভেস্টমেন্ট, স্ট্যাটাস এডজাস্টমেন্ট, স্টপ ডিপোর্টেশন, এপ্লাই ফর সিটিজেনশিপ, অ্যাডভান্স প্যারোল, (রাজনৈতিক আশ্রয় প্রার্থীরা বিশেষ ব্যবস্থায় দেশে ঘুরে আসুন) ● ক্রিমিনাল (ষ্টেট/ফেডারেল) ● সিভিল লিটিগেশন: বিজনেস, ডিভোর্স, চাইল্ড সাপোর্ট/কাস্টোডি, স্টপ ফর-ক্লোজার, (নিজ বাড়ী রক্ষা করুন), পার্টনারশীপ, বিজনেস এগ্রিমেন্ট, ল্যান্ডলর্ড/টেন্যান্ট, ● এক্সিডেন্ট কেইস: পারসোনাল ইনজুরী/স্লীপ এন্ড ফল ইত্যাদি ● ট্যাক্স ফাইল (ব্যক্তিগত এবং বিজনেস) ● ফাইল ফর কর্পোরেশন এবং নট ফর প্রফিট কোম্পানী, ● বুক কিপিং ও অন্যান্য ● বাড়ীর ভায়োলেশন রিমুভ, লিগ্যাল বেইজমেন্ট, প্রপার্টি কনভার্শন (এক ফ্যামিলি থেকে বহু ফ্যামিলি), রিমুভ ফাইন-সিটি/স্টেট এজেন্সীস।
ইদানীং ইমিগ্রেশন আইন সহ বিভিন্ন আইনের প্রয়োগ নিয়ে অনেক তর্কবিতর্ক হচ্ছে যার সাথে ইমিগ্র্যান্টদের ভাগ্য ওতপ্রোতভাবে জড়িত। এ সময়ে ইমিগ্র্যান্টরা কোন বিষয়েই কোন প্রকার ভুল এফোর্ড করে না। সুতরাং গ্রোসারি ষ্টোরের মতো গজিয়ে ওঠা মোহরী/ মাল্টি সার্ভিস দোকানে যাওয়ার আগে এবং এটর্নী নিয়োগের পূর্বে ইমিগ্র্যান্টদের সচেতন হওয়া খুবই জরুরী।
All Service Provided by Attornys Admittied in State & Federal Court, CPA, P.E, Architect and Licensed Professionals.
72-32 Broadway, Suite # 302, Jackson Heights, NY 11372, Tel: 917-722-1408 / 1409, Fax: 718-276-0294, Email: legalnetwork.us@gmail.com

ইউএস, বাংলাদেশ, ইণ্ডিয়াসহ ২ হাজারের বেশি চ্যানেল
১ মাস ফ্রি
স্পোর্টস, কার্টুন, ফুড প্রোগ্রাম ও ফ্রী আনলিমিটেড ভিডিও
PICTURES VIDEOS MUSIC
tvdesiBox
Dependable live streaming platform
72-26 Roosevelt Ave. 2nd Floor (Suite 201)
Jackson Heights NY 11372
718-565-9099

তানজানিয়ার লেখক, উপন্যাসিক আবদুল রাজাক গুরনাহকে ২০২১ সালের সাহিত্যে নোবেল পুরস্কার দেওয়া হয়, যিনি ১৯৮৪ জঞ্জিবারে জন্মগ্রহণ করেন যা এখন তানজানিয়ার অংশ। তিনি বর্তমানে ইংল্যান্ডের অধিবাসী। লেখা-লেখিতে উপনিবেশবাদের প্রভাবের আপসহীন এবং সহানুভূতিশীল অনুপ্রবেশের বিষয়ের জন্য তিনি সম্মানিত হয়েছেন বলে স্টকহোমে নোবেল নির্বাচকরা মন্তব্য করেছেন। প্রায় দুই দশক পর তিনি কোন আফ্রিকান হিসাবে নোবেল পুরস্কার পেলেন। এর পূর্বে ১৯৮৬ সালে নাইজেরিয়ার ওলে সোয়েঙ্কা, ১৯৮৮ সালে মিশরের নাগিব মাহফুজ, ১৯৯১ সালে দক্ষিণ আফ্রিকান নাদিন গর্ডিমার এবং ২০০৩ সালে জন ম্যাওয়েল কোয়েতজি'র পর তিনি এই পুরস্কার পেলেন। পূর্ব আফ্রিকায় উপনিবেশবাদের প্রভাব এবং উপড়ে যাওয়া এবং স্থানান্তরিত ব্যক্তিদের জীবনে এর প্রভাব নিয়ে তিনি ১০টি উপন্যাস লিখেছেন। ২০০৪ সালে আমেরিকা থেকে প্রকাশিত বিশ্ব বিখ্যাত সাময়িকী 'ওয়ার্ল্ড লিটারেচার টুডে'তে লেখালেখি এবং স্থান; শিরোনামে তাঁর একটি লেখা প্রকাশিত হয়েছিল, যেটিকে আবদুলরাজাক গুরনাহর আত্মজীবনীমূলক প্রবন্ধ বলা যায়। সেই লেখায় কথাসাহিত্যে তার গুরুত্বপূর্ণ প্রবেশের কথা বলেছেন এবং বছরের পর বছর ধরে তার লেখার যে কেন্দ্রীয় বিষয়গুলির প্রতিফলন ঘটেছে তা বর্ণনা করেছেন। তিনি ব্যাখ্যা করেছেন, কিভাবে অভিবাসন তাকে গল্প বলার বিকাশের জন্য অনুপ্রাণিত করেছিল, যা তিনি সবসময় সিরিয়াস লেখার প্রতিশ্রুতিতে অনুশীলন করেছিলেন। ১৯৬৭ জঞ্জিবারে; কষ্ট ও উদ্বেগ, ...রাষ্ট্রীয় সন্ত্রাস এবং অবমাননা থেকে পালিয়ে তিনি যুক্তরাজ্যে আসেন।


আবদুল রাজাক গুরনাহ

উপনিবেশবাদের প্রভাব নিয়ে লিখে এবছর সাহিত্যে নোবেল পেলেন আবদুলরাজাক গুরনাহ

আবদুল্লাহ জাহিদ

তিনি বলেন, "যে সময় আমি বাড়ি ছেড়েছিলাম, তখন আমার উচ্চাকাঙ্ক্ষা ছিল। এটি নতুন দেশে অদ্ভুততা' (strangeness) এবং 'ভিন্নতার অনুভূতি ছিল সাহিত্যকর্মে প্রেরণার মাধ্যম।"

গুরনাহ লিখছেন "ইংল্যান্ডে বসবাসের সময় আমার বয়স ছিল প্রায় একুশ। সেই সময় আমি লেখা-লেখির পরিকল্পনা বাস্তবায়নের পরিবর্তে হোঁচট খেয়েছি। আমি এর আগেও লিখেছিলাম, যখন জঞ্জিবারে স্কুলছাত্র ছিলাম, কিন্তু সেই প্রচেষ্টাগুলো ছিল খেলার ছলে করা, অযৌক্তিক কাজ করা, বন্ধুদের আনন্দ দেওয়া এবং স্কুলে অনুশীলন করা বা অলস সময় পূরণ করা। আমি কখনোই এইসবকে লেখার প্রস্তুতি হিসেবে ভাবিনি,অথবা নিজেকে একজন লেখক হতে আগ্রহী হিসাবেও ভাবিনি। আমার প্রথম ভাষা সওয়াহিলি, এটি ইউরোপীয় উপনিবেশিকতার পূর্বে একটি লিখিত ভাষা ছিল।"

গুরনাহ বলেছেন "অভিবাসী লেখককে তার গল্পে তার বিভক্ত জীবনকে আংশিকভাবে হলেও মিলিয়ে নিতে হবে । এই প্রক্রিয়ায় স্মৃতির তাৎপর্য, এবং স্মৃতি দ্বারা উদ্দীপিত ব্যথা এবং তিক্ততার অনুভূতিও একটি সাধারণ বিষয়।" গুরনাহ লিখেছেন "আমি বুঝতে পেরেছিলাম, যে আমি স্মৃতি থেকে লিখছিলাম এবং সেটা ছিল 'প্রাণবন্ত', 'অনিয়ন্ত্রিত' এবং 'অপ্রতিরোধ্য'। কিন্তু যা মনের মধ্যে ফিরে আসে তা হল একটি জায়গা এবং আমার কাছে চিরতরে হারিয়ে যাওয়ার উপায়।"

পরবর্তী অনুচ্ছেদে,গুরনাহ তার স্মৃতির আলোচনাকে বিকশিত করে ভৌগলিক এবং সাংস্কৃতিক দূরত্বের সাথে তার দ্বৈত ভূমিকার উপর জোর দেন। একদিকে, অভিবাসন লেখকের দৃষ্টিকে তার স্থান এবং সমাজের দিকে তীক্ষ্ণ করে তোলে এবং তাকে সামাজিক সীমাবদ্ধতা দ্বারা বাধাহীন সত্য কথা বলতে সক্ষম করে। অন্যদিকে, দুর্বল এবং আবেগে ভরা স্মৃতি; লেখক সহজেই ; ভারসাম্য বোধ হারিয়ে ফেলেন, যা তিনি রেখে এসেছেন তা উপস্থাপন করতে পারেন না। তিনি বলেন "ইংল্যান্ডে তিনি ব্যাপকভাবে পড়ার সুযোগ পেয়েছিলাম।" তাঁর ভাষায়, "জাঞ্জিবারে, বইগুলি ব্যয়বহুল ছিল, এবং বইয়ের দোকান ছিল অল্প এবং অপুষ্টিতে ভোগা। লাইব্রেরিও খুব কম ছিল। সর্বোপরি, আমি যা পড়তে চেয়েছিলাম সে সম্পর্কে আমার কোন জ্ঞান ছিল না, যা করছিলাম তা এলোমেলোভাবে ঘটেছিল। ইংল্যান্ডে,পড়ার সুযোগ অসীম মনে হয়েছিল, এবং ধীরে ধীরে ইংরেজি আমার কাছে একটি দরজা খুলে দিয়েছিল এবং ইংরেজিকে প্রশস্ত ঘর বলে মনে হয়েছিল। ইংরেজি আমাকে মনোযোগ সহকারে লেখা এবং আমার জ্ঞানের সমন্বয় করেছিল।"

"জঞ্জিবারে আমি যে স্কুলশিক্ষা পেয়েছিলাম তা ছিল ব্রিটিশ উপনিবেশিক, যদিও এর শেষ পর্যায়ে আমরা সংক্ষিপ্তভাবে স্বাধীন, এমনকি বিপ্লবী রাষ্ট্রেও ছিলাম। এটা সম্ভবত সত্য যে, অধিকাংশ তরুণ-তরুণী স্কুলে এমন জ্ঞান অর্জন ও সঞ্চয়ের মধ্য দিয়ে যায় যা তাদের কাছে তখন কোনো অর্থ বহন করে না, অথবা তা অপ্রাতিষ্ঠানিক এবং অপ্রাসঙ্গিক বলে মনে হয়। আমি স্কুলে অনেক মূল্যবান জিনিস শিখেছি যার মধ্যে, ব্রিটিশরা কিভাবে পৃথিবীকে দেখতো এবং তারা আমার দিকে কেমন করে তাকাতো। আমি এটা একবারে শিখিনী, সময়ের সাথে সাথে শিখেছে কিন্তু এটাই একমাত্র শিক্ষা ছিল না। আমি শিখছিলাম মসজিদ থেকে, কোরান স্কুল থেকে,রাস্তাঘাট থেকে, বাড়ি থেকে এবং আমার নিজের থেকে।"

"আমি বিশ্বাস করি যে লেখকরা পড়ার মাধ্যমে লেখায় আসেন, এটি একটি সঞ্চয়,পরিবৃদ্ধি, প্রতিধ্বনির এবং পুনরাবৃত্তি, লেখকের মাঝে একটি তথ্য তালিকা তৈরি করে যা তাদের লিখতে সক্ষম করে তোলে, এই তালিকায় একটি সূক্ষ্ম বিষয় থাকে, যা কোন পদ্ধতি দিয়ে বর্ণনা করা যায় না। তাই যখন আমি লিখতে আসলাম, আমি কেবল নিজেকে এলোমেলো ভাবে ভিড়ের মধ্যে ছেড়ে দেই নি, তাহলে হয়তো ভাগ্য এবং সময়ের সাথে আমার আওয়াজ শোনা যেত। আমাকে জানার সাথে লিখতে হয়েছিল আমার কিছু সম্ভাব্য পাঠকের জন্য, তাদের আমার দিকে তাকানোর একটি উপায় ছিল যা আমাকে বিবেচনায় নিতে হয়েছিল। আমি ছিলাম সচেতন যে আমি আমার পাঠকদের প্রতিনিধিত্ব করব, যারা সম্ভবত নিজেদেরকে আদর্শ, সংস্কৃতিমুক্ত হিসেবে দেখেছে অথবা জাতিগত, পার্থক্য থেকে মুক্ত।"

গুরনাহ'র অতিরিক্ত সাহিত্যিক উচ্চারণ বিস্ময়কর নয়। গুরনাহ কেন্ট ইউনিভার্সিটির ইংরেজি ও উপনিবেশিক উত্তর সাহিত্যের অধ্যাপক, আফ্রিকান লেখার সংকলনের দুটি খণ্ডের সম্পাদক, এবং বেশ কয়েকটি পণ্ডিত প্রবন্ধের লেখক। তিনি ওয়াসাফিরির উপদেষ্টা বোর্ডে আছেন (একটি পত্রিকা যা তিনি একটি সময়ের জন্য সম্পাদনা করেছিলেন) এবং কয়েক বছর ধরে টাইমস লিটারারি সাপ্লিমেন্টের একজন পর্যালোচক ছিলেন। একজন লেখক হওয়ার পাশাপাশি, তিনি সাহিত্য আলোচনার অঙ্গনেও জড়িত।

অধ্যাপক গুরনাহ ১০টি উপন্যাস ও একটি ছোটগল্পের বই লিখেই নোবেল পুরস্কার জয় করেছেন। ১৯৮৭: মেমোরি অব ডেপারচার, ১৯৮৮ পিলিগ্রিমস ওয়ে, ১৯৯০: ডটি, ১৯৯৪: প্যারাডাইস, ১৯৯৬: অ্যাডয়ামারিং সাইলেন্স, ২০০১: বাই দ্য সি,২০০৫: ডেজারসন, ২০০৬: মাই মাদার লিভড অন দ্য ফার্ম ইন আফ্রিকা (ছোট গল্প), ২০১১: দ্য লাস্ট গিফট, ২০১৭: গ্র্যাভল হার্ট, ২০২০: আফটার লাইভস।

রাজযোটক

কাজী ইসলাম

গল্প

কৌতুকটা অনেকেই জানেন। এক তরুণ প্রেমিক যুগল তাদের প্রেমে পরিবার, সমাজ থেকে বাধাপ্রাপ্ত হয়ে মনের দুঃখে একসঙ্গে আত্মহত্যার সিদ্ধান্ত নেয়। ঘটনাটাকে আলোচিত করার জন্য তারা সিদ্ধান্ত নেয় যে, শহরের সবচেয়ে উঁচু দালান থেকে দুজনে একসঙ্গে ঝাঁপ দেবে। এম্পায়ার স্টেট বিল্ডিংয়ের মতো উঁচু কোন বিল্ডিং থেকে। নিচে জনবহুল রাস্তায় দুজন প্রেমিক-প্রেমিকার দেহ দেখে নগরবাসীর কি প্রতিক্রিয়া হবে, টিভি, সংবাদপত্রের ক্যামেরার ফ্ল্যাশের ঝলসানি, শহরে আলোড়ন, তাদের ভিলেন অভিভাবকদের অবস্থা ইত্যাদি কল্পনায় দেখে উভয়ই শিহরিত বোধ করে। তারা হবে এ যুগের বিয়োগান্তক প্রেমের আইকন। লাইলি-মজনু,শিরি-ফরহাদ,রোমিও-জুলিয়েটের সঙ্গে মানুষ তাদের কথাও বলবে!

পাঠক তাদের ইচ্ছেমতো দালানটা যেকোন তলা বা উঁচু মনে করতে পারেন। তো সেই সুউচ্চ দালান থেকে প্রেম জ্বরে জর্জরিত, বিরহ ভাবনায় কাতর ও বেদনার্ত যুগল ঝাঁপ দেয়ার জন্য নির্ধারিত সময় ও দিনে হাজির হয়। তারপর বিস্তর অশ্রু বিসর্জনের পর পরকালে মিলিত হবার শপথ নিয়ে দুজনে একসঙ্গে ঝাঁপ দিল। একজন যথারীতি নিচে পড়ে তালগোল পাকিয়ে গেল। আরেকজন দেখা গেল একটা প্যারাসুট নিয়ে ধীরে সুস্থে নিচে 'অবতরণ' করলো। পিঠের প্যারাসুটকে অপর সঙ্গী ব্যাকপ্যাক মনে করেছিল। পাঠক-পাঠিকা নিজেদের ইচ্ছা-পছন্দ মোতাবেক প্যারাসুটসহ এবং প্যারাসুটবিহীন হিসেবে, ছেলেটি এবং মেয়েটির যেকোন একজনকে কল্পনা করে প্যারাসুটসহ ঝাঁপ দেয়া জনকে প্রতারক, শঠ ইত্যাদি বলে তার মুণ্ডু চটকাতে পারেন। এটা একটা পুরনো কৌতুক, নিছক কৌতুক।

আমাদের গ্রামে এমন একটা প্রেমের ঘটনা ঘটেছিল। সেটার আরেক ধরনের হৃদয়বিদারক, মর্মান্তিক পরিণতি হয়েছিল। জরিনা বানু ও সাইফ মৃধা উপজেলায় কলেজে পড়তে গিয়ে প্রেমে পড়ে যায়। শুধু পড়ে যায় না, একেবারে ডুবে যায় যাকে বলে। দুজনেই আবার ফেসবুকে খুব দক্ষ। তো দুজনের কাহিনী একটা সময় দুজনের পরিবারের কাছে ধরা পড়ে গেল। খুব নিগ্রহ পোহাতে হলো দুজনকেই। সাইফ মৃধাকে তো এক চাচা, গরু চোরের মতো মার দিলেন। জরিনা বানুর দজ্জাল মা ঘরে শিকল তুলে তাকে আটকে রাখলেন। বোধহয় খাদ্য অবরোধও জারি করেছিলেন।

যাই হোক, তারা এ যুগের। দুজনেই নেট প্রযুক্তিতে দক্ষ, মানে ফেসবুক করে যতটা দক্ষ হওয়া যায় আরকি! একদিন কোনভাবে তারা এক আম বাগানে দেখা করলো। এই নিষ্ঠুর দুনিয়া তাদের প্রেমের মর্যাদা দিল না! তারা এ জগত ছেড়ে অন্য জগতে মিলিত হবার সিদ্ধান্ত নিল। বিস্তর কান্নাকাটির পর সিদ্ধান্ত হয় দুজনে একসঙ্গে পরপারে মিলিত হবে। বাবু, জানু, সোনামণি, জান, কলিজা, ময়না পাখি ইত্যাদি সম্বোধনে বিস্তর ডাকাডাকি করে কান্নাকাটি হয়।আম বাগানে আগামী 'চাঁদনিপসর রাতে' ইঁদুর মারার ওষুধ দুজনেই একসঙ্গে খাবে বলে ঠিক করে।

ইউটিউবের বদৌলতে 'চাঁদনী পসর' বিষয় এবং গান সম্পর্কে দুজনেরই জানা।

কথামতো এক 'চাঁদনি পসর রাতে' প্রেমিক যুগল গেল আম বাগানে। দারুণ দৃশ্য চারদিকে। 'বাঁশ বাগানের মাথার ওপর চাঁদ'— ছোটবেলায় এই কবিতাটা পড়লেই মন খারাপ হয়ে যেত! নাহ! চাঁদ বরং এখন নারকেল গাছের মাথার ওপর উঠুক।

সোনার থালার মতো ভরা জ্যোৎস্না নিয়ে চাঁদ হাজির হল নারকেল গাছের মাথার ওপর। মৃদুমন্দ হাওয়ায় বিভিন্ন গাছের ডালপালা দুলছে। একটা হুতোম প্যাঁচা কেমন করে যেন ডেকে গেল, গা ছমছম করে উঠলো। আত্মহত্যার জন্য একেবারে আদর্শ পরিবেশ।

যুগলের মধ্যে শেষবারের মতো কিছু ভাব ভালোবাসার বিনিময় হলো। পরপারে মিলনের শপথ হলো। তারপর চাঁদ, নারকেলগাছ, গাছের নারকেল অথবা ডাব, চারপাশের গাছপালা সব সাক্ষী রেখে দুজনের সঙ্গে আনা দুটি বোতল থেকে একসঙ্গে, আমরা যা ইঁদুর মারার বিষ বলে জানি,গিলে ফেলা হলো। চাঁদের দিকে মুখ করে দুজনে শুয়ে পড়লো মাটিতে।

আহা এই মাটিতেই তো মিলাবে মাটির শরীর। দার্শনিক ভাবও খেলে যায় দুজনের মনে। দণ্ড, পল, প্রহর যায়! চাঁদটা নারকেল গাছ ছেড়ে ফজলি আমের গাছকে অতিক্রম করে এখন একটু ফাঁকা যায়গা দিয়ে বোধহয় উঁকি দিয়ে, এই প্রেমিক যুগলকে দেখার চেষ্টা করে। হুতোম



প্যাঁচাটাও আর ডাকছে না। ওটাও বোধহয় উদগ্রীব হয়ে প্রেমিক যুগলকে দেখছে। বাতাস অনেকটা উদাসী হয়ে হালকা চালে গাছের ডালপালা দোলানোর কাজে ব্যস্ত। দূর থেকেও আবছা দেখা যায় দুটো শরীর নিশ্চুপ পাশাপাশি নিঃসাড়ে শুয়ে আছে। ইঁদুর মারার বিষে তবে যন্ত্রণাহীন মৃত্যুই বোধহয় হয়!

কতক্ষণ পর কে জানে, মূর্তি দুটোকে দেখা গেল খুব সন্তর্পণে মাথা তুলে পরস্পরকে দেখার চেষ্টা করতে! জ্যোৎস্নার আলোয় চোখাচোখি হয়ে গেল দুজনের! যাকে বলে একেবারে "তোমার চোখে দেখেছিলাম আমার সর্বনাশ" জাতীয় ব্যাপার। সাড়ে সর্ব্বোনাশ হয়ে গেল দুজনেরই। দুজনেই ধরা পড়ে গেল দুজনার কাছে!

ছাদ থেকে ঝাঁপ দেয়া যুগলের প্রেম ছিল পঞ্চাশভাগ খাঁটি। অন্তত একজন সত্যি ঝাঁপ দিয়েছিল। আর অতি আধুনিক এই যুগলের কারও শিশিতেই ইঁদুর মারার বিষ ছিল না, ছিল কোক।

তারপরের কাহিনী আরও হৃদয়বিদারক। দুজনেই দুজনকে প্রতারক, বিশ্বাসঘাতক ইত্যাদি জাতীয় গালি দিতে দিতে বাড়ি ফিরে গেল।

আমার অবশ্য পরে মনে হয়েছে যে, এদের দুজনের বিয়ে হলে খুব ভালো ম্যাচ হতো, একেবারে রাজযোটক যাকে বলে আর কি!

ফুটি গোলাপ হয়ে

নিঘাত কারিম

গোলাপের ঔরসে জন্মেছি
তাই
নতজানু হই বার বার প্রণয়ের কাছে
তুমি ছাড়া আমার ভিতরে আর
কোন গোপন কুঠুরি নেই
কোন অন্ধকার গলি নেই
কোন বিষাদ সিন্ধু আছে কি না
আমি জানি না
আমার জীবনের কোন ইতিহাস নেই ,
ফিলোসফি নেই ....
তুমি নেই তাই কোন ভালোবাসাও নেই
তুমি আছো তাই আজো সব বেঁচে আছে
অনুরিক্ততার গর্ভে।

তুমিহীন একরাশ হাহাকার ঘিরে ধরে জীবনের চারিপাশ
জন্ম নেয় দীর্ঘশ্বাস
তোমাকে ছাড়া আমি কতোটুকু ম্লান বিবর্ণ
এই নির্জনতা
এই নিঃসঙ্গতা
এই নিঃশ্বাস শুধু জানে
তুমিহীন আমি সাজানো বাগানে
বিষাদের কারুকার্যখচিত মাটির ভাস্কর্য
তোমার অনুরাগে আমি রোজ ফুটি
গোলাপ হয়ে ..

আমেরিকায় নতুন এসেছেন- থেকে যেতে চান; পলেটিক্যাল এসাইলাম করবেন নাকি স্টুডেন্ট, এল১, ই২ ভিসা- কোনটা? এমপ্লয়মেন্ট-বেইজড-গ্রীনকার্ডও আছে। আমাদের সংগে কথা বলুন, বুঝুন আগে সবকিছু- তারপর যা হয় করুন।

বহু বছর যাবৎ আমেরিকায় আছেন কিন্তু নানা জটিলতা বা অনিচ্ছাকৃত ভুল-ভাল কাগজ বা তথ্যের কারণে আটকে রয়েছে আপনার প্রসেসিং। আপনার প্রয়োজন ওয়ার্ক পারমিট, সোসাল, ট্রাভেল ডকিউমেন্ট। এবং ফাইনালী গ্রীনকার্ড। এরপর সিটিজেনশীপ। যেখানেই সমস্যা সেখানেই সমাধানও।

যেভাবেই এদেশে এসে থাকুন, বি১বি২ বা এফ১এফ২, সি-১ ট্রানজিট বা মেক্সিকো বর্ডার দিয়ে ইন্সপেকশন ছাড়া- সব সমস্যারই সমাধান আছে। বিয়ের মাধ্যমে গ্রীনকার্ড পেয়েছেন কিন্তু স্পাউসের অসহযোগিতার কারণে 'কন্ডিশন' রিমোভ করতে পারছেন না, হুমকী খাচ্ছেন! অথবা, সিটিজেন বিয়ে করার পরও নানা কারণে-জটিলতায় গ্রীনকার্ড পাচ্ছেন না। আইন কিন্তু আপনারই পক্ষে, শুধুমাত্র সবকিছু বুঝতে হবে, সমস্যানুযায়ী সমাধান করতে হবে।

বাংলাদেশ থেকে স্পাউস-ভাই-বন্ধু-আত্মীয়কে আমেরিকায় আনতে চাচ্ছেন কিন্তু 'রাস্তা' খুঁজে পাচ্ছেন না! ইংরেজীতে সিটিজেনশীপ পরীক্ষা দিতে পারছেন না, অসুস্থ্য। এসব সমস্যারও সমাধান রয়েছে। ইমিগ্রেশনের প্রতিটি ধাপের প্রতিটি সমস্যা নিয়েই আমরা কাজ করি, সহযোগীতা করি।

নিউ ইয়র্কে রয়েছেন কিন্তু মেডিকেল ইন্সুরেন্স নেই ফ্রি চিকিৎসা সেবা পাচ্ছেন না! আমরা আছি- কোন অসুবিধে নেই। পেয়ে যাবেন ড্রাইভার লাইসেন্সও। ব্যাংক একাউন্ট, নতুন কোম্পানী, নিজের নামে ইআইএন সবই হবে।

আমরা সহযোগীতা করছি। সকল সমস্যারই সমাধান আছে।
কল করুন বা এসএমএস (টেক্সট) করুন (৭১৮) ৮৩৯-৫৮১২

তারেক মাসুদকে আমি যেমন দেখেছি

খসরু চৌধুরী



আমি তখন শ্রীমঙ্গলের পাশে এক চা বাগানে কর্মরত। আমার স্হায়ীভাবে দেশ ছাড়ার বেশ কিছুদিন আগে তারেক মাসুদ ও ক্যাথরিন মাসুদ তিনদিনের জন্য বেড়াতে এলেন বাগানে। তাঁদের দু'জনকে কোম্পানি বাংলোতে থাকতে দেয়া হলো। চা বাগানে গেস্ট বাংলোকে সাধারণত এমন নামেই ডাকা হয়ে থাকে সেই ব্রিটিশ আমল থেকে। গেস্টরুমকে কি বলে ডাকা হয় জানতে ইচ্ছে করে সবার? ফালতু কামরা! আসলে সেখানে কেউ কেউ এই নামটাই আঁকড়ে ধরে আছে এখনও। রূপালী জগতের লোকজনের আনাগোনা নিত্তনৈমিত্তিক ব্যাপার হলেও, তাঁরা এলেন পরিপূর্ণ বিশ্রামের জন্য। দিনভর নানা ব্যস্ততায় সময় কাটে আমার। তাই সন্ধ্যার পর আমি যেতাম তাঁদের সাথে খোশগল্প করার জন্য। তাছাড়া অবসরে অলস সময় পার করতে আসা মানুষ দু'জনকে বিরক্ত করাটাও আমার পছন্দ ছিল না। তাঁরা দু'জনেই অত্যন্ত প্রাণোচ্ছল হাসিখুশি রোমান্টিক মনের মানুষ। গল্প করছি তো দু'জন একে অপরের হাতটি ধরেই থাকতেন সবসময়। সবার ক্ষেত্রেই সম্পর্কটা এমনতর হওয়াই তো বোধ হয় সমীচীন! তারেক মাসুদ একজন স্মার্ট সুদর্শন সুপুরুষ,আর ক্যাথরিন(Catherine) আমেরিকান মেয়ে হলেও তার তুলনায় অনেকটাই ম্লান ঠেকেছে আমার কাছে।

তারেক মাসুদ ১৯৫৬ সালের ৬ ডিসেম্বর ফরিদপুরের ভাঙ্গা উপজেলার নূরপুর গ্রামে জন্মগ্রহণ করেন। ভাঙ্গা ঈদগাহ মাদ্রাসা থেকে তাঁর শিক্ষাজীবনের শুরু। এর পর তিনি ভর্তি হন ঢাকার লালবাগের একটি মাদ্রাসায়। সেখানে থেকেই পরে মাওলানা পাস করেন এবং ১৯৭১ সালের মুক্তিযুদ্ধের সময় তাঁর মাদ্রাসা জীবনের পরিসমাপ্তি ঘটে। স্বাধীনতার পর তিনি সাধারণ শিক্ষা গ্রহণে ব্রত হন এবং ঢাকা বিশ্ববিদ্যালয়ে ইতিহাস বিষয়ে অনার্স ডিগ্রি ও মাস্টার্স কোর্স সম্পন্ন করেন। তারেক মাসুদ চলচ্চিত্র সংসদ আন্দোলনের একজন সক্রিয় সদস্য ছিলেন। আশির দশকের মধ্যভাগে শুরু হওয়া স্বাধীনধারা চলচ্চিত্র আন্দোলনের অগ্রগণ্য পথিকৃৎ তিনি। চিত্রশিল্পী এস.এম সুলতানের জীবনভিত্তিক প্রামাণ্যচিত্র আদম সুরত (১৯৮৯) নির্মাণের অংশ হিসেবে প্রায় সাত বছর তিনি শিল্পীর সান্নিধ্যে কাটান এবং সেই সময়েই তার সাংস্কৃতিক ও রাজনৈতিক দর্শনের ভিত্তি প্রতিষ্ঠিত হয়। তবে বিশ্ববিদ্যালয় জীবন থেকেই রাজনীতি,শিল্প-সংস্কৃতি ও দর্শনচর্চায় তিনি সবসময় যুক্ত ছিলেন। তিনি ছিলেন একজন বাংলাদেশী স্বাধীন চলচ্চিত্র পরিচালক, প্রযোজক, চিত্রনাট্যকার, লেখক এবং গীতিকার যিনি বাংলাদেশী চলচ্চিত্রকে তুলে ধরেছিলেন পুরো বিশ্বের সামনে। বাংলাদেশী চলচ্চিত্রে তাঁর অসাধারণ অবদানের জন্য ২০১২ সালে বাংলাদেশ সরকার তাঁকে দেশের সর্বোচ্চ বেসামরিক সম্মান একুশে পদকে ভূষিত করে।

চলুন ফিরে দেখি তাঁর নির্মিত শ্রেষ্ঠ কয়টি চলচ্চিত্রের প্রেক্ষিত। এসব ছবির মধ্যে রানওয়ে ছবিতে এদেশে জঙ্গিবাদ উত্থানের বিষয়ে সুস্পষ্ট একটা বার্তা দিতে পেরেছিলেন তিনি। মুক্তিযুদ্ধের ফুটেজনির্ভর প্রামাণ্যচিত্র মুক্তির গান (১৯৯৫) ছবির মাধ্যমে চলচ্চিত্রকার হিসেবে তারেক মাসুদ বাংলাদেশে ব্যাপকভাবে পরিচিত হয়ে ওঠেন। আমেরিকায় স্বল্পকালীন প্রবাসজীবনে তিনি আবিষ্কার করেন মার্কিন পরিচালক লিয়ার লেভিনের ধারণকৃত ১৯৭১ সালের ফুটেজ যা তাঁর জীবনের ধারা বদলে দেয়। লিয়ার লেভিনের ফুটেজ ও পৃথিবীর নানান প্রান্তে ছড়িয়ে ছিটিয়ে থাকা ফুটেজ মিলে তিনি ও আমেরিকায় জন্মগ্রহণকারী তাঁর স্ত্রী ক্যাথরিন মাসুদ মিলে নির্মাণ করেন মুক্তির গান, যা জহির রায়হানের স্টপ জেনোসাইড-এর পরে মুক্তিযুদ্ধের অন্যতম প্রামাণ্য দলিল হিসেবে বিবেচিত। মুক্তির গান 'ফিল্ম সাউথ এশিয়া' (১৯৯৭) থেকে বিশেষ সম্মাননা অর্জন করে। মুক্তির গান সারা দেশে বিকল্প পরিবেশনায় প্রদর্শিত হয় এবং বহুল জনপ্রিয় এই চলচ্চিত্রটি দেখে সাধারণ মানুষ মুক্তিযুদ্ধ নিয়ে যে প্রতিক্রিয়া ব্যক্ত করেন,তার ভিত্তিতে ভিডিও চলচ্চিত্র মুক্তির কথা (১৯৯৯) নির্মিত হয়। মুক্তির কথা প্রাধান্যশীল মধ্যবিত্তের বয়ানের বাইরে মুক্তিযুদ্ধের একটি ভিন্ন ভাষ্য নির্মাণ করে।
মুক্তির গান তারেক মাসুদকে দেশে চলচ্চিত্রকার হিসেবে প্রতিষ্ঠা এনে দেয়। তাঁর প্রথম পূর্ণদৈর্ঘ্য কাহিনীচিত্র মাটির ময়নার (২০০২) মাধ্যমে তারেক মাসুদ আন্তর্জাতিক খ্যাতি অর্জন করেন। মাটির ময়না ২০০২ সালে কান চলচ্চিত্র উৎসবে ফিপ্রেস্কি আন্তর্জাতিক সমালোচক পুরস্কারের আওতায় শ্রেষ্ঠ চলচ্চিত্রের পুরস্কার অর্জন করে এবং বৈশ্বিক পর্যায়ে বাংলাদেশে নির্মিত সবচাইতে আলোচিত চলচ্চিত্রে পরিণত হয়।

২০০১ সালের ১১ সেপ্টেম্বরের ঘটনা-পরবর্তী বৈশ্বিক প্রেক্ষাপটে মাটির ময়না পশ্চিমাবিশ্বে ব্যাপক মনোযোগ পায়। মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে নির্মিত এটি পরিচালকের আত্মজৈবনিক এক চলচ্চিত্র, যাতে মাদ্রাসাপড়ুয়া এক বালকের দৃষ্টিতে মুক্তিযুদ্ধের বিভিন্ন ঘটনা ছাড়াও বাংলার লোকজ সংস্কৃতি ও দর্শন প্রতিভাত হয়েছে। মাটির ময়না ইউরোপ ও আমেরিকায় বাণিজ্যিকভাবে সিনেমা হলে মুক্তি পায় এবং বাণিজ্যিকভাবে চলচ্চিত্রটির ডিভিডিও প্রকাশিত হয়। তাঁর উল্লেখযোগ্য আরও কয়েকটি চলচ্চিত্র হলো অন্তর্যাত্রা (২০০৬), নরসুন্দর (২০০৯) এবং রানওয়ে (২০১০)। অন্তর্যাত্রা চলচ্চিত্রে যুক্তরাজ্যে বসবাসরত অভিবাসী বাংলাদেশীদের আত্মপরিচয় অনুসন্ধানে বার বার শেকড়ের টানে ফিরে আসার কাহিনী বর্ণিত হয়েছে। স্বল্পদৈর্ঘ্যের নরসুন্দর চলচ্চিত্রে প্রাধান্যশীল মুক্তিযুদ্ধের বয়ানের বিনির্মাণ দেখা যায়, যেখানে পাকিস্তানি সেনা ও রাজাকারদের ধাওয়া খেয়ে পলায়নরত এক মুক্তিযোদ্ধাকে তাদের হাত থেকে বাঁচিয়ে দেয় বিহারী নরসুন্দররা, যাদের সম্পর্কে সাধারণ ধারণা আছে যে তারা মুক্তিযুদ্ধের বিরোধিতা করেছিল। রানওয়ে চলচ্চিত্রে সমসাময়িক বাংলাদেশের নানান ইস্যুকে মোকাবেলা করা হয়েছে। বিশেষত ২০০৪-০৫ সালের জঙ্গিবাদের সমস্যাকে আলোকপাত করা হয়েছে। মৃত্যুর অব্যবহিত পূর্বে নির্মীয়মান চলচ্চিত্র কাগজের ফুল ছবির বিষয়বস্তু ছিল ১৯৪৭ সালের দেশবিভাগ। তারেক মাসুদ বাংলাদেশের প্রথম ভিডিও চলচ্চিত্র সোনার বেড়ি (১৯৮৫), প্রথম অ্যানিমেশন চিত্র ইউনিসন (১৯৯৪) ও প্রথম ডিজিটাল চলচ্চিত্র অন্তর্যাত্রা নির্মাণ করেন। তাঁর স্ত্রী ক্যাথরিন মাসুদ বেশ কয়েকটি চলচ্চিত্রে তারেক মাসুদের সাথে সহ-পরিচালনা ও সম্পাদনার কাজ করেছেন। স্বল্পদৈর্ঘ্য, পূর্ণদৈর্ঘ্য, প্রামাণ্যচিত্র ও অ্যানিমেশন মিলিয়ে তিনি মোট ১৬টি চলচ্চিত্র নির্মাণ করেছেন।
তিনদিন পর তাঁরা ঢাকা চলে যাবেন তাঁদের নিজস্ব গাড়িতে করে। আমিও যাব একইদিন ট্রেনে। টিকিট কাটা আছে আগে থেকে সে হিসেবেই। তাঁরা আমাকে ট্রেনে যেতে না দিয়ে তাঁদের সাথে গল্প করে যাওয়া যাবে বলায় নির্ধারিত দিনে একসাথে ঢাকা অভিমুখে রওয়ানা করলাম আমরা। পথিমধ্যে কত হাসি গল্প! এরমাঝে দু'জন আমার কাছে জানতে চান,তাঁদের সৃষ্টি কোন মুভিটি সবচেয়ে ভালো লেগেছে আমার। আমার তাৎক্ষণিক জবাব,'অন্তর্যাত্রা'। এবার প্রশ্ন এর কোন দৃশ্যটি বেশি মন ছুঁতে পেরেছে আমার। আমার জবাব শেষ দৃশ্যটি। ট্রেন কুয়াশাচ্ছন্ন ভোরে যখন ঢাকা শহর প্রবেশ করতে থাকে এবং সারা যাকের ও তাঁর তনয় প্রথম শ্রেণীর কামরায় বসে সিরিয়াস পারিবারিক বিষয়ে কথা বলতে ব্যাপৃত হন। আমার একথা শুনেই তাঁরা সমস্বরে চিৎকার দিয়ে বলে ওঠেন, এই ছবি এবং এ দৃশ্যটি তাঁদেরও খুব পছন্দের! কয়েকদিন পর ঢাকা থেকে বাগানে ফিরলাম আমি। এর কিছুদিন পরই ২০১১ সালের ১৩ আগস্ট তাঁর পরবর্তী চলচ্চিত্র কাগজের ফুল-এর শূটিংস্পট নির্বাচন করে ফেরার পথে মানিকগঞ্জের ঘিওরে এক মর্মান্তিক সড়ক দুর্ঘটনায় নিহত হন তিনি। তারপরও ক্যাথরিনের সাথে ফোনে কথা হয়েছে আমার। কিন্তু দেশ ছাড়ার পর সেই যোগসূত্রটি একেবারেই ছিন্ন হয়ে যায় একসময় আমার।

খেলা পাগল

মাসুম আহমদ

গল্প

নাসু খুব খেলাপাগল ছেলে। ক্রিকেট এবং ফুটবল খেলা তার খুব প্রিয়। এই দুই খেলার পিছনেই সারাক্ষণ থাকে। খেলার জন্য সে সকাল-সন্ধ্যা, নাওয়া-খাওয়া সব ভুলে যায়।

নাসুদের মহল্লার একদম শেষপ্রান্তে একটা খেলার মাঠ আছে। রোদ, ঝড়, বৃষ্টি সবকিছু উপেক্ষা করে সে সব সময় সবার আগে গিয়ে মাঠে উপস্থিত হয়। এবং সবার শেষে মাঠ থেকে ঘরে ফিরে। খেলার মাঠ থেকে দেরিতে ফেরার জন্যে সে তার মায়ের কাছে কত যে গালি খেয়েছে, তার হিসেব করে মিলানো যাবে না।

কিন্তু দুঃখের বিষয় হলো, মহল্লার ছেলেরা কোনদিনও নাসুকে তাদের সাথে খেলায় নেয় না। তারা নাসুকে সব সময় টুয়েলভথম্যানের ভূমিকায় রাখে। সেও খুব নিষ্ঠার সাথে দিনের পর দিন সেই দায়িত্ব পালন করে আসছে। খেলার আগে ওরা যখন ওয়ার্মআপ করে, তখন নাসু তাদেরকে ওয়ার্মআপে সাহায্য করে। কারোর পানির বোতল এগিয়ে দেয়, কারোর জুতা-মোজা এগিয়ে দেয়, কারো হাত-পা ম্যাসেজ করে দেয়। খেলা শুরুর আগে সবার ব্যাগ এক জায়গায় জড়ো করে রাখা হয়। নাসুর ওপর প্রায়ই সে ব্যাগগুলা পাহারা দেয়ার দায়িত্ব পড়ে। সে খুব মনোযোগ দিয়ে সেই দায়িত্ব পালন করে।

খেলার মাঠের এক পাশে একটা ছোট খাল আছে এবং অন্যপাশে একটা দেয়াল আছে। প্রায়ই বল গিয়ে সে খালে পড়ে, মাঝেমাঝে দেয়ালের ওপাশে গিয়ে পড়ে। খেলা শুরু হওয়ার পর নাসুর প্রধান কাজ হলো বল যখন খালে গিয়ে পড়ে, তখন খাল থেকে বল তুলে নিয়া আসা। আর বল যখন দেয়ালের ওপাশে গিয়ে পড়ে, তখন দেয়াল টপকে গিয়ে ওপাশ থেকে বল নিয়ে আসা।

কিন্তু নাসুর খুব ইচ্ছে হয় সবার সাথে মাঠে খেলতে। প্রত্যেক দিন সে মনে মনে দোয়া করে তাদের দলে যেন মানুষ কম পড়ে। তাহলে হয়ত তারা তাকে দলে খেলতে নিবে। কিন্তু কেন জানি তাদের দলে মানুষ কম হলেও তারা নাসুকে খেলায় নেয় না। সে নিজ থেকে খেলতে চাইলে ওরা সবাই তাকে তুচ্ছ করে বলে— 'আরে তুই আর কি খেলবি! আমাদের বল যে এনে দিচ্ছিস, আমাদের ফুটফরমাশ যে খাটছিস, সেটাই তো তোর জন্য অনেক বড় কিছু।' সবাই নাসুকে তুচ্ছতাচ্ছিল্য করে। তাতে তার খুব একটা মন খারাপ লাগে না। কারণ এগুলো সইতে সইতে সে অভ্যস্ত হয়ে গেছে। কিন্তু তাকে ছেলেরা খেলায় নেয় না, সেটার জন্য তার মন সব সময় খারাপ হয়।

একদিন এরকম মন খারাপ নিয়ে নাসু তাদের দলের অধিনায়ক জুয়েল ভাইয়ের কাছে যায়। গিয়ে অনুরোধ করে যেন তাকে তাদের সাথে খেলায় নেয়া হয়। কিন্তু জুয়েল ভাই রাজি হলো না। একসময় সে জুয়েল ভাইয়ের পায়ে ধরে বলে—'ভাই! সপ্তাহে অন্তত একদিন আমাকে আপনাদের সাথে খেলায় নিন।' কিন্তু উনি পা দিয়ে নাসুকে ধাক্কা দিয়ে বললেন, 'আচ্ছা ঠিক আছে, একটা শর্তে তোকে আমাদের সাথে খেলায় নিতে পারি।'

নাসু জিজ্ঞেস করলো,'কী শর্ত ভাই?'
উনি উত্তরে বললেন,'যদি তুই আমাদের এমন কিছু করে দেখাতে পারিস, যেটা এই মাঠের অন্য কেউই করে দেখাতে পারেনি বা পারবে না। এমন আলাদা কিছু করে দেখাতে পারবি? যদি পারিস তাহলে তোকে আমরা খেলায় নিবো'
নাসু কিছুক্ষণ চুপ থেকে বলে, 'জুয়েল ভাই আমি আপনার শর্তে রাজি।'
জুয়েল ভাইয়ের সাথে কথা হওয়ার তিনদিন পর সবাই মাঠে খেলছে। যথারীতি বল উড়ে খালে গিয়ে পড়লো। নাসুকে বলা হলো বল খাল থেকে তুলে নিয়ে আসতে। নাসু বল তুলে আনতে গেল। বল হাতে নিয়ে চারদিকে তাকাল। তারপর বলটা আসমানের দিকে ছুঁড়ে মারল। বল শূন্যে মিশে গেল।

মাঠের সবাই অবাক হয়ে হা করে আসমানের দিকে তাকিয়ে রইলো! বলের অস্তিত্ব কোথাও কেউ খুঁজে পেল না। নাসু অধিনায়ক জুয়েল ভাইয়ের কাছে গিয়ে আস্তে করে বলল- 'ভাই! আলাদা কিছু করে দেখালাম! আপনি শর্ত দিয়েছিলেন আলাদা কিছু করে দেখালে আমাকে খেলায় নিবেন। এখন খেলায় নিবেন তো?'

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় এলামনাই এসোসিয়েশন উত্তর আমেরিকা ইন্‌ক

কার্যকরী কমিটির নির্বাচন (মেয়াদকাল ২০২২-২০২৩)

নির্বাচনী তফসিল

- **মনোনয়ন পত্র বিতরণ ঃ ২০ ও ২১ নভেম্বর ২০২১ শনিবার ও রবিবার**
  সময়ঃ সন্ধ্যা ৫টা - রাত ৭টা
- **মনোনয়ন পত্র জমা ঃ** প্রার্থীদের নিকট থেকে ধার্য্যকৃত ফি, বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ ডিগ্রীর সনদপত্রের কপি, এছাড়াও সভাপতি,সাধারণ সম্পাদক এবং কোষাধ্যক্ষ পদের জন্য US PASSPORT / PERMANENT RESIDENT CARD -এর কপিসহ **মনোনয়ন পত্র জমা দেয়ার শেষ তারিখ ২১ নভেম্বর ২০২১ রবিবার** সময় ঃ সন্ধ্যা ৬টা - রাত ৮টা
- **মনোনয়ন পত্র বাছাই ঃ** ২২ নভেম্বর ২০২১ সোমবার, সময়ঃ সন্ধ্যা ৬টা - রাত ৮ টা
- **মনোনয়ন পত্র প্রত্যাহার ঃ** ২৪ নভেম্বর ২০২১ বুধবার, সময়ঃ সন্ধ্যা ৬টা - রাত ৮ টা
- **নির্বাচন ঃ** ২৮ নভেম্বর ২০২১ রবিবার, সময়ঃ সন্ধ্যা ৬টা - রাত ৮ টা
- **নির্বাচন কমিশনের অস্থায়ী কার্যালয়** (শুধুমাত্র উল্লেখিত তারিখ ও সময়ের জন্য) ঃ
  Sandwip Association Office, 480 McDonald Ave. (Basement), Brooklyn, NY 11218

পদপ্রার্থী ফি - এর হার

সভাপতি	$ ৫০০.০০
সিনিয়র সহ সভাপতি	$ ২০০.০০
সহ সভাপতি	$ ২০০.০০
সাধারণ সম্পাদক	$ ৩০০.০০
সহ-সাধারণ সম্পাদক	$ ১৫০.০০
কোষাধ্যক্ষ	$ ১৫০.০০
গণসংযোগ ও সাংগঠনিক সম্পাদক	$ ১৫০.০০
সাংস্কৃতিক সম্পাদক	$ ১৫০.০০
ম্যাগাজিন ও প্রকাশনা সম্পাদক	$ ১৫০.০০
ক্রীড়া ও সমাজ কল্যাণ সম্পাদক	$ ১৫০.০০
সদস্য - ১১ জন (প্রতিজন)	$ ১০০.০০

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র -ছাত্রী ভাই-বোনদেরকে নির্বাচনী কর্মসূচিতে অংশগ্রহন ও সহযোগিতা করার জন্য বিনীত অনুরোধ জানাচ্ছি।

ধন্যবাদান্তে -

রেজাউল করিম সগীর
প্রধান নির্বাচন কমিশনার ৩৪৭-৬৮৬-৫৬৬৪

অধ্যাপক নোয়াব মিয়া
নির্বাচন কমিশনার ৬৪৬-৬৪২-৭৭৯৫

মোহাম্মদ আনোয়ারুল করিম
নির্বাচন কমিশনার ৭১৮-৫০২-৫৯৩৪

নতুন সদস্যপদ গ্রহন ও পুরাতন সদস্যপদ নবায়নের আহবান

উত্তর আমেরিকায় বসবাসরত চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের প্রাক্তন ছাত্র-ছাত্রী ভাই-বোনদেরকে আগামী ১৫ নভেম্বর ২০২১ সোমবার রাত ৯ টার মধ্যে সংগঠনের নির্ধারিত সদস্য ফরম যথাযথভাবে পূরণ করে ইমেইলে পাঠিয়ে নতুন সদস্যপদ গ্রহন এবং যারা ২০১৯ সালে সদস্যপদ নবায়ন করতে পারেন নাই তাঁদেরকে নবায়ন করে ভোটার হবার জন্য বিনীত অনুরোধ জানানো যাচ্ছে।

উল্লেখ্য, কমিটির সিদ্ধান্ত অনুযায়ী করোনাকালীন স্বাস্থ্য ঝুঁকি এড়ানোর জন্য ২০১৯ সালে যারা নবায়ন করেছেন এবং ২০১৯ সাল থেকে এযাবৎ যারা নতুন সদস্যপদ গ্রহণ করেছেন এবারের নির্বাচনে তাঁদের সদস্যপদ বহাল থাকবে। শুধুমাত্র যারা নতুন সদস্যপদ গ্রহন করতে আগ্রহী এবং যারা ২০১৯ সালে সদস্যপদ নবায়ন করতে পারেন নাই তাঁরা বিনা ফিতে শুধুমাত্র সদস্য ফরম পূরণ ও বিশ্ববিদ্যালয়ের সর্বশেষ ডিগ্রীর সনদপত্রের কপি ইমেইলে পাঠিয়ে সদস্যপদ গ্রহন / নবায়ন করে ভোটার হবার সুযোগ গ্রহন করতে পারবেন।

সদস্য ফরম সংগ্রহ ও পূরণ করে পাঠানোর ইমেইল ঠিকানা ঃ
ctgualumni@gmail.com

ধন্যবাদান্তে –

এম. এ. আজিজ নঈমী
সভাপতি
৬৪৬-২৬৯-৯০৫১

এস. এম. ইকবাল ফারুক
সাধারণ সম্পাদক
৯২৯-২৬১-২১৬১

ctgualumni@gmail.com

কমিউনিটির সেবায় ৩ বছর
PRINTING & SIGNS
T-SHIRTS HOODIES
YOUR DESIGN HERE
YOUR DESIGN HERE
CUSTOM GIFTS
WEB DESIGN
PHOTOS
IJ CREATIVE SOLUTIONS
Printing, Design & IT Services
কমিউনিটির সাথে, কমিউনিটির পাশে
929-372-7445
www.ijcreative.solutions
Printhillside@gmail.com
159-07 Hillside Ave. Jamaica, NY 11432

ফ্যাশন সৌন্দর্য্যের সুষমা আত্মপরিচয়ের প্রতীক!

আবেদীন কাদের

সংস্কৃতির সঙ্গে ফ্যাশনের সম্পর্ক বহু দিনের। সমাজবিজ্ঞানীরা ফ্যাশন নিয়ে গবেষণা করছেন এবং এর সঙ্গে সমাজের সম্পর্কের বিষয়টি খতিয়ে দেখছেন বিভিন্ন দিক থেকে। এটি নিঃসন্দেহে ব্যক্তির একক এবং সমাজের সামগ্রিক পরিচয়ের প্রতীক! অন্যদিকে এর সঙ্গে রয়েছে পুঁজি এবং বাজারের সম্পর্ক, ব্যক্তির ঝোঁক, চারিত্র এবং মনোজগতের বাস্তব পরিচয়। এটিকে অনেকে আন্তসমাজের অনুকরণ বা অনুসরণের সেতু হিশেবেও বিবেচনা করেন। তবে সবার আগে প্রয়োজন ফ্যাশনের সংজ্ঞা নির্ধারণ। কিন্তু সেটি খুব সহজ নয়, এমনকি সমাজবিজ্ঞানীদের কাছেও ফ্যাশনের সংজ্ঞা এক ধরনের প্রহেলিকা দ্বারা আচ্ছন্ন!

একদিকে সাম্প্রতিক কালে যেমন সমাজবিজ্ঞানী ইউনি কাওয়ামুরা ফ্যাশন বিষয়ে তাত্ত্বিক আলোচনা করেছেন তাঁর বইয়ে, তেমনি তাঁর সমকালীন অন্য দুই সমাজবিজ্ঞানী হোইয়াইট ও গ্রিফিথ অনেক গভীর গবেষণালব্ধ উপাত্ত দিয়ে আলোচনা করেছেন তাঁদের বইতে, কী করে ফ্যাশন দেশকালের গণ্ডী ছাড়িয়ে বৈশ্বিক এক জীবন-চারিত্র হয়ে দাঁড়াচ্ছে! তাঁদের বক্তব্য অনুযায়ী, ‘ In Sociological studies fashion plays the role which has been allotted to Drosophilia, the fruit fly in the science of genetics.’

আজকের বিখ্যাত সংস্কৃতি ও ফ্যাশনবিষয়ক গবেষক ইউনি কাওয়ামুরার বক্তব্য সংস্কৃতি এবং পুঁজি অখণ্ড বিষয় এবং এই দুটোই ফ্যাশনের জনক এবং পরিচর্যাকারী। ফ্যাশনের উৎপত্তি, অর্থাৎ এই শব্দ বা ভাবনার উৎপত্তি অনেক আগে, দ্বাদশ শতকের ফরাসীদেশে, Facon শব্দ থেকে। যার আদি উৎস সম্ভবত ল্যাটিন শব্দ Factio শব্দ থেকে। এই শব্দের অর্থ ছিল ‘সবাই মিলে বা সমবেতভাবে কিছু করা’। এর অন্তর্গত ইঙ্গিত Taste and Change, যা রুচি হিশেবে ধরা হয়। অন্যদিকে এর সঙ্গে যুক্ত ল্যাটিন শব্দ Modus বা রীতি, এবং আজকের দিনে যাকে আমরা ম্যানার্স বলে থাকি। কিন্তু ইউরোপীয় রেনেসাঁর কাল থেকে এর অর্থের ধরন বদলাতে থাকে, বিশেষ করে চিত্রশিল্পীরা যখন থেকে পোশাকের নকশা সৃষ্টির সঙ্গে জড়িত হলেন। তখন থেকে নারী দেহের সৌন্দর্য পোশাকের নকশায় অদৃশ্যভাবে প্রভাব ফেলতে শুরু করে। অর্থাৎ ‘ফ্যাশন’ অনেকখানি নারীর আকর্ষণের কাছাকাছি নিয়ে এলো। ভোক্তারা যাতে নারীর অনুষঙ্গ, বিশেষ করে নারীদেহের সৌন্দর্য-ছোঁয়া যৌন আভামিশ্রিত অনুরণন পোশাকের নকশায় অনুভব করতে পারে সেদিকে দৃষ্টি দেয়া হলো। এটা বলা যায় ইউরোপীয় পুঁজিবাদের বা ‘মডার্ন’ সমাজের সমান বয়সী। তবে সমাজবিজ্ঞানী স্টিল আধুনিক ফ্যাশনের আদি উৎস জাপানের সংস্কৃতিকে নির্দেশ করেছেন তাঁর গবেষণায়, কাওয়ামুরা সেটাকে কিছুটা সমর্থন করেন। কিন্তু জাপানী সৌন্দর্য্যবোধ ইউরোপীয় সৌন্দর্য্যবোধ থেকে আলাদা এর নারীদেহের লহরী নির্মাণের দিক থেকে। সেখানে যৌনতার ছোঁয়া অপেক্ষাকৃত অনেক কম। কিন্তু আধুনিক ফ্যাশন জগৎ ইউরোপীয় ধারাকেই বেশি অনুসরণ করতে দেখা যায়।

ভারতে নারীদের হাজার বছরের পোশাক শাড়ি। এই শাড়ির নকশা হয়তো যুগে যুগে বদলায়, কিন্তু ফ্যাশন হিশেবে শাড়ি পরিধান একেবারে আদি ও অনন্য প্রতীক।

এদেশে বড় হলেও জেফরিন ফারুক ফ্যাশন ভাবনায় ভোলেননি নিজের শিকড়কে। ছবি: উত্তরের নকশা

থ্যাংকসগিভিংয়ের মজাদার রান্না

সবাইকে থ্যাংকসগিভিংয়ের আগাম শুভেচ্ছা। কিছু মজাদার দেশীয় স্টাইলের রেসিপি নিয়ে আমি **ছন্দা খান** হাজির হয়েছি। আশা করছি রেসিপিগুলো সবার ভাল লাগবে।

দেশীয় স্টাইলে টারকি

উপকরণ : ১ম ধাপ

একটি ১৮-২০ পাউন্ডের টারকি, গোলমরিচ গুঁড়া ২ চা চামচ, অনিয়েন পাউডার ২ চা চামচ, গারলিক পাউডার দেড়চা চামচ, জিনজার পাউডার ১ টেবিল চামচ, লেমন পেপার পাউডার ১ চা চামচ, রোজমেরি ১ চা চামচ, অরিগেনো২ চা চামচ, বাটার ১৬ টেবিল চামচ, লবন স্বাদমতো, লেবুর রস দেড় টেবিল চাম।

দ্বিতীয় ধাপ: ব্রাউন সুগার ১/৪ কাপ, বাটার ৮ টেবিল চামচ,, গরম মসলার গুঁড়া ১ চা চামচ, লাল মরিচ গুঁড়া ১ টেবিল চামচ, গোলমরিচ গুঁড়া ১ চা চামচ, জিরা গুঁড়া ১ চা চামচ, গারলিক পাউডার ১ চা চামচ, ফুড কালার হাফ চা চামচ, ২কাপ কমলার রস।

প্রণালী : প্রথমে হালাল টারকিটি রুম টেম্পেরেচারে ৩ ঘণ্টা রেখে দিতে হবে। এবার একে একে ১ম ধাপের মসলাগুলো একসাথে মিক্স করে টারকির চামরার নিচে এবং উপরে আলতোভাবে মাখাতে হবে। মাখানো শেষ হলে টারকির পেটের ভেতর আসতো রসুন, কয়েক ফালি আদা, একটি মাঝারি সাইজের পেঁয়াজ, কিছু ধনেপাতা, কিছু তাজা রোজমেরি, কয়েকটি তেজপাতা, দারুচিনি, এলাচ, লং দিয়ে ১৫ মিনিট মাখিয়ে রেখে সুতা দিয়ে ভাল করে বেঁধে ওভেনকে প্রিহিট করতে দিতে হবে। এখন ৪২০ ডিগ্রি ফারেনহাইটে ৩০ মিনিটের জন্য টারকিটিকে বেক করতে হবে উপরে হাল্কা তেল ব্রাশ করে। বেক হতে হতে ২য় ধাপের উপকরণগুলো বাটার ছাড়া বাকি সবগুলো মিতক্স করতে হবে।এবার রুম টেম্পেরেচারে রাখা বাটার দিয়ে ভালো করে মিক্স করে টারকিটিকে এপিট ওপিট করে মাখাতে হবে। মাখানো হলে ৩৭৫ ডিগ্রি ফারেনহাইটে ৩০ মিনিটের জন্য টারকিটিকে বেক করতে হবে। এভাবে আবারো মসলাগুলো মাখিয়ে ৩৫০ ডিগ্রি ফারেনহাইটে ৩০ মিনিটের জন্য টারকিটিকে বেক করতে হবে। টোটাল ২ ঘন্টার জন্য টারকিটিকে বেক করতে হবে। এবার ওভেন থেকে বের করে সুন্দর করে বিভিন্ন ফল দিয়ে সাজিয়ে পরিবেশন করুন মজাদার জুছি দেশীয় স্টাইলে করা টারকি।

ম্যাসটড পটেটো

উপকরণ : বড় ৩টি আলু, ১কাপ চিকেন ব্রত , ১টি পেঁয়াজ, ৩ কোয়া রসুন, ৮ টেবিল চামচ বাটার, দুধ ১কাপ , পারমিজান চিজ হাফ কাপ।

প্রণালী : প্রথমে আলুগুলো ছিলে হাফ করে কেটে চিকেন ব্রত, পেঁয়াজ, রসুন দিয়ে সেদ্ধ করতে হবে। সেদ্ধ হয়ে গেলেবিটার বা হ্যান্ড ম্যাসার দিয়ে আলুগুলো রুম টেম্পেরেচারে রাখা বাটার দিয়ে ম্যাস করতে হবে। এবার একে একেরুম টেম্পেরেচারে রাখা দুধ, পারমিজান চিজ দিয়ে মাখিয়ে পরিবেশন করুন মজাদার ম্যাসটড পটেটো।

রোসটেড ব্রাসেলস স্প্রাউট

উপকরন: ব্রাসেলস স্প্রাউট ২ পাউন্ড , ১/৪ কাপ মেল্টেড বাটার, ২ টেবিল চামচ অলিভ অয়েল, রসুন ৪কোয়া, হাফচা চামচ গোলমরিচের গুঁড়া, ১/৪ কাপ পারমিজান চিজ, লবন স্বাদমতো।

প্রনালী: প্রথমে ব্রাসেলস স্প্রাউটগুলো হাফ করে কেটে এতে রসুন কুচি, মেল্টেড বাটার, অলিভ অয়েল, গোলমরিচের গুঁড়া, লবণ দিয়ে মাখিয়ে ট্রেতে ঢেলে ৪৭৫ ডিগ্রি ফারেনহাইটে ২০ মিনিটের জন্য ওভেনে বেক করতে হবে। এবার পারমিজান চিজগুলো ছড়িয়ে আরো ৫ মিনিট বের করে ওভেন থেকে নামিয়ে পরিবেশন করুন।

বেকড ম্যাক এন্ড চিজ

উপকরণ: দেড় কাপ এলবো পাস্তা, বাটার ২ টেবিল চামচ, অনিয়েন পাউডার ১ চা চামচ, গারলিক পাউডার ১ চাচামচ, অরিগেনো ১ চা চামচ, গোলমরিচ গুঁড়া হাফ চা চামচ, লবন স্বাদমতো, ভেলভেট চিজ হাফ কাপ, চেডার চিজ১ কাপ, মন্ট্রিল জ্যাক চিজ হাফ কাপ, পারমিজান চিজ হাফ কাপ, ডিম দুটো, দুধ ১ কাপ।

প্রণালী: এলবো পাস্তাগুলো অল্প লবণ আর পানি দিয়ে সেদ্ধ করতে হবে। সেদ্ধ হলে পাস্তাগুলো ছেঁকে এতে একেএকে রুম টেম্পেরেচারে রাখা বাটার, অনিয়েন পাউডার, গারলিক পাউডার, অরিগেনো, গোলমরিচ গুঁড়া, লবণস্বাদমতো, ভেলভেটচিজ, চেডার চিজ, মন্ট্রিল জ্যাক চিজ, পারমিজান চিজ দিয়ে ভালো করে মিক্স করতে হবে। এবার দুধে ডিম দিয়ে বিট করে মিশ্রণটি সবকিছুর উপরে ঢেলে মিক্স করে, একটু বাটার দিয়ে মাখানো ডিশে ঢেলে উপরে অল্প চেডার চিজ এবং পাপরিকা ছিটিয়ে ৩৭৫ ডিগ্রি ফারেনহাইটে ৪৫ মিনিটের জন্য ওভেনে বেক করতে হবে। ওভেন থেকে বের করে পরিবেশন করুন মজাদার বেকড ম্যাক এন্ড চিজ।


GOLDEN AGE HOME CARE
GOLDEN AGE
HOME CARE
Licensed Home Health Care Agency
CDPAP Service
HHA/ PCA Service
Skilled Nursing
Most Popular Home Care Agency
প্রশিক্ষণ ছাড়াই ঘরে বসে আপনজনকে সেবা দিয়ে অর্থ উপার্জন করুন
MAKE MONEY BY SERVING YOUR RELATIVES AT HOME WITHOUT TRAINING
JACKSON HEIGHTS HEAD OFFICE
71-24 35th Avenue Jackson Heights, NY 11372
Ph: 718-775-7852, Fax: 917-396-4115
BRONX OFFICE
831 Burke Avenue
Bronx, NY 10467
Ph: 347-449-5983
Fax: 347-275-9834
BROOKLYN OFFICE
509 Mcdonald Ave
Brooklyn, NY 11218
Ph: 347-781-2778
Fax: 917-396-4115
JAMAICA OFFICE
164-05 Hillside Ave
Jamaica, NY 11432
Ph: 718-674-6002
Fax: 917-396-4115
Email: info@goldenagehomecare.com
www. goldenagehomecare.com
Shah Nawaz MBA
President & CEO
Ph: 646-591-8396

MHC

Marks Home Care

মার্কস্ হোম কেয়ার

- প্রশিক্ষণ এবং সার্টিফিকেট ছাড়াই উপার্জনের সুযোগ।
- প্রিয়জনের সান্নিধ্যে সর্বোচ্চ স্বাস্থ্যসেবা
- আকর্ষণীয় সাপ্তাহিক আয়ের নিশ্চয়তা

আমরা নুতন গ্রাহক
এবং
এজেন্সী ট্রান্সফার
সাদরে গ্রহণ করছি।

We Welcome
Agency Transfers
and New Clients.

FOLLOW US ON
@markshomecareofficial @markshomecareofficial
FOR LATEST EVENTS, PRIZES AND GIVEAWAYS

বিস্তারিত জানতে কল করুন
718-697-7707
E-mail : info@markshhc.com | www.markshhc.com

Bronx
1232 Virginia Ave
Bronx, NY 10472

1514 Castle Hill Ave
Bronx, NY 10462

Brooklyn
413 Bay Ridge Ave
Brooklyn, NY 11220

219 Church Ave
Brooklyn, NY 11218

1122 Coney Island Ave
Suite 220 (2nd fl.)
Brooklyn, NY 11230

1208 Liberty Ave
Brooklyn, NY 11208

Queens
40-04 Junction Blvd
Corona, NY 11368

37-20 74th Street
Jackson Heights
NY 11372

148-37 Hillside Ave
Jamaica, NY 11435

Hicksville
217 Bethpage road
Hicksville
NY 11801

Buffalo
1049 Broadway St.
Suite # 4
Buffalo, NY 14212

প্রথম আলো
Prothom Alo North America
11 November 2021, Thursday, 5th Year, Issue 243, 40 Pages
১১ নভেম্বর ২০২১, ২৭ কার্তিক ১৪২৮, ৬ রবিউস সানি ১৪৪৩, বৃহস্পতিবার

ইসলাম

পিতা-মাতার প্রতি সন্তানের কর্তব্য ইসলামের নির্দেশনা

শামীম সিদ্দিকী

পবিত্র কোরআনে সর্বাবস্থায় এবং সব বয়সেই পিতা-মাতার সঙ্গে সদ্ব্যবহার করা ওয়াজিব ঘোষণা করা হয়েছে। পিতা-মাতা যখন বার্ধক্যে উপনীত হন, তখন তারা সন্তানের সেবাযত্নের মুখাপেক্ষী হয়ে পড়েন। অনেক পিতা-মাতার জীবন অসহায় হয়ে পড়েন। তাঁদের জীবন সন্তানের দয়া ও কৃপার ওপর নির্ভরশীল হয়ে যায়। এই অসহায় অবস্থায় তখন যদি সন্তানের কাছ থেকে সামান্যও অসহযোগিতা বা বিমুখতা প্রকাশ পায়, তবে তাঁদের অন্তরে তা ক্ষত হয়ে দেখা দেয়। পিতা-মাতার সেবাযত্ন ও আনুগত্য কোনো বয়স ও সময়ের গণ্ডিতে সীমাবদ্ধ নয়। কিন্তু দুঃখের বিষয় বর্তমানে আমরা সেবাযত্নেও শ্রেণীভাগ করে ফেলেছি, বিশেষ করে পিতা-মাতা বার্ধক্যে উপনীত হলে তথাকথিত আধুনিক বৃদ্ধাশ্রম নামক কারাগারে পাঠিয়ে

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ২

যুক্তরাষ্ট্রে মুদ্রাস্ফীতি বেড়েই চলেছে

উত্তর আমেরিকা অফিস

যুক্তরাষ্ট্রের বার্ষিক মুদ্রাস্ফীতি গত ৩০ বছরের মধ্যে সর্বোচ্চ পর্যায়ে পৌঁছেছে। নিত্যপ্রয়োজনীয় সামগ্রীর ঊর্ধ্বমূল্য, সরবরাহ লাইনের সংকট, জ্বালানি গ্যাসের ঊর্ধ্বগতি যুক্তরাষ্ট্রের অর্থনীতিকে বিপর্যস্ত করে তুলেছে।

১০ নভেম্বর বুধবার মার্কিন শ্রম বিভাগের প্রকাশিত তথ্যে বলা হয়েছে, ভোক্তা মূল্যসূচক ৬ দশমিক ২ শতাংশ বেড়েছে আগের মাসের তুলনায়। বিষয়টি প্রেসিডেন্ট জো বাইডেনের জন্য মাথাব্যথার কারণ হয়ে দাঁড়িয়েছে। অর্থনৈতিক বিশ্লেষকরা বলছেন, ভোক্তা মূল্যসূচকের এমন দ্রুত বৃদ্ধি ১৯৯০ সালের পরে আর হয়নি। জ্বালানি তেলের মূল্য মাত্র এক মাসে বেড়ে গেছে ৪ দশমিক ৮ শতাংশ। উৎসব মৌসুম শুরু হওয়ার সাথে সাথে আমেরিকার অভ্যন্তরে যাতায়াত বাড়ছে। পেট্রোল, ডিজেলের

মূল্য প্রতিদিন টের পাওয়া যাচ্ছে। শীত মৌসুম আসার সাথে সাথে হিটিং সিস্টেমে ব্যবহার করা তেলের মূল্য বৃদ্ধি সাধারণ মানুষের ওপর চাপ সৃষ্টি করছে। জ্বালানি তেলের মূল্য বৃদ্ধির প্রভাব পড়ছে অন্যান্য ক্ষেত্রেও। বেড়ে যাচ্ছে পরিবহন মূল্য।

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

২০২২ সালে স্টিমুলাস চেক পাবেন নবজাতক শিশুর অভিভাবকেরা

এইচ বি রিতা

অসম্ভাব্য হলেও সত্য যে, ফেডারেল সরকার এই সময়েও চতুর্থ স্টিমুলাস চেক বিতরণ করার সিদ্ধান্ত নিয়েছে। তবে সেটা সবার জন্য নয়। এই স্টিমুলাস চেকে শুধুমাত্র সেই সব বাবা-মায়েরাই বিবেচিত হয়েছেন, যাঁরা ২০২১ সালে একটি সন্তানের জন্ম দিয়েছেন। ২০২১ এর ট্যাক্স রিটার্ন দাখিল করার পরে বাবা-মায়েরা অতিরিক্ত ১,৪০০ ডলার পাবেন।

তবে ২০২১ সালে জন্ম নেয়া শিশুটির জন্য মাসিক ট্যাক্স ক্রেডিট কিস্তি পেতে আইআরএস'কে জানাতে হবে এবং ফার্স্ট টাইম ডিপেন্ডেন্ট হিসাবে শিশুকে অন্তর্ভুক্ত করতে হবে। যেকোনো একক অভিভাবক

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ৫

নিউইয়র্কের ভিন্নধারার ভাস্কর আখতার আহমেদ রাশা

রওশন হক

সারা বিশ্বের শিল্প-সাহিত্যের মিলনে নিত্যকোলাহলের নগর যুক্তরাষ্ট্রের নিউইয়র্ক। এ নগরের ইটের পাঁজরে যেমন চাপা পড়ে বোধ ও বোধির মর্মব্যথা, তেমনি পাওয়া যায় শিল্প ও ঐশ্বর্যের সোনালি হাতছানি। নিউইয়র্কে বসবাসরত বাংলাদেশী জনসমাজের মধ্যে দীর্ঘদিন থেকে বাস করছেন ভাস্কর আখতার আহমেদ রাশা।

ভাস্কর আখতার আহমেদ রাশা জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি সাহিত্য নিয়ে লেখাপড়া করেছেন। ইংরেজী সাহিত্যের ছাত্র হয়েও আখতার আহমেদ রাশা একজন অসাধারন ভাস্কর্য শিল্পী। যিনি সেই মাধ্যম ব্যবহার করেন, যা আমাদের অধিকাংশ ভাস্কর ব্যবহার করেন না। রাশা প্রকৃতি প্রেমী। তিনি ড্রিফটউড, বাকল, শেকড় নিয়ে কাজ করেন। জানালেন প্রকৃতিতে খুঁজে পাওয়া উপাদানই তাঁর শিল্পকর্মে তিনি ব্যবহার করে থাকেন বেশি করে। কাঠের প্রতিটি টুকরোর আলাদা টেক্সচার আছে এবং শিল্পী রাশার হাতে এসব কাঠের টুকরো

আখতার আহমেদ রাশা

অনন্য শিল্পকর্ম হয়ে ওঠে।

বিশিষ্ট ভাস্কর আখতার আহমেদ রাশার "অগ্রজ সান্নিধ্য শিল্প সন্ধ্যা" শিরোনামে চতুর্থ একক শিল্প প্রদর্শনী অনুষ্ঠিত হয়ে গেল নিউইয়র্কের জুইশ সেন্টারে। শিল্পীর এ প্রদর্শনীতে বরাবরের মতই রয়েছে শেকড়ের সঙ্গে তাঁর নিগূঢ় বন্ধনের গল্প। কবি যেমন কবিতায় সাজান কথামালা, ঠিক তেমনি কুড়িয়ে আনা কাঠ দিয়ে তিনি

এরপর পৃষ্ঠা ২৬ কলাম ১

CORE CREDIT REPAIR
ক্রেডিট লাইন নিয়ে সমস্যায় পড়েছেন?
ক্রেডিট লাইনের কারণে বাড়ী-গাড়ী কিনতে পারছেন না? তাহলে এখনই ঠিক করে নিন আপনার ক্রেডিট লাইন
TAX Liens Charge-Offs • Inquiries • Collections • Garnishment • Bankruptcy • Late Payments
Call us 646-775-7008
www.cmscreditsolutions.com
Mohammad A Kashem, Credit Consultant
37-42, 72nd St, Suite#1D, Jackson Heights NY 11372
Email: kashem2003@gmail.com

বারী হোম কেয়ার
BARI HOME CARE
আরও বিস্তারিত বিজ্ঞাপন দেখুন ১৯ পৃষ্ঠায়

ম্যারিল্যান্ডে বাড়ি ক্রয় বিক্রয়ে সহযোগিতার জন্য কল করুন
"REALTOR, YOU CAN DEPEND ON"
RE/MAX PROS
Hashan Chowdhury, Realtor
Mobile: 301-675-1822
Office: 301-916-1400
Fax: 301-916-0282
মোবাইল: ৩০১-৬৭৫-১৮২২
অফিস: ৩০১-৯১৬-১৪০০
ফ্যাক্স: ৩০১-৯১৬-০২৮২
Realtorchowdhury@gmail.com
12810 Wisteria Dr, #300
Germantown, MD 20874

কর্ণফুলী ট্যাক্স
KARNAFULLY TAX SERVICES INC.
www.karnafullytax.com
ইনকাম ট্যাক্স | কর্পোরেট ট্যাক্স | সেলস ট্যাক্স
পেরোল | বিজনেস সেটআপ
ইমিগ্রেশন | নোটারী পাবলিক
IRS ENROLLED AGENT
PH: 718-205-6040
37-20 74th Street, 2Fl, Jackson Heights
Mohammed Hasem, EA, MBA
MBA in Accounting
IRS Enrolled Agent
IRS Certifying Acceptance Agent

হোমকেয়ার সেবার জন্য যোগাযোগ করুন
মেডিকেইড প্রোগ্রামের আওতায় আপনজনের সেবা করে ঘরে বসে অর্থ উপার্জন করুন
কোন অভিজ্ঞতার প্রয়োজন নেই
এটি সম্পূর্ন আইনসম্মত
মি.জাফর/রেহানা, কো-অর্ডিনেটর
কর্পোরেট অফিস: ৩৭-০৫ ৭৪ স্ট্রিট, ২য় তলা, জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১
ব্রঙ্ক অফিস: ২১৪৮ স্টারলিং এভিনিউ, ব্রঙ্ক, নিউইয়র্ক ১০৪৬২, টেলিফোন: ৬৪৬-৩৭১-৩৪৬১

We are expert on
Home, Commercial Building
Business Insurance & Auto
Coming Soon TLC
Tarik Chowdhury, President
Fatema NYC Insurance Brokerage
167-17 Hillside Ave (2nd Fl.), Jamaica NY-11432
718-398-6511 | 718-607-9002

খলিল বিরিয়ানীতে আসুন
"বাইতেন বিরিয়ানী" এর স্বাদ নিন
KHALIL BIRYANI & HALAL CHINESE
2062 McGraw Ave, Bronx
NY 10462, Ph: 347-621-2884
KHALIL BIRYANI HOUSE
1445 Olmstead Ave. Bronx
NY 10462 Ph: 718-483-8904
www.khalilsfood.com
HALAL

OPEN 7 DAYS
IATA Accredited Agent
Best service is our Goal
Hajj & Umrah
RAHMANIA TRAVEL SERVICES
TICKETS: DOMESTIC & INTERNATIONAL
কম খরচে বাংলাদেশসহ বিশ্বের যেকোন দেশে ভ্রমণের জন্য আজই যোগাযোগ করুন
হজ ওমরাহ
718-205-3270, 646-322-1654
WINTER SALE !!
স্বল্প ফি'তে বাংলাদেশে দ্রুত ও নিরাপদে টাকা পাঠান
37-15,73rd Street, Bangladesh Plaza, Suite # 203, Jackson Heights, NY 11372

Immigrant Elder Home Care LLC
হোম কেয়ার
বিস্তারিত দেখুন ১৮ পৃষ্ঠায়

বাঙালীদের সর্ববৃহৎ ট্রাভেল এজেন্ট
Bangla Travel
JACKSON HEIGHTS NEW YORK
IATA | ARC
সবচেয়ে কম দামের গ্যারান্টি দিচ্ছি
7305 37th Road, Jackson Heights, NY 11372
Phone: 917-396-4140, 917-592-7828
সুপার সেল $649+
MOHAMMAD B HOSSAIN (BELAL) President & CEO

MTR Electric
Murad Hussain
আপনি কি বাসায় কিংবা অফিসে সিকিউরিটি ক্যামেরা, বিদ্যুৎ সংযোগ বাড়ি রেনোভেশন করতে চান? আজই আমাদের কল করুন।
MRT Electric, 347-251-7335, Email: muradhussain0907@gmail.com

Home & Habitat Realty Corp.
নিউইয়র্কে বাড়ী ক্রয় বিক্রয়ের বিশ্বস্ত প্রতিষ্ঠান
516-460-8260
Mohammed Islam, Branch Manager
646-724-6417
সুলভ মূল্যে বাড়ী ক্রয় বিক্রয়
71-20 35th Ave, Jackson Heights, NY 11372

মতিন MOTIN
An Icon of Growth & Development
Sweets & Masala

Mohammed A Azad MBA
Real Estate Developer
Libertyrenovation04@gmail.com
917-346-8207
বাজেটের মধ্যে আপনার স্বপ্নের বাড়ি ইনডোর এবং আউটডোর সংস্কার, পুনর্নির্মানে একটি বিশ্বস্ত প্রতিষ্ঠান।
যে কোন আয়তনের কিচেন, বাথরুম, ফ্যামেলি রুম, অফিসসহ সম্পূর্ণ বাড়ির সংস্কার করা হয়।

জ্যামাইকার সাটফিন বুলেভার্ডে এই প্রথম বাংলাদেশি ডাক্তার
আমরা ইমিগ্রেশনের জন্য মেডিকেল করি
আমাদের সেবাসমূহ
যত্নসহকারে পূর্ণাঙ্গ স্বাস্থ্যসেবা দেওয়া হয়
প্রাইমারি কেয়ার/ইন্টারনাল মেডিসিন
রক্ত, প্রস্রাব, ইকেজি, সনোগ্রাম, এলার্জি পরীক্ষার ব্যবস্থা আছে
হজ ও ওমরাহ যাত্রীদের জন্য ফ্লু/ভ্যাকসিন
জব, স্কুল, টিএলসি সম্পর্কিত শারীরিক পরীক্ষা (ফিজিক্যাল এক্সাম)
হেলথ ইনসুরেন্স ছাড়া রোগীদের বিশেষভাবে চিকিৎসার ব্যবস্থা আছে
ফ্রি ব্লাড প্রেসার ও ডায়াবেটিস পরীক্ষার ব্যবস্থা আছে
স্কুল ফর্ম পূরণ, WIC ফর্ম, PAP Smear পরীক্ষা, ড্রাগ টেস্ট করা হয়
স্কুল–কলেজের জন্য প্রয়োজনীয় টিকা দেওয়া হয়।
প্রেগন্যান্সি টেস্ট করা হয়।
অন্য সব ধরনের চিকিৎসা অত্যন্ত যত্নসহকারে করা হয় এবং পরার্মশ দেওয়া হয়।
আমরা প্রায় সব ধরনের ইনসুরেন্স গ্রহণ করে থাকি।
আমাদের অফিস প্রায় ৭ দিনই খোলা।
আপনি জানেন কি?
বাংলাদেশি ও ভারতীয় অভিবাসীদের হৃদরোগের আশঙ্কা অন্যান্য আমেরিকানদের চেয়ে বেশি।
আপনার কোলেস্টেরল, ব্লাড প্রেসার, ডায়াবেটিস, হার্টের অসুখ, থাইরয়েড, এ্যাজমা (হাঁপানি), বাতের ব্যথা, চর্মরোগ, এলার্জি, যৌন রোগসহ যাবতীয় মেডিকেল সমস্যার জন্য পরীক্ষা এবং চিকিৎসা করিয়ে নিন।
নিয়মিত শারীরিক পরীক্ষা ও বয়স অনুযায়ী নির্ধারিত SCREEN করিয়ে ভবিষ্যৎ রোগের আশঙ্কা সম্পর্কে জেনে নিন।
মোহাম্মদ এ. ওয়াহিদ, এমডি, বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
রুবিনা আক্তার, এমডি, বোর্ড সার্টিফাইড মেডিসিন বিশেষজ্ঞ
WAHID MEDICAL PLLC
147-28, Hillside Avenue, Jamaica, NY-11435
Tel: 718-487-3671, Fax: 718-487-3715

সম্পাদক: ইব্রাহীম চৌধুরী কর্তৃক মুদ্রিত ও পরিবেশিত: ৩৭-১৮, ৭৩ স্ট্রিট, সুট # ২০২ জ্যাকসন হাইটস, নিউইয়র্ক ১১৩৭২, ফোন: ৭১৮- ৩০৮ - ৫০২০, ই-মেইল: নিউজ: news@prothomalony.com, বিজ্ঞাপন: cm@prothomalony.com